# ধাতুকথা

(সানুবাদ)

ডাঃ সিতাংশু বিকাশ বড়ুয়া

এম,বি,বি,এস; এফ,সি,পি,এস।

**DHATU-KATHA**
( Pali with Bengali Translation )
**DR. SITANGSHU BIKASH BARUA**
*M. B. B. S ; F. C. P. S.*

প্রকাশক : শ্রীমৎ বুদ্ধ রক্ষিত মহাস্থবির
প্রথম প্রকাশ : পৌষ, ১৩৯৬,
জানুয়ারী, ১৯৯০ ইং

মুদ্রণে : প্রজ্ঞা প্রিন্টার্স
২৬, মোমিন রোড, চট্টগ্রাম।

মূল্য : ষাট টাকা মাত্র।

প্রাপ্তিস্থান :

১। নীলিমা ভবন
রাউজান, দক্ষিণ পাড়া
চট্টগ্রাম, বাংলাদেশ।

২। শ্রীকমলাংশু বড়ুয়া
'অবকাশ'
১৫, জামাল খাঁন লেইন, চট্টগ্রাম।

৩। ডাঃ সিতাংশু বিকাশ বড়ুয়া
এম, বি, বি, এস ; এফ, সি, পি, এস,
৬১১/সি, মেহেদীবাগ রোড, চট্টগ্রাম।

৪। শ্রীত্রিদিব কুমার বড়ুয়া
ডায়মণ্ড কেমিক্যাল ওয়ার্কস্
৫২, মোমিন রোড, চট্টগ্রাম।

# সূচীপত্র


| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | ভূমিকা | ক—খ |
| ২। | মাতিকা | (১) |

## ধাতুকথা (পালি)

| | | |
|---|---|---|
| ৩। | উদ্দেসো | ১ |
| ৪। | পঠমনয়ো—সঙ্গহাসঙ্গহ পদনিদ্দেসো | ৩ |
| ৫। | দুতিয়নয়ো—সঙ্গহীতেন অসঙ্গহীত পদনিদ্দেসো | ৩০ |
| ৬। | ততিয়নয়ো—অসঙ্গহীতেন সঙ্গহীত পদনিদ্দেসো | ৩২ |
| ৭। | চতুত্থনয়ো—সঙ্গহীতেন সঙ্গহীত পদনিদ্দেসো | ৩৫ |
| ৮। | পঞ্চমনয়ো—অসঙ্গহীতেন অসঙ্গহীত পদনিদ্দেসো | ৩৭ |
| ৯। | ছট্‌ঠনয়ো—সম্পযোগ বিপ্পযোগ পদনিদ্দেসো | ৪৬ |
| ১০। | সত্তমনয়ো—সম্পযুত্তেন বিপ্পযুত্ত পদনিদ্দেসো | ৫৯ |
| ১১। | অট্‌ঠমনয়ো—বিপ্পযুত্তেন সম্পযুত্ত পদনিদ্দেসো | ৬১ |
| ১২। | নবমনয়ো—সম্পযুত্তেন সম্পযুত্ত পদনিদ্দেসো | ৬২ |
| ১৩। | দসমনয়ো—বিপ্পযুত্তেন বিপ্পযুত্ত পদনিদ্দেসো | ৬৮ |
| ১৪। | একাদসমনয়ো—সঙ্গহীতেন সম্পযুত্ত বিপ্পযুত্ত পদনিদ্দেসো | ৭৯ |
| ১৫। | দ্বাদসময়ো—সম্পযুত্তেন সঙ্গহীত অসঙ্গহীত পদনিদ্দেসো | ৮২ |
| ১৬। | তেরসমনয়ো—অসঙ্গহীতেন সম্পযুত্ত-বিপ্পযুত্ত পদনিদ্দেসো | ৮৮ |
| ১৭। | চুদ্দসমনয়ো—বিপ্পযুত্তেন সঙ্গহীতা-সঙ্গহীত পদনিদ্দেসো | ৯২ |

## ধাতুকথা (বঙ্গানুবাদ)

| | | |
|---|---|---|
| ১৮। | উদ্দেশ | ১০৯ |
| ১৯। | প্রথম পরিচ্ছেদ—শ্রেণীবিভাগ পদনিদ্দেশ | ১১২ |

২০। দ্বিতীয় পরিচ্ছেদ—শ্রেণীভুক্ত এবং শ্রেণীবহির্ভূত পদনির্দ্দেশ ১৪৩
২১। তৃতীয় পরিচ্ছেদ—শ্রেণীবহির্ভূত ও শ্রেণীভুক্ত পদনির্দ্দেশ ১৪৬
২২। চতুর্থ পরিচ্ছেদ—শ্রেণীভুক্ত এবং শ্রেণীভুক্ত পদনির্দ্দেশ ১৫০
২৩। পঞ্চম পরিচ্ছেদ—শ্রেণীবহির্ভূত এবং শ্রেণীবহির্ভূত পদনির্দ্দেশ ১৫২
২৪। ষষ্ঠ পরিচ্ছেদ—সম্প্রযোগ ও বিপ্রযোগ পদনির্দ্দেশ ১৬২
২৫। সপ্তম পরিচ্ছেদ—সম্প্রযুক্ত ও বিপ্রযুক্ত পদনির্দ্দেশ ১৭৯
২৬। অষ্টম পরিচ্ছেদ—বিপ্রযুক্ত ও সম্প্রযুক্ত পদনির্দ্দেশ ১৮২
২৭। নবম পরিচ্ছেদ—সম্প্রযুক্ত এবং সম্প্রযুক্ত পদনির্দ্দেশ ১৮৪
২৮। দশম পরিচ্ছেদ—বিপ্রযুক্ত এবং বিপ্রযুক্ত পদনির্দ্দেশ ১৯১
২৯। একাদশ পরিচ্ছেদ—সম্প্রযুক্তে এবং বিপ্রযুক্ত হতে শ্রেণীভুক্ত পদনির্দ্দেশ ২০৪
৩০। দ্বাদশ পরিচ্ছেদ—সম্প্রযুক্তে শ্রেণীভুক্ত এবং শ্রেণীবহির্ভূত পদনির্দ্দেশ ২০৮
৩১। ত্রয়োদশ পরিচ্ছেদ—সম্প্রযুক্তে এবং বিপ্রযুক্ত হতে শ্রেণীবহির্ভূত পদনির্দ্দেশ ২১৫
৩২। চতুর্দশ পরিচ্ছেদ—বিপ্রযুক্তে শ্রেণীভুক্ত এবং শ্রেণীবহির্ভূত পদনির্দ্দেশ ২২০
৩৩। পরিশিষ্ট—ধাতুকথাপ্রকরণ অট্‌ঠকথা ২৩৫-২৬৪

# ভূমিকা

ধাতুকথা ( সানুবাদ ) গ্রন্থ প্রকাশের পশ্চাতে যাঁদের অবদান অতীব শ্রদ্ধার সহিত উল্লেখ করতে হয়, তাঁরা হলেন রামু মেরেংলোয়া বৌদ্ধ বিহারের বিহারাধ্যক্ষ শ্রদ্ধেয় **শ্রীমৎ সত্যপ্রিয় মহাস্থবির** এবং ষষ্ঠ সংগীতিকারক. বিচিত্র ধর্মকথিক, ধর্ম ভাণ্ডাগারিক, ত্রিপিটকধর শ্রদ্ধেয় **শ্রীমৎ বুদ্ধরক্ষিত মহাস্থবির।** বাংলাভাষায় এবং বাংলা অক্ষরে ত্রিপিটকের অভিধর্ম গ্রন্থসমূহের একান্ত অভাব প্রত্যক্ষ করে আমি শ্রদ্ধেয় শ্রীমৎ সত্যপ্রিয় মহাস্থবিরকে ষষ্ঠ সংগীতিতে অনুমোদিত অভিধর্ম পিটকের কয়েক খণ্ড গ্রন্থ বার্মিজ অক্ষর হতে বঙ্গাক্ষরে পরিবর্তন করার জন্য অনুরোধ করেছিলাম। তিনি আমার এই অনুরোধে অভিধর্ম পিটকের ধর্ম সঙ্গণী, বিভঙ্গ এবং ধাতুকথা বার্মিজ অক্ষর হতে বঙ্গাক্ষরে পরিবর্তন করে আমার নিকট পাঠায়ে দেন।

ইত্যোমধ্যে ষষ্ঠ সংগীতিকারক শ্রদ্ধেয় শ্রীমৎ বুদ্ধরক্ষিত মহাস্থবির বৌদ্ধদের সামাজিক উন্নয়নের জন্য কিছু টাকা দান করার প্রস্তাব দিলে আমি তাঁকে এই টাকা দিয়ে একটা বই ছাপায়ে প্রকাশ করার জন্য অনুরোধ করেছিলাম। তিনি অত্যন্ত প্রফুল্লতার সহিত অভিধর্মপিটকের "ধাতুকথা" গ্রন্থটি ছাপায়ে দেয়ার জন্য রাজী হয়ে যান। ভিক্ষান্ন গ্রহণ করে দক্ষিণা বাবৎ যাহা টাকা পয়সা পান, তাহা দিয়ে একটা বই ছাপায়ে প্রকাশ করার মনোবৃত্তি দেখায়ে শ্রদ্ধেয় বুদ্ধরক্ষিত মহাস্থবির এক বিরল দৃষ্টান্ত স্থাপন করেছেন। অনেক বৌদ্ধভিক্ষু নিজের টাকায় অথবা চাঁদা সংগ্রহ করে স্বলিখিত বই ছাপায়ে প্রকাশ করেছেন—এই দৃষ্টান্ত ভুড়ি ভুড়ি আছে। কিন্তু নিজের টাকা দিয়ে ত্রিপিটকের একটা বই ছাপায়ে দিয়ে শ্রদ্ধেয় বুদ্ধরক্ষিত মহাস্থবির বৌদ্ধ ভিক্ষুদের মধ্যে একটা নূতন আদর্শ-স্থাপন করেছেন।

"ত্রিপিটক" গ্রন্থ 'বিনয়' 'সুত্ত' এবং 'অভিধর্ম' নামক পিটকত্রয়ের সমষ্টি এবং এই গ্রন্থগুলি পালি ভাষায় লিখিত। বিনয়পিটকে বৌদ্ধ ভিক্ষুদের

সুন্দর এবং উন্নত জীবন গঠনের জন্য বৌদ্ধসঙ্ঘ সম্বন্ধীয় নিয়মাবলী লিপিবদ্ধ আছে, সুত্তপিটকে ভগবান বুদ্ধ প্রদত্ত ধর্মোপদেশ সমূহ সংগৃহীত হয়েছে এবং অভিধর্ম পিটকে দার্শনিকভাবে রূপারূপের বিচার বিশ্লেষণ করে পরমার্থ সত্য প্রদর্শিত হয়েছে। অভিধর্ম-পিটকে বৌদ্ধ ধর্মের অতিরিক্ত ব্যাখ্যা এবং বিস্তারিত বিশ্লেষণ আছে। তাই অভিধর্মের বিষয়বস্তু বড়ই জটিল, ব্যাপক এবং সূক্ষ্ম। প্রথমে বৌদ্ধ ধর্মের মূল আদর্শ ও উদ্দেশ্য সম্বন্ধে সম্যক জ্ঞানার্জন করে অভিধর্ম সম্বন্ধে পড়াশুনা করলে ধর্মের অতিরিক্ত বিষয় উপলব্ধি করা যেতে পারে। তাই অভিধর্ম অতি মনোযোগের সহিত ধৈর্য্য সহকারে বার বার পড়তে হয়। এখানে মানুষের মনোজগতের অতি সূক্ষ্ম শ্রেণীকরণের মাধ্যমে রূপারূপের পরিচয় প্রদর্শন করে বৌদ্ধদের চরম ও পরম লক্ষ্য নির্বাণ সাক্ষাতের প্রধান বিষয়গুলি ব্যাখ্যাত হয়েছে। তবে আমাদের স্মরণ রাখতে হবে যে নীতি ব্যতীত কেহ সম্যক প্রজ্ঞার অধিকারী হতে পারে না। নীতি বর্জিত ব্যক্তি পশুর সমান। নীতি বিসর্জন দিয়ে কোন লক্ষ্য বস্তুর নিকট উপনীত হওয়া যায় না। বৌদ্ধধর্ম মূলতঃ নীতি প্রধান মনোবিজ্ঞান। ধর্ম বিনয়ের আদর্শকে সম্মুখে রেখে অভিধর্ম জ্ঞানার্জনের মাধ্যমে প্রকৃত প্রজ্ঞার অধিকারী হওয়া যায়। তাই বৌদ্ধধর্মে নির্বাণ সাক্ষাতের জন্য শীল, সমাধি ও প্রজ্ঞাকে আদর্শ হিসাবে গৃহীত হয়েছে।

অভিধর্মপিটক সাত খণ্ডে বিভক্ত। যথা :—(১) ধর্মসঙ্গণী, (২) বিভঙ্গ, (৩) ধাতুকথা (৪) পুগ্‌গলপঞ্‌ঞত্তি (৫) কথাবত্থু (৬) যমক এবং (৭) পট্‌ঠান। প্রকৃত পক্ষে ধর্মসঙ্গণী গ্রন্থে অভিধর্মের বিষয়বস্তু উপস্থিত করে উহাকে অন্যান্য গ্রন্থে বিস্তারিত আলোচনা করে পট্‌ঠানে সমাপ্ত করা হয়েছে। তাই ধর্মসঙ্গণী অভিধর্মপিটকের শুধু প্রথম বই নহে ; ইহা অভিধর্ম আলোচনার প্রাথমিক বইও বটে।

মনোজগতের জটিল দুর্বোধ্য এবং সূক্ষ্ম চিত্তচৈতসিক বিষয়কে শ্রেণীকরণ করে ২২টি ত্রিক এবং ১০০টি দুক নামক 'মাতিকা'র সাহায্যে ধর্মসঙ্গণী গ্রন্থে অভিধর্মের প্রাথমিক আলোচনার সূত্রপাত করা হয়েছে। অভিধর্ম

শিক্ষার "মাতিকা" সম্বন্ধে সম্যক, জ্ঞান থাকা একান্ত প্রয়োজন। বৌদ্ধ ধর্মের মুল দর্শন অনিত্য, দুঃখ এবং অনাত্মাকে ভিত্তিকে জগতে সত্ত্বগণের উৎপত্তিবিলয়ের ঘটনা প্রবাহের ব্যাখ্যায় রূপারূপের স্বভাব ও আচরণকে বিচার-বিশ্লেষণ করে অভিধর্ম পিটকে "মাতিকা" পদ্ধতি গৃহীত হয়েছে। বৌদ্ধধর্মে অভিধর্ম-আলোচনা মূলতঃ বিশ্লেষণাত্মক। মাতিকা পদ্ধতিতে বিশ্লেষণের ধারা নিয়মতান্ত্রিক এবং সুস্পষ্টরূপে প্রকাশক। তাই 'মাতিকা'র পুর্ব-পরিকল্পনা ও সূত্রের অধীনে অভিধর্ম বিষয়ের বিচার বিশ্লেষণ সীমাবদ্ধ। মাতিকার মূল পরিকল্পনা বা কাঠামো হতে বর্ধিত হয়ে অভিধর্মের আলোচ্য বিষয়গুলি একটা পরিপুর্ণ রূপ ধারণ করে। ফলতঃ যদিও 'মাতিকা' একটা বিষয়ের সূচী হিসাবে গৃহীত হয়েছে; প্রকৃতপক্ষে মাতিকা তাহা নহে। মাতিকা অভিধর্ম আলোচনার কেন্দ্রীয় অংশ অথবা বিশ্লেষণাত্মক অবকাঠামোর ধারা যাহা হতে পরবর্তী আলোচনা বর্ধিত আকার ধারণ করে। তদুপরি ত্রিপিটকের বিষয় আবৃত্তি করার জন্য প্রাচীন এবং ঐতিহ্যগত মাতিকা শিক্ষার্থীদের উপাদানের স্থিতিশীল উৎস হিসাবে কাজ করে এবং শিক্ষার্থীদের অভিধর্ম উপলব্ধি করতে এবং অভিধর্ম আলোচনা গবেষণা করতে উপকৃত করে।

সাত খণ্ড অভিধর্ম পিটকে প্রত্যেক খণ্ডের নিজস্ব 'মাতিকা' আছে। "মোহবিচ্ছেদানী" (পালি টেক্সট্ সোসাইটী কর্তৃক ১৯৩১ খৃষ্টাব্দে মুদ্রিত) নামক অর্থকথায় মাতিকা সম্বন্ধে বিশদ ব্যাখ্যা আছে। কশ্যপ স্থবির তাঁর শিষ্যদের একান্ত অনুরোধে এই পুস্তিকা প্রণয়ন করেন। 'মূলপাঠ' ব্রহ্মদেশে 'নয়টা কনিষ্ঠাঙ্গুল হাত বইয়ের' ( Nine Little finger's Manuals ) একটা বই হিসাবে গণ্য। খৃষ্টীয় ত্রয়োদশ শতাব্দীর প্রথম দিকে দাক্ষিণাত্যের চোল প্রদেশে "নাগানণ বিহারে" ইহা খুব সম্ভবতঃ রচিত হয়েছিল। মূলপাঠ—ধর্মসঙ্গণী হতে পট্ঠান পর্যন্ত সকল অভিধর্মের অতি প্রয়োজনীয় সংক্ষিপ্ত বই।

আমরা এই ধাতুকথা গ্রন্থের প্রথম দিকে ধাতুকথার 'মাতিকা' সমূহের বিশেষ পরিচয় দিয়ে মাতিকার গণনা শ্রেণীকরণ উল্লেখ করেছি। ধাতুকথা

পাঠ করতে গেলে সর্বপ্রথম এই মাতিকা সম্বন্ধে সম্যক ধারণা থাকতে হবে। তাই মাতিকা বারবার পড়তে হবে এবং প্রয়োজন বোধে মুখস্থ করতে হবে। মাতিকার বিষয়বস্তু এবং গণনাশ্রেণীকরণ আমি মূল পট্ঠান ছেয়াদ-উ-নারদ লিখিত 'Discourse on Elements ( Dhatu-Katha )' নামক ইংরেজী গ্রন্থ হতে বাংলায় অনুবাদ করেছি।

ধাতুকথা গ্রন্থ ছাড়া ত্রিপিটকের বিভিন্ন গ্রন্থে "ধাতু" সম্বন্ধে বিশদ ব্যাখ্যা আছে। সুত্ত পিটকের অন্তর্গত দীর্ঘ নিকায়ে এবং মধ্যম নিকায়ে "সতিপট্ঠান সুত্তে" "ধাতু-মনসিকার" নামক অধ্যায় আছে। তাহা ছাড়া মধ্যম নিকায়ে "মহাহত্থিপদোপম সুত্তে" "ধাতু বিভঙ্গে" এবং "রাহুলোবাদ সুত্তে" ধাতু সম্বন্ধে আলোচনা আছে। সংযুক্ত নিকায়ে "ধাতুসংযুক্ত" বলে একটা অধ্যায় আছে। অভিধর্ম পিটকের বিভঙ্গ গ্রন্থে "ধাতু বিভঙ্গ" এবং যমক গ্রন্থে "ধাতু যমক" নামক অধ্যায়ে ধাতু সম্বন্ধে বিস্তারিত আলোচনা আছে। ধাতুকথা গ্রন্থে ১৪টা পরিচ্ছেদে ধর্মসঙ্গণীর ২২টি তিক এবং ১০০টা দুক মাতিকা সহ মোট ৩৭১টা ধর্ম স্কন্ধ, আয়তন ও ধাতুতে শ্রেণীকরণ করা হয়েছে এবং উহাদের সম্প্রযোগ ও বিপ্রযোগ দেখানো হয়েছে।

'ধাতু' বলতে যারা নিজ নিজ স্বভাব ধারণ করে, তাদের বুঝায় ( অত্তনোসভাবং ধারেন্তী'তি ধাতুয়ো )। ধাতুকে আর ভাঙ্গানো যায়না বা অন্য কোন পরিবর্তন করা যায় না। ধাতু বলতে কোন বস্তুর গুণবাচক অর্থ নির্দেশ করে। তাই প্রকৃতপক্ষে ধাতু বস্তুর শূন্যতা নির্দেশ করে। আমাদের দৃশ্যতঃ বস্তু যেহেতু ধাতুর নিয়ে গঠিত, পারমার্থিকভাবে আমি, তুমি, সে, পাহাড়, পর্বত, স্ত্রী, পুরুষ প্রভৃতি শূন্যতায় নির্দেশ করে। কারণ একমাত্র শাশ্বত এবং অসংস্কৃত নির্বাণ ব্যতীত ধাতু সমূহ সকল জড়াজড়ের মৌলিক উপাদান।

ধাতু সমূহ স্থায়ীভাবে বিদ্যমান থাকে না। কার্য কারণের যথাযথ শর্তগুলি পূর্ণ হলে ধাতু সমূহ ইহাদের নিজস্ব গুণগত স্বভাব প্রদর্শনের জন্য এবং নিজস্ব গুণগত কর্ম সম্পাদানের জন্য উৎপত্তি হয় এবং নির্দিষ্ট কর্ম

সম্পাদনের পর নির্দিষ্ট সময়ে নিরুদ্ধ হয়। সুতরাং ধাতু সমূহের উৎপত্তি ও বিলয়ের ব্যাপারে কারও কোন অদৃশ্য হাত নেই এবং উহারা কারও দয়া দাক্ষিণ্যের উপর নির্ভর করে না, সে যতই ক্ষমতাবান বা শক্তিশালী হউক না কেন। অন্য কথায় ধাতু সমূহের উৎপত্তিতে কারও সম্পর্ক নেই; কারও পক্ষপাতিত্ব নেই এবং উহারা কারও অধীন নহে। উহাদের উদয়বিলয় সম্পূর্ণরূপে কার্যকারণের উপর নির্ভরশীল। যেমন— (১) দৃশ্যমান বস্তু, (২) চক্ষু-ইন্দ্রিয় (৩) আলো এবং (৪) মনস্কার — এই চারটা বিষয় বিদ্যমান থাকলে চক্ষুবিজ্ঞানধাতুর উৎপত্তি হয়। এই চারটা বিষয়ের বিদ্যমানে জগতের এমন কোন শক্তি নেই যাহা চক্ষুবিজ্ঞানধাতুর উৎপত্তি নিরোধ করতে পারে।

প্রকৃত পক্ষে ধাতু সমূহ জগতের সকল বস্তুর মৌলিক উপাদান। এক খণ্ড কাঠ জগতের সকল জড় বস্তু মত আট্‌টা অবিনিভাজ্য রূপ নিয়ে গঠিত। যথা —পৃথিবী, আপ, তেজ, বায়ু, বর্ণ, গন্ধ, রস এবং আহার (ওজঃ)। প্রত্যেক ধাতু নিজস্ব কর্ম সম্পাদন করে, কিন্তু অন্য ধাতু সমূহের কর্ম সম্পাদনে উহা সাহায্য করে না। তবে উহাদের উদ্ভবের জন্য উহারা পরস্পর পট্‌ঠানের (১) সহজাত প্রত্যয়, (২) অন্যোন্য প্রত্যয়, (৩) নিশ্রয় প্রত্যয়, (৪) অস্থি প্রত্যয় এবং (৫) অবিগত প্রত্যেয়ের সহিত নির্ভরশীল। যেমন চার মহাভূত উদ্ভব পট্‌ঠানের উপরিউক্ত প্রত্যয়ের সহিত ২৪ প্রকার মহাভূতোৎপন্ন রূপের উৎপত্তি নির্ভরশীল।

প্রাণী বল্‌তে অভিধর্ম মতে নামরূপের সমন্বয় বুঝায়। নামরূপ ২৮ প্রকার রূপ, ৫২ প্রকার চৈতসিক এবং ৮৯ প্রকার চিত্ত নিয়ে গঠিত। এই নামরূপের যথাযথ ধাতু সমূহ প্রত্যেক বারে একই সাথে উৎপত্তি এবং নিরোধ হয়। যেহেতু ধাতু সমূহ বস্তুনিরপেক্ষ গুণবাচক সংজ্ঞা মাত্র, উহারা বস্তু-রহিত শূন্যতা মাত্র। তাই আমরা শুধু ধাতু সমূহের উপস্থিতি দেখ্‌তে পাই। তাহাতে ধাতুর গুণগত কার্য দ্বারা কোন কঠিন পদার্থ দেখা যায় না। এই রূপ দৃষ্টিপাত করলে জগতে প্রত্যেক জড়াজড় পদার্থের কোন অস্তিত্ব দৃশ্য-

মান হয় না এবং কেবল শূন্যতাই প্রতীয় মান হয়।

কোন ঘটনা সংঘটন ছাড়াই ধাতু সমূহের উদয়-বিলয় হয়। ধাতু সমূহের জীবন্ত বৈশিষ্ট্য হচ্ছে নামরূপ। উহার কর্ম এবং চিত্ত সন্ততির দ্বারা উদ্ভূত তাপ। আগেই বলা হয়েছে যে তাদের উদয়বিলয় আছে। যখন উহাদের বিলয় হচ্ছে এবং একই পরিস্থিতি আর উদয় হচ্ছে না, তখন উহাদের মৃত্যু হয়েছে বলে বলা হয়। যেহেতু কোন সাহায্য ছাড়া আমরা চলতে, বলতে, শ্বাসপ্রশ্বাস নিতে বা অন্যান্য শারীরিক কাজ করতে পারি, সেহেতু আমরা ধারণা করি যে জীবন নামক পৃথক বস্তু আছে। সুতরাং প্রচলিত মতে আমরা মনে করি আমরা জীবন ধারণ করি। এতে আমাদের মনে জীবন সম্বন্ধে এক ধারণা জন্মে। তাতে মনে হয় সত্ত্বই জীব অথবা জীবই সত্ত্ব অথবা সত্ত্বই জীব ও শরীর। এভাবে আত্মার অস্তিত্ব ধারণা জন্মে। ভগবান তথাগত বুদ্ধ আত্মার অস্তিত্ব সম্বন্ধে মিথ্যা দৃষ্টি দূরীভূত করার জন্য ধাতুকথা ব্যাখ্যা করেছিলেন। প্রকৃত পক্ষে ধাতু সমূহের বস্তু নিরপেক্ষ গুণাবলী ছাড়া বাড়ি, মানুষ, আমি, তুমি সে বলতে কিছুই নেই। ধাতু-কথায় স্কন্ধ, আয়তন এবং ধাতু সবই অনাত্ম - একথা আলোচিত হয়েছে। সুতরাং আত্মা বলতে কিছু নেই। কেবলমাত্র স্কন্ধ, আয়তন এবং ধাতু সমূহের উৎপত্তি বিলয় আছে। প্রচলিত ভাষায় আমি, তুমি, ব্যক্তি, স্ত্রী, পুরুষ আছে বলে ধারণা করা হয় এবং অনেকে এই ধারণায় বশবর্তী হয়ে মিথ্যাদৃষ্টি পোষণ করে। একটু গভীরভাবে চিন্তা করলে ধাতু সমূহের উৎপত্তি বিলয় ছাড়া আর কিছুই দেখা যায় না। যদি এই উদয় বিলয়ের অনিত্যতা উপলব্ধি করা যায়, জগতে আমাদের অস্তিত্ব দুঃখ বলে প্রতীয়মান হয়। যারা দুঃখ মুক্তি লাভের সচেষ্ট হন, তারাই নির্বাণ সাক্ষাৎ করতে পারেন।

ধাতুকথা গ্রন্থ সম্বন্ধে সম্যক ধারণা অর্জন করতে হলে সর্বপ্রথম মূল পাঠের আলোচ্য বিষয় সম্বন্ধে জ্ঞান থাকতে হবে এবং স্কন্ধ, আয়তন ও ধাতুতে উহাদের শ্রেণীকরণ পদ্ধতির সাধারণ জ্ঞান অর্জন করতে হবে।

মাতিকায় আমরা ৩৭১টা আলোচ্য বিষয়ের পরিচয় দিয়েছি এবং উহাদের গণনাশ্রেণীকরণও উল্লেখ করেছি। প্রত্যেক পরিচ্ছেদের শেষে আলোচ্য বিষয়ের সংখ্যা দেখায়েছি। আমরা আবারও বলব মাতিকা সম্বন্ধে সম্যক ধারণা না থাকলে ধাতুকথা পাঠে কিছু উপলব্ধি করা যাবে না।

ধাতুকথার মূলপাঠে আমরা দু'টা পর্বে ভাগ করে নিতে পারি। যথা— (১) মাতিকা বা বিষয়সূচী এবং (২) প্রশ্নোত্তরে বিষয়ের বিশদ ব্যাখ্যা। মাতিকায় আলোচ্য বিষয় সম্বন্ধে শুধু পদ্ধতি ও বিষয় দেওয়া হয়েছে, তাহা নহে; মাতিকায় পদ্ধতির ভিত্তি ও রহে গেছে। এখানে ৫টা ভাগ আছে। যথা—(১) উদ্দেশ বা পদ্ধতি (২) আলোচ্য বিষয়ের অভ্যন্তর মাতিকা (৩) পদ্ধতির বৈশিষ্ট্য (৪) পদ্ধতির লক্ষণ সমূহ ও (৫) আলোচ্য বিষয়ের বাহির মাতিকা। (১) উদ্দেশ বা পদ্ধতি ১৪ প্রকারে উল্লেখ করে প্রশ্নোত্তরে মাধ্যমে পরবর্তী পর্য্যায়ে বিস্তারিতভাবে আলোচিত হয়েছে। (২) অভ্যন্তর মাতিকার আলোচ্য বিষয় ১০৫টা। বিভঙ্গ নামক গ্রন্থে এই বিষয়গুলি আলোচনা এলোমেলো এবং বিক্ষিপ্ত। তাই ধাতু কথায় উহাদের একত্রিত করে অভ্যন্তর মাতিকা নামে অভিহিত করা হয়েছে। অভ্যন্তর মাতিকায় সর্ব চিত্ত সাধারণ চৈতসিকের সাতটা স্পর্শগুচ্ছ হতে জীবিতেন্দ্রিয় ও একাগ্রতাকে বাদ দিয়ে চিত্ত ও অধিমোক্ষকে এই স্পর্শগুচ্ছে অন্তর্ভুক্ত করা হয়েছে। কারণ জীবিতেন্দ্রিয় শুধু রূপীয় জীবনে দরকার এবং একাগ্রতা সকল চিত্তে অন্তর্ভুক্ত নাই। চিত্ত ও অধিমোক্ষ স্কন্ধ, আয়তন ও ধাতু শ্রেণীকরণের সহিত সম্পর্ক যুক্ত। (৩) পদ্ধতির বৈশিষ্ট্য হচ্ছে—(ক) স্কন্ধ, আয়তন ও ধাতুর সহিত শ্রেণীকরণ করে আলোচ্য বিষয়গুলি শ্রেণীভুক্ত ও শ্রেণীবহির্ভূত করে দেখানো। আলোচ্য বিষয় অন্য কোন বিষয়ের সহিত শ্রেণীকরণ করা হয় নাই। (খ) আলোচ্য বিষয়গুলি চার প্রকার অরূপী স্কন্ধের সহিত সম্প্রযোগ ও বিপ্রযোগ দেখানো হয়েছে। এখানে রূপস্কন্ধ ও নির্বাণ সম্প্রযোগে ও বিপ্রযোগে বিবেচনা করা হয় নাই। কারণ উহারা পরস্পর সম্প্রযুক্তও নহে এবং বিপ্রযুক্ত ও নহে এবং চার অরূপীয় স্কন্ধ সব-সময় বিপ্রযুক্ত।

(৪) পদ্ধতির লক্ষণসমূহ আলোচ্য বিষয়ে স্কন্ধ, আয়তনে ও ধাতুতে শ্রেণীকরণ করা যায় কিনা দেখানো হয়েছে। যেমন—চক্ষু-আয়তন এবং শ্রোত্রায়তন রূপস্কন্ধের সহিত শ্রেণীভূক্ত এবং শ্রেণীকরণে একই লক্ষণ সমূহ বিদ্যমান। সুখ বেদনা ও দুঃখ বেদনা বেদনাস্কন্ধের সহিত শ্রেণীভূক্ত এবং শ্রেণীকরণে একই লক্ষণসমূহ বিদ্যমান। কিন্তু চক্ষু আয়তন ও সুখ বেদনা একই শ্রেণীভুক্ত নহে এবং উহাদের লক্ষণসমূহ ও একই নহে। তাহা ছাড়া একই সঙ্গে উৎপত্তি, একই সঙ্গে নিরোধ, একই অবলম্বনে স্থিতি এবং একই ভিত্তিতে অবস্থান প্রভৃতি চার লক্ষণে সম্প্রযোগ আছে কিনা দেখানো হয়েছে।
(৫) বাহির মাতিকায় ধর্মসঙ্গণীর ২২টি তিক এবং ১০০টা দুক ধাতুকথায় আলোচ্য বিষয় হিসাবে গৃহীত হয়েছে।

প্রশ্নোত্তরে বিশদ ব্যাখ্যার উদ্দেশ্য হচ্ছে অভিধর্মে পরমার্থ সত্যের দ্বারা বস্তুনিরপেক্ষ গুণাবলী প্রকাশিত করে উহাদের বিশদ ব্যাখ্যা দেওয়া এবং যুক্তি পূর্ব আলোচনা করা। ধাতুকথায় ও বস্তুর গুণাবলী স্কন্ধ, আয়তন ও ধাতুতে শ্রেণীভূক্ত করে দেখানো হয়েছে। এখানে সুত্ত পিটকের মত প্রচলিত ভাষায় সত্ত্ব, প্রাণী, স্ত্রী, পুরুষ, আমি, তুমি, পাহাড়, পর্বত প্রভৃতি বর্ণনাত্মক আলোচনা নেই। অভিধর্ম মতে এইগুলি জড়াজড়ের কতগুলি শব্দ মাত্র। প্রকৃতপক্ষে উহাদের কোন অস্তিত্ব নাই। জড় পদার্থ ৮টা অবিনিভাজ্য রূপ নিয়ে গঠিত এবং অজড় বা প্রাণী সমূহ নামরূপ বা পঞ্চোপাদান স্কন্ধের সমষ্টি মাত্র। জগতের বেশীর ভাগের লোকেরা এইরূপ বিকৃত ধারণা বা অন্ধ বিশ্বাস বা মত পোষণ করে যে বস্তুর একটা পৃথক অস্থিত্ব আছে এবং সেইরূপ প্রাণীদেরও একটা পৃথক সত্ত্বা বা অস্থিত্ব আছে। তারা সেইভাবে চিন্তা করে, কথা বলে ও কাজ করে। তাই তাদের ধারণা জন্মে যে দেহের ও মনের কার্য করার জন্য একটা পৃথক অস্থিত্ব আছে এবং সকল কাজের জন্য কারক রহে গেছে। তাই তারা প্রকৃত সত্য উপলব্ধি করতে পারে না এবং তাদের এই পৃথক অস্থিত্বকে আত্মা বলে ভুল করে। ধাতুকথায় মানুষের এই ভুল ধারণাকে দূরীভূত

করার জন্য ভগবান তথাগত বুদ্ধ বলেছে যে কেবলমাত্র স্কন্ধ, আয়তন এবং ধাতু ছাড়া প্রকৃতপক্ষে ব্যক্তি বা বস্তু বলতে কিছুর অস্থিত্ব নেই।

সব্বে সত্তা সুখিতাহোন্তু

জগতের সকল প্রাণী হউক।

তারিখ—
৫ | ১২ | ৮৯
চট্টগ্রাম।

*ডাঃ সিতাংশু বিকাশ বড়ুয়া*
এম, বি, বি, এস, এফ, সি,পি, এস

---

***অভিধর্ম শিক্ষার জন্য বার্মায় প্রচলিত অত্যাবশ্যক নয়টা লেট-থান বা কনিষ্ঠাঙ্গুলী হাতবই* (Little finger Manuals)**

১। অভিধম্মাত্থ সঙ্গহ —অনুরুদ্ধ
২। পরমত্থ বিনিচ্ছয় —অনুরুদ্ধ
৩। নামরূপ পরিচ্ছেদ —অনুরুদ্ধ
৪। অভিধম্মাবতার —বুদ্ধদত্ত (বুদ্ধঘোষের সমসাময়িক)
৫। রূপারূপ বিভাগ —বুদ্ধদত্ত
৬। সচ্চ-সঙ্খেপ —ধম্মপাল (বিসুদ্ধিমগ্‌গ টিকা লেখক)
৭। মোহবিচ্ছেদানী —কস্‌সপ (শ্রীলংকা)
৮। খেম-পকরণ —খেম (খেম টিকা - বাচীস্‌সর মহাসামী)
৯। নামাচার দীপক —সদ্ধর্ম জ্যোতিপাল (ব্রহ্মদেশ)

---

## সহায়ক গ্রন্থসমূহ ঃ

1. The Dhatu Katha Pakarana and its Commentary—Edited by Edmund Rowland Gooneratne.
( Published for the Pali Text Society in 1892 )
2. Discourse on Elements ( Dhatu-Katha ) by U. Narada Mul Patthana Sayadaw of Rangoon, Burma.
( Published by the Pali Text Society 1977 ).
3. A Buddhist Manual of Psychological Ethics ( Dhamma-Sangani ) by C. A. F. Rhys Davids.
( Published by the Pali Text Society in 1974 ).
4. Compendium of Philosoply
( Abhidhammattha-Sangaha ) by Shwe Zan Aun.
( Published by the Pali Text Society in 1929 ).
5. Conditional Relations ( Vol I & II ) by U. Narada, Mul Patthan Sayadaw.
( Published by the Pali Text Society ).
6. Guide to Conditional Relations ( Part I ) by U. Narada Mul Patthan Sayadaw.
( Published by the Pali Text Society in 1979 ).
7. The Book of Analysis ( Vibhanga ) by Patham Kyaw Ashin Thittila ( Setthil ). Aggamahapandita.
( Published by the Pali Text Society in 1969 ).
8. The Buddhist Philosophy of Relation ( The Patthanuddesa Dipani ) by Mahathero-Ledi Sayadaw.
( Published in Rangoon in 1935 ).
৯। অভিধর্মার্থ সংগ্রহ—শ্রীবীরেন্দ্র লাল মুৎসুদ্দি
১০। প্রতীত্য-সমুৎপাদনীতি—শ্রীবীরেন্দ্র লাল মুৎসুদ্দি
11. A Manual of Abhidhamma by Narada Mahathera.
( Published in Srilanka in 1980 ).

# ৯—মাতিকা

## ( *ধাতুকথা গ্রন্থের বিষয়সূচী* )

## *ধাতুকথা গ্রন্থে আলোচিত ৩৭১ বিষয়ের পরিচয় এবং গণনা শ্রেণীকরণ*

১। অভ্যন্তর মাতিকা ( *অব্ভন্তর মাতিকা* )

(ক) পঞ্চস্কন্ধ ( *পঞ্চক্খন্ধা* )

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ১। রূপস্কন্ধ ( ***রূপক্খন্ধো*** ) = ২৮ প্রকার রূপ | ১ | ১১ | ১১* |
| ২। বেদনাস্কন্ধ ( ***বেদনাক্খন্ধো*** ) = বেদনা চৈতসিক | ১ | ১ | ১ |
| ৩। সংজ্ঞাস্কন্ধ ( ***সঞ্ঞাক্খন্ধো*** ) = সংজ্ঞা চৈতসিক | ১ | ১ | ১ |
| ৪। সংস্কারস্কন্ধ ( ***সঙ্খারক্খন্ধো*** ) = ৫০ বাকী চৈতসিক | ১ | ১ | ১ |
| ৫। বিজ্ঞানস্কন্ধ ( ***বিঞ্ঞাণক্খন্ধো*** ) = ৮৯ চিত্ত এবং স্কন্ধবিমুক্ত নির্বাণ | ১ | ১ | ৭ |
| (খ) দ্বাদশ আয়তন ( ***দ্বাদস আয়তনানি*** ) | | | |
| ১। চক্ষু-আয়তন ( ***চক্খায়তনং*** ) = চক্ষু | ১ | ১ | ১ |
| ২। শ্রোত্রায়তন ( ***সোতায়তনং*** ) = কর্ণ | ১ | ১ | ১ |
| ৩। ঘ্রাণায়তন ( ***ঘাণায়তনং*** ) = নাসিকা | ১ | ১ | ১ |
| ৪। জিহ্বায়তন ( ***জিব্হায়তনং*** ) = জিহ্বা | ১ | ১ | ১ |

* রূপস্কন্ধ একস্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীভুক্ত। অভিধর্ম মতে স্কন্ধ পাঁচটা, আয়তন বারটা এবং ধাতু আঠারটা। সুতরাং রূপস্কন্ধ চার স্কন্ধে এক আয়তনে এবং সাত-ধাতুতে শ্রেণীভুক্ত নহে বা শ্রেণী-বহির্ভূত। এইরূপে অন্যান্য বিষয় আলোচিত হয়েছে।

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ৫। কায়ায়তন ( *কাযায়তনং* ) = কায় | ১ | ১ | ১ |
| ৬। রূপায়তন ( *রূপায়তনং* ) = রূপ | ১ | ১ | ১ |
| ৭। শব্দায়তন ( *সদ্দায়তনং* ) = শব্দ | ১ | ১ | ১ |
| ৮। গন্ধায়তন ( *গন্ধায়তনং* ) = গন্ধ | ১ | ১ | ১ |
| ৯। রসায়তন ( *রসায়তনং* ) = রস | ১ | ১ | ১ |
| ১০। স্প্রষ্টব্যায়তন ( *ফোট্‌ঠব্বায়তনং* ) = স্প্রষ্টব্য | ১ | ১ | ১ |
| ১১। মনায়তন ( *মনায়তনং* ) = মন | ১ | ১ | ১ |
| ১২। ধর্মায়তন ( *ধম্মায়তনং* ) = ৫২ প্রকার চৈতসিক, ১৬ প্রকার সূক্ষ্মরূপ ( আপ, স্ত্রীভাব, পুরুষভাব, হৃদয়বাস্তু, জীবিতেন্দ্রি, আহার, আকাশ পরিচ্ছেদ, কায়বিজ্ঞপ্তি, বাক-বিজ্ঞপ্তি, রূপের লঘুতা, রূপের মৃদুতা, রূপের কর্মণ্যতা, উপচয়, সন্ততি, জড়তা, অনিত্যতা ) এবং নির্বাণ | ৪* | ১ | ১ |

(গ) অষ্টাদশ ধাতু ( *অট্‌ঠারস ধাতুয়ো* )

| | | | |
|---|---|---|---|
| ১। চক্ষু ধাতু ( *চক্‌খু ধাতু* ) চক্ষু | ১ | ১ | ১ |
| ২। শ্রোত্র ধাতু ( *সোত ধাতু* ) কর্ণ | ১ | ১ | ১ |
| ৩। ঘ্রাণ ধাতু ( *ঘান ধাতু* ) নাসিকা | ১ | ১ | ১ |
| ৪। জিহ্বা ধাতু ( *জিব্‌হা ধাতু* ) জিহ্বা | ১ | ১ | ১ |
| ৫। কায় ধাতু ( *কায় ধাতু* ) কায় | ১ | ১ | ১ |
| ৬। রূপ ধাতু ( *রূপ ধাতু* ) রূপ | ১ | ১ | ১ |
| ৭। শব্দ ধাতু ( *সদ্দ ধাতু* ) শব্দ | ১ | ১ | ১ |

* বৌদ্ধ ধর্মে নির্বাণকে কোন স্কন্ধে শ্রেণীভুক্ত করা হয় নাই। ( অসঙ্খতং খন্ধতো ঠপেত্বা )। তাই তারকাচিহ্নিত সকল স্কন্ধ এই অর্থ প্রকাশ করে।

| | | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|
| ৮। | গন্ধ ধাতু ( *গন্ধ ধাতু* ) গন্ধ | ১ | ১ | ১ |
| ৯। | রস ধাতু ( *রস ধাতু* ) রস | ১ | ১ | ১ |
| ১০। | স্প্রষ্টব্য ধাতু ( *ফোট্ঠব্ব ধাতু* ) স্প্রষ্টব্য | ১ | ১ | ১ |
| ১১। | চক্ষুবিজ্ঞাণ ধাতু ( *চক্খু-বিঞ্ঞাণ ধাতু* ) ২ চক্ষু বিজ্ঞান | ১ | ১ | ১ |
| ১২। | শ্রোত্রবিজ্ঞান ধাতু ( *সোত বিঞ্ঞাণ ধাতু* ) ২ শ্রোত্র বিজ্ঞান | ১ | ১ | ১ |
| ১৩। | ঘ্রাণ বিজ্ঞান ধাতু ( *ঘান বিঞ্ঞাণ ধাতু* ) ২ ঘ্রাণ বিজ্ঞান | ১ | ১ | ১ |
| ১৪। | জিহ্বা বিজ্ঞান ধাতু (*জিব্হা বিঞ্ঞাণ ধাতু*) ২ জিহ্বা বিজ্ঞান | ১ | ১ | ১ |
| ১৫। | কায় বিজ্ঞান ধাতু ( *কায় বিঞ্ঞাণ ধাতু* ) ২ কায় বিজ্ঞান | ১ | ১ | ১ |
| ১৬। | মনোধাতু ( *মনোধাতু* ) পঞ্চ দ্বারাবর্তন চিত্ত ও ২ সম্প্রতীচ্ছ চিত্ত | ১ | ১ | ১ |
| ১৭। | মনোবিজ্ঞান ধাতু ( *মনোবিঞ্ঞাণ ধাতু* ) ৭৬ বাকী চিত্ত | ১ | ১ | ১ |
| ১৮। | ধর্ম ধাতু ( *ধম্ম-ধাতু* ) ৫২ চৈতসিক, ১৬ সূক্ষ্মরূপ ও নির্বাণ | ৪ | ১ | ১ |

(ঘ) চতুরার্য সত্য ( *চত্তারি সচ্চানি* )

| | | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|
| ১। | দুঃখ সত্য ( *দুক্খ সচ্চং* ) ৮১ লোকীয় চিত্ত, লোভ ব্যতীত ( ৫২-১ ) = ৫১ চৈতসিক, ২৮ প্রকার রূপ | ৫ | ১২ | ১৮ |
| ২। | সমুদয় সত্য ( *সমুদয় সচ্চং* ) = লোভ চৈতসিক | ১ | ১ | ১ |
| ৩। | নিরোধ সত্য ( *নিরোধ সচ্চং* ) নির্বাণ | ...... | ১ | ১ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ৪। মার্গসত্য (মগ্‌গ সচ্চং) = আর্য অষ্টাঙ্গিক মার্গ ( সম্যক দৃষ্টি, সম্যক সঙ্কল্প, সম্যক বাক্য, সম্যক কর্ম, সম্যক আজীব, সম্যক ব্যায়াম, সম্যক স্মৃতি ও সম্যক সমাধি ) | ১ | ১ | ১ |

(৬) দ্বাবিংশতি ইন্দ্রিয় ( *সাতিন্দ্রিয়ানি* )

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ১। চক্ষু-ইন্দ্রিয় ( ***চক্‌খুন্দ্রিয়ং*** ) চক্ষু | ১ | ১ | ১ |
| ২। শ্রোত্রেন্দ্রিয় ( ***সোতিন্দ্রিয়ং*** ) কর্ণ | ১ | ১ | ১ |
| ৩। ঘ্রাণেন্দ্রিয় ( ***ঘানিন্দ্রিয়ং*** ) নাসিকা | ১ | ১ | ১ |
| ৪। জিহ্বেন্দ্রিয় ( ***জিব্‌হিন্দ্রিয়ং*** ) জিহ্বা | ১ | ১ | ১ |
| ৫। কায়েন্দ্রিয় ( ***কায়েন্দ্রিয়ং*** ) কায় | ১ | ১ | ১ |
| ৬। স্ত্রী ইন্দ্রিয় ( ***ইত্থিন্দ্রিয়ং*** ) স্ত্রী-ইন্দ্রিয় | ১ | ১ | ১ |
| ৭। পুরুষেন্দ্রিয় ( ***পুরিসিন্দ্রিং*** ) পুরুষেন্দ্রিয় | ১ | ১ | ১ |
| ৮। জীবিতেন্দ্রিয় ( ***জীবিতিন্দ্রিয়ং*** ) জীবিতেন্দ্রিয় | ১ | ১ | ১ |
| ৯। মনেন্দ্রিয় ( ***মনিন্দ্রিয়ং*** ) ৮৯ চিত্ত | ১ | ১ | ৭ |
| ১০। সুখেন্দ্রিয় ( ***সুখিন্দ্রিয়ং*** ) সুখসহগত কায় বিজ্ঞানে বেদনা চৈতসিক | ১ | ১ | ১ |
| ১১। দুঃখেন্দ্রিয় ( ***দুক্‌খিন্দ্রিয়ং*** ) দুঃখ সহগত কায় বিজ্ঞানে বেদনা চৈতসিক | ১ | ১ | ১ |
| ১২। সৌমনস্যেন্দ্রিয় (***সোমনস্‌সিন্দ্রিয়ং***) ৬২ প্রকার সৌমনস্য চিত্তের বেদনা চৈতসিক | ১ | ১ | ১ |
| ১৩। দৌর্মনস্যেন্দ্রিয় ( ***দোমনস্‌সিন্দ্রিয়ং***) ২ দ্বেষমূলক চিত্তের বেদনা চৈতসিক | ১ | ১ | ১ |
| ১৪। উপেক্ষেন্দ্রিয় ( ***উপেক্‌খিন্দ্রিয়ং*** ) ৫৫ অহেতুক চিত্তের বেদনা চৈতসিক | ১ | ১ | ১ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ১৫। শ্রদ্ধেন্দ্রিয় ( ***সদ্ধিন্দ্রিয়ং*** ) ৫৯ শোভন চিত্তের শ্রদ্ধা চৈতসিক | ১ | ১ | ১ |
| ১৬। বীর্যেন্দ্রিয় ( ***বিরিযিন্দ্রিয়ং*** ) দ্বিপঞ্চ বিজ্ঞান (১০) মনোধাতু (৩) সন্তীরণ (৩) ব্যতীত ( ৮৯-১৬ ) = ৭৩ চিত্তের বীর্য চৈতসিক | ১ | ১ | ১ |
| ১৭। স্মৃতীন্দ্রিয় ( ***সতিন্দ্রিয়ং*** ) ৫৯ শোভন চিত্তে স্মৃতি চৈতসিক | ১ | ১ | ১ |
| ১৮। সমাধীন্দ্রিয় ( ***সমাধিন্দ্রিয়ং*** ) বিচিকিৎসা (১) দ্বিপঞ্চবিজ্ঞান (১০) মনোধাতু (৩) সন্তীরণ (৩) ব্যতীত ( ৮৯-১৭ ) = ৭২ চিত্তে একাগ্রতা চৈতসিক | ১ | ১ | ১ |
| ১৯। প্রজ্ঞেন্দ্রিয় ( ***পঞ্ঞিন্দ্রিয়ং*** ) ৩৯ লোকীয় অহেতুক চিত্তে প্রজ্ঞা চৈতসিক | ১ | ১ | ১ |
| ২০। অজ্ঞাত-জ্ঞাতার্থীন্দ্রিয় ( ***অনঞ্ঞাত-সসামিতিন্দ্রিয়ং*** ) স্রোতাপত্তি মার্গারোহনে প্রজ্ঞা চৈতসিক | ১ | ১ | ১ |
| ২১। লোকোত্তর জ্ঞানেন্দ্রিয় ( ***অঞ্ঞিন্দ্রিয়ং*** ) উচ্চ তিন মার্গ এবং নিম্ন তিন দল চিত্তে প্রজ্ঞা চৈতসিক | ১ | ১ | ১ |
| ২২। লোকোত্তর জ্ঞানীন্দ্রিয় ( অঞ্ঞাতাবিন্দ্রিয়ং ) অরহত্ত ফলচিত্তে প্রজ্ঞা চৈতসিক | ১ | ১ | ১ |

(চ) প্রতীত্য সমুৎপাদ ( পটিচ্চসমুপ্পাদা )

( ১২ অঙ্গ, ১৭ ভেদ ) ( ভবে মোট ১১ এবং জরামরণে ৭ সর্বমোট ২৮ নিদান )

| | | | |
|---|---|---|---|
| ১। অবিদ্যা ( অবিজ্জা ) ১২ অকুশল চিত্তে মোহ চৈতসিক | ১ | ১ | ১ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ২। অবিদ্যার প্রত্যয়ে সংস্কার ( অবিজ্জাপচ্চয়া সঙ্খারা ) ১২ অকুশল চিত্তে এবং ১৭ লোকীয় কুশল চিত্তে চেতনা চৈতসিক | ১ | ১ | ১ |
| ৩। সংস্কারের প্রত্যয়ে বিজ্ঞান (সঙ্খারপচ্চয়া বিঞ্ঞাণং) ৮৯ চিত্ত | ১ | ১ | ৭ |
| ৪। বিজ্ঞানের প্রত্যয়ে নামরূপ ( বিঞ্ঞাণপচ্চয়া নামরূপং ) ৫২ চৈতসিক, ২৮ রূপ | ৪ | ১১ | ১১ |
| ৫। নামরূপের প্রত্যয়ে ষড়ায়তন ( নামরূপ পচ্চয়া সলায়তনং ) ৮৯ চিত্ত ও পাঁচ ইন্দ্রিয় | ২ | ৬ | ১২ |
| ৬। ষড়ায়নের প্রত্যয়ে স্পর্শ ( সলায়তন পচ্চয়া ফস্সো ) ৮৯ চিত্তে স্পর্শ চৈতসিক | ১ | ১ | ১ |
| ৭। স্পর্শের প্রত্যয়ে বেদনা ( ফস্স পচ্চয়া বেদনা ) ৮৯ চিত্তে বেদনা চৈতসিক | ১ | ১ | ১ |
| ৮। বেদনার প্রত্যয়ে তৃষ্ণা ( বেদনা-পচ্চয়া তণ্হা ) ৮ লোভমূলক চিত্তে লোভ চৈতসিক | ১ | ১ | ১ |
| ৯। তৃষ্ণায় প্রত্যয়ে উপাদান ( তণ্হা-পচ্চয়া উপাদানং ) ৮ লোভমূলক চিত্তে লোভ চৈতসিক এবং ৪ দৃষ্টি সম্প্রযুক্ত চিত্তে মিথ্যাদৃষ্টি | ১ | ১ | ১ |
| ১০। (ক) কর্মভব (কম্মভবো) ১২ অকুশল ও ১৭ লোকীয়-কুশল চিত্তে চেতনা চৈতসিক উৎপত্তিভব ৯ | ১ | ১ | ১ |
| ১০। (খ) উৎপত্তিভব ( উপ-পত্তিভবো ) ৩২ লোকীয় ক্রিয়া চিত্ত, ৩৫ চৈতসিক, ২০ কর্মজ রূপ | ৫ | ১১ | ১৭ |
| ১০। (গ) কামভব ( কামভবো ) ২৩ কাম বিপাক চিত্ত, বিরতি চৈতসিক (৩) এবং অপ্রমেয় চৈতসিক (২) ব্যতীত (৩৮-৫) = ৩৩ চৈতসিক এবং কর্মজ চৈতসিক | ৫ | ১১ | ১৭ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ১০। (ঘ) রূপভব ( রূপভবো ) ৫ রূপ বিপাক, ২ চক্ষু-বিজ্ঞান, ২ শ্রোত্রবিজ্ঞান, ২ সম্প্রতীচ্ছ, ৩ সন্তীরণ, ৩৫ চৈতসিক, স্ত্রীভাব, পুরুষভাব, নাসিকা, জিহ্বা ও কায় ব্যতীত ( ২০ – ৫ ) ১৫ কর্মজ রূপ | ৫ | ৫ | ৮ |
| ১০। (ঙ) অরূপভব ( অরূপভবো ) ৪ অরূপ ক্রিয়া চিত্ত ও ৩০ চৈতসিক | ৪ | ২ | ২ |
| ১০। (চ) সংজ্ঞাভব ( সঞ্ঞাভবো ) নৈব-সংজ্ঞানাসংজ্ঞা বিপাক চিত্ত ব্যতীত ( ৩২—১ )=৩১ লোকীয় বিপাক, ৩৫ চৈতসিক এবং ২০ কর্মজ রূপ | ৫ | ১১ | ১৭ |
| ১০। (ছ) অসংজ্ঞাভব ( অসঞ্ঞাভবো ) জীবিত নবক রূপ কলাপ | ১ | ২ | ২ |
| ১০। (জ) নৈবসংজ্ঞা-না-সংজ্ঞাভব ( নেব-সঞ্ঞানাসঞ্ঞাভবো ) ১, নৈব-সংজ্ঞা নাসংজ্ঞা বিপাক চিত্ত, ৩০ চৈতসিক | ৪ | ২ | ২ |
| ১০। (ঝ) এক স্কন্ধভব ( একবোকারভবো ) ১০। ছো এর মত | ১ | ২ | ২ |
| ১০। (ঞ) চারস্কন্ধ ভব ( চতুবোকারভবো ) ১০। ঙো এর মত | ৪ | ২ | ২ |
| ১০। (ট) পাঁচ স্কন্ধ ভব ( পঞ্চবোকারভবো ) ২৩ কাম বিপাক, ৫ রূপ বিপাক, ৩৫ চৈতসিক, ২০ কর্মজ রূপ | ৫ | ১১ | ১৭ |
| ১১। জাতি ( জাতি ) ১৮ সমুত্থানরূপের উৎপত্তিই রূপের উৎপত্তি এবং ৪ অরূপ স্কন্ধের বৃদ্ধিতে নামের উৎপত্তি | ২ | ১ | ১ |
| ১২। (ক) জরা ( জরা ) ১৮ সমুত্থানে রূপের বার্ধক্য রূপের জরা এবং ৪ অরূপস্কন্ধের বার্ধক্যই নামের জরা | ২ | ১ | ১ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ১২। (খ) মৃত্যু ( মরণং ) ১৮ সমুত্থানরূপের নিঃশেষই রূপের মৃত্যু এবং ৪ অরূপ স্কন্ধের নিঃশেষই নামের মৃত্যু | ২ | ১ | ১ |
| ১২। (গ) শোক ( সোকো ) ২ দ্বেষমূলক চিত্তে দৌর্মনস্য বেদনা | ১ | ১ | ১ |
| ১২। (ঘ) বিলাপ ( পরিদেবো ) বিকৃত মনের প্রলাপ বাক্য | ১ | ১ | ১ |
| ১২। (ঙ) দুঃখ ( দুক্খং ) দুঃখসহগত কায়বেদনানুভূতি | ১ | ১ | ১ |
| ১২। (চ) দৌর্মনস্য ( দোমনস্সং ) ২ দ্বেষমূলক চিত্তে দৌর্মনস্য বেদনা | ১ | ১ | ১ |
| ১২। (ছ) হতাশা ( উপায়াসো ) ২ দ্বেষমূলক চিত্তে দ্বেষ চৈতসিক | ১ | ১ | ১ |
| ( ছ — ত ) স্মৃতিপ্রস্থান ও অন্যান্য ৯ বিষয় | | | |
| ১। চার স্মৃতিপ্রস্থান (চত্তারো সতিপট্ঠানা) ৮ লোকোত্তর চিত্তে স্মৃতিপ্রস্থান চৈতসিক | ১ | ১ | ১ |
| ২। চার সম্যকপ্রধান ( চত্তারো সম্মপ্পধানা ) ৮ লোকোত্তর চিত্তে বীর্য চৈতসিক | ১ | ১ | ১ |
| ৩। চার ঋদ্ধিপাদ ( চত্তারো ইদ্ধিপাদা ) ৮ লোকোত্তর চিত্তে ছন্দ, বীর্য, চিত্ত ও মীমাংসা | ২ | ২ | ২ |
| ৪। চার ধ্যান ( চত্তারি ঝানানি ) বিতর্ক, বিচার, প্রীতি, সুখ, একাগ্রতা | ২ | ১ | ১ |
| ৫। চার অপ্রমেয় ( চত্তস্সো অপ্পমঞ্ঞায়ো ) মৈত্রী, করুণা, প্রথম, দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থরূপ ধ্যানে মুদিতা এবং পঞ্চম ধ্যানে উপেক্ষা | ১ | ১ | ১ |
| ৬। পঞ্চেন্দ্রিয় ( পঞ্চিন্দ্রিয়ানি ) শ্রদ্ধা, বীর্য, স্মৃতি, সমাধি ও প্রজ্ঞা প্রভৃতি চৈতসিক ৮ প্রকার লোকোত্তর চিত্তের উপস্থিতিতে | ১ | ১ | ১ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ৭। পঞ্চবল ( পঞ্চবলানি ) ৮ প্রকার লোকোত্তর চিত্তে শ্রদ্ধা, বীর্য, স্মৃতি, সমাধি এবং প্রজ্ঞা চৈতসিক | ১ | ১ | ১ |
| ৮। সাত বোধ্যঙ্গ ( সত্তবোজ্‌ঝঙ্গা ) ৮ প্রকার লোকোত্তর চিত্তের উপস্থিতিতে স্মৃতি, ধর্মবিচয় বা প্রজ্ঞা, বীর্য, প্রীতি, প্রশান্তি, সমাধি ও উপেক্ষা | ১ | ১ | ১ |
| ৯। আর্য অষ্টাঙ্গিক মার্গ (অরিয়ো-অট্‌ঠাঙ্গিকো মগ্‌গো) ৪ মার্গ চিত্তে প্রজ্ঞা, বিতর্ক, ৩ বিরতি, বীর্য, স্মৃতি এবং একাগ্রতা চৈতসিক | ১ | ১ | ১ |

## স্পর্শ গুচ্ছ ৭

| | | | |
|---|---|---|---|
| ১। স্পর্শ ( ফস্‌সো ) ৮৯ চিত্তে স্পর্শ চৈতসিক | ১ | ১ | ১ |
| ২। বেদনা ( বেদনা ) ৮৯ চিত্তে বেদনা চৈতসিক | ১ | ১ | ১ |
| ৩। সংজ্ঞা ( সঞ্‌ঞা ) ৮৯ চিত্তে সংজ্ঞা চৈতসিক | ১ | ১ | ১ |
| ৪। চেতনা ( চেতনা ) ৮৯ চিত্তে চেতনা চৈতসিক | ১ | ১ | ১ |
| ৫। চিত্ত ( চিত্তং ) ৮৯ চিত্ত | ১ | ১ | ৭ |
| ৬। অধিমোক্ষ ( অধিমোক্‌খো ) দ্বি-পঞ্চ বিজ্ঞান (১০) বিচিকিৎসা ব্যতীত (৮৯---১১)=৭৮ চিত্তে অধিমোক্ষ চৈতসিক | ১ | ১ | ১ |
| ৭। মনস্কার ( মনসিকারো ) ৮৯ চিত্তে মনস্কার চৈতসিক | ১ | ১ | ১ |

# ২—বাহির মাতিকা ( বাহির মাতিকা )

## (ক) তিক ২২ ( তিক ২২ )

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ১। (১) কুশল ধর্মসমূহ ( কুসলা ধম্মা ) ২১ কুশল চিত্ত ও ৩৮ চৈতসিক | ৪ | ১ | ২ |
| (২) অকুশল ধর্মসমুহ ( অকুসলা ধম্মা ) ১২ অকুশল চিত্ত ও ২৭ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (৩) অব্যাকৃত ধর্মসমুহ ( অব্যাকতা ধম্মা ) ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, ৩৮ চৈতসিক, ২০ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ২। (১) সুখানুভব সম্প্রযুক্ত ধর্মসমূহ ( সুখায় বেদনায় সম্পযুত্তা ধম্মা) ৬৩ সুখসহগত চিত্ত ; বেদনা, দ্বেষ, ঈর্ষ্যা, মাৎসর্য, কৌকৃত্য ও বিচিকিৎসা ব্যতীত ( ৫২ — ৬ ) = ৪৬ চৈতসিক | ৩ | ২ | ৩ |
| (২) দুঃখানুভব সম্প্রযুক্ত ধর্মসমূহ ( দুক্খায় বেদনায় সম্পযুত্তা ধম্মা ) ৩ দুঃখসহগত চিত্ত ; বেদনা, প্রীতি, লোভ, মিথ্যাদৃষ্টি, মান ও বিচিকিৎসা ব্যতীত ( ২৭ — ৬ ) = ২১ চৈতসিক | ৩ | ১ | ৩ |
| (৩) অদুঃখাসুখানুভব সম্প্রযুক্ত ধর্মসমূহ ( অদুক্খম-সুখায় বেদনায় সম্পযুত্তা ধম্মা ) ৫৫ উপেক্ষাসহগত চিত্ত ; বেদনা, প্রীতি, দ্বেষ, ঈর্ষ্যা, কৌকৃত্য ও মাৎসর্য ব্যতীত (৫২ — ৬) = ৪৬ চৈতসিক | ৩ | ১ | ৭ |
| ৩। (১) বিপাক ধর্মসমূহ ( বিপাকা ধম্মা ) ৩৬ বিপাক চিত্ত, ৮৩ চৈতসিক | ৪ | ১ | ৮ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| (২) বিপাকধর্ম ধর্মসমূহ ( বিপাকধম্ম ধম্মা ) ১২ অকুশল চিত্ত, ২১ কুশল চিত্ত ও ৫২ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (৩ নৈববিপাক-না-বিপাকধর্ম ধর্মসমূহ ( নেববিপাক-না-বিপাকধম্ম ধম্মা ) ২০ ক্রিয়া চিত্ত, ৩৫ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৩ |
| ৪। (১) উপাদিন্নুপাদানীয় ধর্মসমূহ ( উপাদিন্নু-পাদানিয়া ধম্মা ) ৩২ লোকীয় বিপাক চিত্ত ৩৫ চৈতসিক ও ২০ কর্মজ রূপ | ৫ | ১১ | ১৭ |
| (২) অনুপাদিন্নুপাদানীয় ধর্মসমূহ ( অনুপাদিন্নু-পাদানিয়া ধম্মা ) ১২ অকুশল চিত্ত, ১৭ লোকীয় কুশল চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, ৫২ চৈতসিক, ১৭ চিত্তজ রূপ, ১৫ ঋতুজ রূপ এবং ১৪ আহারজ রূপ | ৫ | ৭ | ৮ |
| (৩) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ ( অনুপাদিন্ন-অনুপাদানিয়া ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪* | ২ | ২ |
| ৫। (১) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মসমূহ ( সংকিলিট্ঠ সংকিলেসিকা ধম্মা ) ১২ অকুশল চিত্ত, ২৭ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (২) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মসমূহ ( অসংকিলিট্ঠ-সংকিলেসিকা ধম্মা ) ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক চিত্ত, ৩০ ক্রিয়া চিত্ত, ৩৮ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| (৩) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মসমূহ ( অসংকিলিট্ঠ-অসংকিলেসিকা ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক, নির্বাণ | ৪* | ২ | ২ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ৬। (১) সবিতর্ক-সবিচার ধর্মসমূহ ( সবিতক্ক-সবিচারা ধম্মা ) ৫৫ সবিতর্ক-সবিচার যুক্ত চিত্ত, বিতর্ক ও বিচার ব্যতীত ( ৫২—২ ) ৫০ চৈতসিক | ৪ | ২ | ৩ |
| (২) অবিতর্ক কিন্তু বিচারযুক্ত ধর্মসমূহ ( অবিতক্ক-বিচারমত্তা ধম্মা ) ১১ দ্বিতীয় ধ্যান চিত্ত, বিতর্ক ও বিচার ব্যতীত ( ৩৮—২ )=৩৬ চৈতসিক ৫৫ বিতর্ক ও বিচার চিত্ত ৫৫ বিতর্ক চৈতসিক | ৪ | ১ | ২ |
| (৩) অবিতর্ক-অবিচার ধর্মসমূহ ( অবিতক্ক-অবিচারা ধম্মা ) ৫৫ অবিতর্ক অবিচার চিত্ত, বিতর্ক ও বিচার ব্যতীত ( ৩৮—২ )=৩৬ চৈতসিক, দ্বিতীয় ধ্যানে ১১ চিত্তে ১১ বিচার, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৭ |
| ৭। (১) প্রীতিসহগত ধর্মসমূহ ( পীতিসহগতা ধম্মা ) ৫১ প্রীতিসহগত চিত্ত ; প্রীতি, দ্বেষ, ঈর্ষ্যা মাৎসর্য, কৌকৃত্য ও বিচিকিৎসা ব্যতীত ( ৫২ – ৬ )=৪৬ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (২) সুখসহগত ধর্মসমূহ ( সুখসহগতা ধম্মা ) ৬৩ সুখসহগত চিত্ত ; বেদনা, প্রীতি, দ্বেষ, ঈর্ষ্যা, মাৎসর্য ও কৌকৃত্য ব্যতীত ( ৫২ – ৬ )=৪৬ চৈতসিক | ৩ | ২ | ৩ |
| (৩) উপেক্ষাসহগত ধর্মসমূহ ( উপেক্খা সহগতা ধম্মা ) ৫৫ উপেক্ষাসহগত চিত্ত ; বেদনা, প্রীতি, দ্বেষ, ঈর্ষ্যা, কৌকৃত্য ও মাৎসর্য ব্যতীত ( ৫২—৬ )=৪৬ চৈতসিক | ৩ | ২ | ৭ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ৮। (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ ( দস্সনেন পহাতব্বা ধম্মা ) ৮ লোভমূলক চিত্ত, ২ দ্বেষ-মূলক চিত্ত ১ বিচিকিৎসা চিত্ত ও ২৭ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (২) ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ ( ভাবনায়-পহাতব্বা ধম্মা ) ৪ মিথ্যা দৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত, ২ দ্বেষ মূলক চিত্ত, ১ ঔদ্ধত্য চিত্ত ; মিথ্যা-দৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত ( ২৭-২ ) = ২৫ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (৩) দর্শনের দ্বারা অথবা ভাবনার দ্বারা নহে পরিত্যাজ্য ধর্মসমূহ ( নেবদস্সনেন ন ভাবনায় পহাতব্বা ধম্মা ) ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, ৩৮ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ৯। (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য হেতুক ধর্মসমূহ ( দস্সনেন পহাতব্বা হেতুকা ধম্মা ) ৮ লোভ-মূলক চিত্ত, ২ প্রতিঘ চিত্ত. ১ বিচিকিৎসা চিত্ত ; বিচিকিৎসা চিত্তে মোহ ব্যতীত ২৭ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (২) ভাবনার দ্বারা পরিত্যাজ্য হেতুক ধর্মসমূহ ( ভাবনায় পহাতব্বা হেতুকা ধম্মা ) ৪ দৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত, ২ প্রতিঘ চিত্ত ১ ঔদ্ধত্য চিত্ত ; ঔদ্ধত্য চিত্তে মোহমাত্র থাকাতে দৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত ( ২৭-২ ) = ২৫ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (৩) দর্শনের দ্বারা অথবা ভাবনার দ্বারা নহে পরি-ত্যাজ্য হেতুক ধর্মসমূহ ( নেবদস্সনেন ন ভাবনায় পহাতব্বা হেতুকা ধম্মা ) ২১ কুশল | | | |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত ; ২ মোহমূলে মোহ থাকাতে ৩৮ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ১০। (১) আচয়গামী অর্থাৎ জন্ম মৃত্যুতে আবর্তনশীল ধর্মসমূহ (আচয়গামিনো ধম্মা) ১২ অকুশল চিত্ত, ১৭ লোকীয় কুশল চিত্ত, ৫২ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (২) অপচয়গামী অর্থাৎ নির্বাণ পথে প্রবর্তনশীল ধর্মসমূহ ( অপচয়গামিনো ধম্মা ) ৪ মার্গ চিত্ত ও ৩৬ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (৩) আচয়গামী ও নহে অর্থাৎ জন্ম মৃত্যুতে আবর্তনশীল ও নহে অথবা অপচয়গামী ও নহে অর্থাৎ নির্বাণ পথে প্রবর্তনশীল ও নহে ধর্মসমূহ ( নেবাচয়গামি নাপচয়গামিনো ধম্মা ) ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, ৩৮ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ১১। (১) শৈক্ষ্য ধর্মসমূহ ( সেক্খা ধম্মা ) অরহৎ ফল চিত্ত ব্যতীত ৮ লোকোত্তর চিত্ত ও ৩৬ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (২) অশৈক্ষ্য ধর্মসমূহ ( অসেক্খা ধম্মা ) ১ অরহৎ ফল চিত্ত, ৩৬ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (৩) শৈক্ষ্য ও নয় অশৈক্ষ্য ও নয় ধর্মসমূহ ( নেবসেক্খ-না-সেক্খা ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, ৫২ চৈতসিক ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ১২। (১) পরিত্ত বা সীমিত ধর্মসমূহ ( পরিত্তা ধম্মা ) ৫৪ কামাবচর চিত্ত, ৫২ চৈতসিক ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |

| | | | ক্ষন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|---|
| | (২) | মহদ্গত ধর্মসমূহ ( মহগ্গতা ধম্মা ) ২৭ মহদ্গত চিত্ত ও ৩৫ চৈতসিক | ৪ | ২ | ২ |
| | (৩) | অপ্রমান ধর্মসমূহ ( অপ্পমানা ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪* | ২ | ২ |
| ১৩। | (১) | পরিত্তারম্মণ ধর্মসমূহ ( পরিত্তারম্মণা ধম্মা ) ৫৪ কামাবচর চিত্ত, ২ ঋদ্ধিপাদ ও ৫২ চৈতসিক | ৪ | ২ | ২ |
| | (২) | মহদ্গতারম্মণা ধর্মসমূহ ( মহগ্গতারম্মণা ধম্মা ) ১২ অকুশল চিত্ত, ১ মনোদ্বারাবর্তন চিত্ত, ৮ মহদ্গত কুশল চিত্ত, ৮ মহদ্গত ক্রিয়া চিত্ত, ২ বিজ্ঞানাস্তায়তন চিত্ত, ৩ নৈবসংজ্ঞা-নাসংজ্ঞাস্তায়তন চিত্ত, ২ ঋদ্ধিপাদ, ৫২ চৈতসিক হতে বিরতি ও ২ অপ্রমেয় বাদ (৫২-৫)=৪৭ | ৪ | ২ | ২ |
| | (৩) | অপ্রমানারম্মণ ধর্মসমূহ ( অপ্পমানারম্মণা ধম্মা ) ১ মনোদ্বারাবর্তন চিত্ত, ৪ মহদ্গত কুশল চিত্ত, ৪ জ্ঞান সম্প্রযুক্ত মহদ্গত ক্রিয়া চিত্ত, ২ ঋদ্ধিপাদ, ৮ লোকোত্তর চিত্ত, ২ অপ্রমেয় ব্যতীত (৩৮-২)=৩৬ চৈতসিক | ৪ | ২ | ২ |
| ১৪। | (১) | হীন ধর্মসমূহ ( হীনা ধম্মা ) ১২ অকুশল চিত্ত ও ২৭ চৈতসিক | ৪ | ২ | ২ |
| | (২) | মধ্যম ধর্মসমূহ ( মজ্ঝিমা ধম্মা ) ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, ৩৮ চৈতসিক, ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| | (৩) | প্রণীত ধর্মসমূহ ( পণীতা ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪* | ২ | ২ |
| ১৫। | (১) | মিথ্যা দৃষ্টিতে নিয়ত ধর্মসমূহ ( মিচ্ছত্তনিয়তা | | | |

| | | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|
| | ধম্মা ) ৪ মিথ্যা দৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের সপ্তম ক্ষণ, ২ দ্বেষ মূলক চিত্তের সপ্তম ক্ষণ, মান ও বিচিকিৎসা ব্যতীত (২৭-২) = ২৫ চৈতসিক | ৪ | ২ | ২ |
| | (২) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মসমূহ (সম্মনিয়তা ধম্মা) ৪ মার্গ চিত্ত, ৩৬ চৈতসিক | ৪ | ২ | ২ |
| | (৩) অনিয়ত ধর্মসমূহ ( অনিয়তা ধম্মা ) সপ্তম ক্ষণ ব্যতীত ( উপরিউল্লিখিত ) ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ১০ ক্রিয়া চিত্ত, ৫২ চৈতসিক ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ১৬। | (১) মার্গারম্মণ ধর্মসমূহ ( মগ্গারম্মণা ধম্মা ) ১ মনোদ্বারাবর্তন চিত্ত, ৪ জ্ঞান সম্প্রযুক্ত মহদ্গত কুশল চিত্ত, ৪ জ্ঞান সম্প্রযুক্ত মহদ্গত ক্রিয়া চিত্ত, ২ ঋদ্ধিপাদ, ৩ বিরতি ও ২ অপ্রমেয় ব্যতীত (৩৮-২) = ৩৬ চৈতসিক | ৪ | ২ | ২ |
| | (২) মার্গ হেতুক ধর্মসমূহ ( মগ্গহেতুকা ধম্মা ) ৪ মার্গ চিত্ত, ২ অপ্রমেয় ব্যতীত (৩৮-২) = ৩৬ চৈতসিক | ৪ | ২ | ২ |
| | (৩) মার্গাধিপতি ধর্মসমূহ (মগ্গাধিপতিনো ধম্মা) ৪ জ্ঞান সম্প্রযুক্ত মহদ্গত চিত্ত, ৪ জ্ঞান সম্প্রযুক্ত মহদ্গত ক্রিয়া চিত্ত, ৪ মার্গ চিত্ত, ২ অপ্রমেয় ব্যতীত (৩৮-২) = ৩৬ চৈতসিক | ৪ | ২ | ২ |
| ১৭। | (১) উৎপন্ন ধর্মসমূহ ( উপ্পন্না ধম্মা ) ৮৯ বর্তমান চিত্ত, ৫২ চৈতসিক ও ২৮ রূপ | ৪ | ১২ | ১৮ |
| | (২) অনুৎপন্ন ধর্মসমূহ ( অনুপ্পন্না ধম্মা ) ১২ ভবিষ্যৎ অকুশল চিত্ত, ২১ কুশল চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, | | | |

| | | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|
| | ৫২ চৈতসিক, ১৭ চিত্তজ রূপ, ১৫ ঋতুজ রূপ এবং ১৪ আহারজ রূপ | ৫ | ৭ | ৮ |
| (৩) | উৎপাদিন্ন অর্থাৎ উৎপন্ন হবেই ধর্মসমূহ ( উপ্পাদিনো ধম্মা ) ৩৬ ভবিষৎ বিপাক চিত্ত, ৩৮ চৈতসিক, ২০ কর্মজ রূপ | ৫ | ১১ | ১৭ |
| ১৮। (১) | অতীত ধর্মসমূহ ( অতীতা ধম্মা ) ৮৯ অতীত চিত্ত, ৫২ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| (২) | ভবিষৎ বা অনাগত ধর্মসমূহ ( অনাগত্তা ধম্মা ) ৮৯ ভবিষৎ চিত্ত, ৫২ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| (৩) | বর্তমান ধর্মসমূহ ( পচ্চুপ্পন্না ধম্মা ) ৮৯ বর্তমান চিত্ত, ৫২ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| ১৯। (১) | অতীতারম্মণ ধর্মসমূহ ( অতীতারম্মণা ধম্মা ) ১ মনোদ্বারাবর্তন চিত্ত, ২৯ কামাবচর সাংস্কারিক চিত্ত, ১১ ব্যবস্থাপন চিত্ত, ২ ঋদ্ধিপাদ, ৩ বিজ্ঞানানন্তায়তন চিত্ত, ৩ নৈবসংজ্ঞা-নাসংজ্ঞানন্তায়তন চিত্ত, ৩ বিরতি ও ২ অপ্রমেয় ব্যতীত (৫২-৫) = ৪৭ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (২) | অনাগতারম্মণ ধর্মসমূহ ( অনাগতারম্মণা ধম্মা ) ১ মনোদ্বারাবর্তন চিত্ত, ২৯ কামাবচন সাংস্কারিক চিত্ত, ১১ ব্যবস্থাপন চিত্ত, ২ ঋদ্ধিপাদ ও ২ অপ্রমেয় ব্যতীত (৫২-২) = ৫০ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (৩) | বর্তমান আরম্মণ ধর্মসমূহ (পচ্চুপ্পন্নারম্মণা ধম্মা) ১০ দ্বিপঞ্চ চিত্ত, ৩ মনোধাতু, ১ মনোদ্বারাবর্তন চিত্ত, ২ ঋদ্ধিপাদ, ২ অপ্রমেয় ব্যতীত (৫২-২) = ৫০ চৈতসিক | ৪ | ২ | ৮ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ২০। (১) অন্তঃস্থিত ধর্মসমূহ ( অজ্ঝত্তা ) ৮৯ চিত্ত, ৫২ চৈতসিক, ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| (২) বহিঃস্থিত ধর্মসমূহ ( বহিদ্ধা ধম্মা ) ৮৯ চিত্ত, ৫২ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| (৩) অন্তঃস্থিত-বহিঃস্থিত ধর্মসমূহ ( অজ্ঝত্তা-বহিদ্ধা ধম্মা ) ৮৯ চিত্ত, ৫২ চৈতসিক, ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| ২১। (১) অন্তঃস্থিতারম্মণ ধর্মসমূহ (অজ্ঝত্তারম্মণা ধম্মা) ৫৪ কামাবচর চিত্ত, ২ ঋদ্ধিপাদ, ৩ বিজ্ঞানানন্তায়তন চিত্ত, ৩ নৈবসংজ্ঞা-নাসংজ্ঞানন্তায়তন চিত্ত, ঈর্ষ্যা ও ২ অপ্রমেয় ব্যতীত (৫২-৩) = ৪৯ চৈতসিক | ৪ | ২ | ৮ |
| (২) বহিঃস্থিতারম্মণ ধর্মসমূহ ( বহিদ্ধারম্মণা ধম্মা ) ৫৪ কামাবচর চিত্ত, ২ ঋদ্ধিপাদ, ২ ঋদ্ধিপাদ ব্যতীত ১৫ রূপাবচর চিত্ত, ৩ আকাশানন্তায়তন চিত্ত, ৮ লোকোত্তর চিত্ত, মাৎসর্য ব্যতীত (৫২-১) = ৫১ চৈতসিক | ৪ | ২ | ৮ |
| (৩) অন্তঃস্থিত-বহিঃস্থিতারম্মণ ধর্মসমূহ ( অজ্ঝত্তা বহিদ্ধারম্মণা ধম্মা ) ৫৪ কামাবচর চিত্ত, ২ ঋদ্ধিপাদ, মাৎসর্য, ঈর্ষ্যা ও ২ অপ্রমেয় ব্যতীত (৫২-৪) = ৪৮ চৈতসিক | ৪ | ২ | ৮ |
| ২২। (১) সনিদর্শন-সপ্রতিঘ ধর্মসমূহ ( সনিদস্সনা-সপ্পটিঘা ধম্মা ) দৃশ্যমান রূপ | ১ | ১ | ১ |
| (২) অনিদর্শন-সপ্রতিঘ ধর্মসমূহ ( অনিদস্সন-সপ্পটিঘা ধম্মা ) দৃশ্যমান রূপ ব্যতীত স্থূল রূপ ১২-১ = ১১ | ১ | ৯ | ৯ |

স্কন্ধ আয়তন ধাতু

(৩) অনিদর্শন-অপ্রতিঘ ধর্মসমূহ ( অনিদস্সন-অপ্পটিঘা ধম্মা ) ৮৯ চিত্ত, ৫২ চৈতসিক, ১৬ সূক্ষ্মরূপ ও নির্বাণ — ৫* ২ ২

২২ তিক সমাপ্ত।

---

## (খ) দুক—১০০ ( দুক—১০০ )

### (১) হেতু গুচ্ছ ৬ ( হেতু গোচ্ছকং ৬ )

১। (১) হেতু ধর্মসমূহ ( হেতু ধম্মা ) ৬ কুশলাকুশল মূল—লোভ, দ্বেষ, মোহ, অলোভ, অদ্বেষ ও অমোহ — ১ ১ ১

(২) হেতুহীন ধর্মসমূহ ( ন-হেতু ধম্মা ) ৮৯ চিত্ত, ৬ কুশলাকুশল ব্যতীত (৫২—৬)=৪৬ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ — ৫* ১২ ১৮

২। (১) সহেতুক ধর্মসমূহ ( সহেতুকা ধম্মা ) ৭১ হেতু-সম্প্রযুক্ত চিত্ত, দুই মোহ চিত্তে মোহ ব্যতীত (৫২—১)=৫১ চৈতসিক — ৪ ২ ১

(২) অহেতুক ধর্মসমূহ ( অহেতুকা ধম্মা ) ১৮ হেতু ব্যতীত চিত্ত, ছন্দ ব্যতীত সর্বচিত্ত সাধারণ চৈতসিক ৭ এবং প্রকীর্ণক চৈতসিক ৬=৭+৬=১৩ চৈতসিক, দুই মোহমূলক চিত্তে মোহ, ২৮ রূপ ও নির্বাণ — ৫* ১২ ১৮

৩। (১) হেতু-সম্প্রযুক্ত ধর্মসমূহ ( হেতু-সম্পযুত্তা ধম্মা ) ২ (১) এর মত — ৪ ২ ১

(২) হেতু-বিপ্রযুক্ত ধর্মসমূহ ( হেতু বিপ্পযুত্তা ধম্মা ) ২ (২) এর মত — ৫* ১২ ১৮

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ৪। (১) হেতু অথচ সহেতুক ধর্মসমূহ ( হেতু চেব সহেতুকা চ ধম্মা ) দুই মোহ মূলক চিত্তে মোহ ব্যতীত ৬ কুশলাকুশল মূল | ১ | ১ | ১ |
| (২) সহেতুক অথচ হেতুহীন ধর্মসমূহ ( সহেতুকা চেব ন চ হেতু ধম্মা ) ৭১ হেতু সম্প্রযুক্ত চিত্ত, ৬ কুশলাকুশল মূল ব্যতীত (৫২ — ৬) = ৪৬ চৈতসিক | ৪ | ২ | ২ |
| ৫। (১) হেতু অথচ হেতুসম্প্রযুক্ত ধর্মসমূহ ( হেতু চেব হেতুসম্পযুত্তা ধম্মা ) ৪ (১) এর মত | ১ | ১ | ১ |
| (২) হেতুসম্প্রযুক্ত অথচ হেতুহীন ধর্মসমূহ ( হেতু সম্পযুত্তা চেব ন চ হেতু ধম্মা ) ৪ (২) এর মত | ৪ | ২ | ২ |
| ৬। (১) হেতুহীন সহেতুক ধর্মসমূহ ( ন হেতু সহেতুকা ধম্মা ) ৪ (২) এর মত | ৪ | ২ | ২ |
| (২) হেতুহীন অহেতুক ধর্মসমূহ ( ন হেতু অহেতুকা ধম্মা ) ২ (২) এর মত | ৫* | ১২ | ১৮ |

## (২) ক্ষুদ্রান্তর দুক ( চুলন্তর দুকং ৭ )

| | | | |
|---|---|---|---|
| ১। (১) সপ্রত্যয় ধর্মসমূহ ** অর্থাৎ চার প্রত্যয় উৎপন্ন ধর্মসমূহ ( সপ্পচ্চয়া ধম্মা ) ৮৯ চিত্ত, ৫২ চৈতসিক, ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| (২) অপ্রত্যয় অর্থাৎ চার প্রত্যয় ব্যতীত ধর্মসমূহ ( অপ্পচ্চয়া ধম্মা ) নির্বাণ | — | ১ | ১ |

** লোকোৎপত্তিতে 'আলম্বন', উপনিশ্রয়', 'কর্ম' ও 'অস্তি' সম্মতি সত্যতে ও পরমার্থিক সত্যতে বিদ্যমান। তাই এই চার প্রত্যয়কে 'সপ্রত্যয়' বলা হয়।

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
| --- | --- | --- | --- |
| ২। (১) সংস্কৃত অর্থাৎ চার প্রত্যয়ে উৎপন্ন ধর্মসমূহ ( সঙ্খতা ধম্মা ) ১ (১) এর মত | ১ | ১ | ১ |
| (২) অসংস্কৃত ধর্মসমূহ ( অসঙ্খতা ধম্মা ) ১ (২) এর মত | — | ১ | ১ |
| ৩। (১) সনিদর্শন ধর্মসমূহ ( সনিদস্সনা ধম্মা ) দৃশ্যমান রূপ | ১ | ১ | ১ |
| (২) অনিদর্শন ধর্মসমূহ ( অনিদস্সনা ধম্মা ) ৮৯ চিত্ত ৫২ চৈতসিক, দৃশ্যমান রূপ ব্যতীত (২৮ − ১) = ২৭ রূপ ও নির্বাণ | ৫* | ১১ | ১৭ |
| ৪। (১) সপ্রতিঘ ধর্মসমূহ ( সপ্পটিঘা ধম্মা ) ১২ স্থূল রূপ | ১ | ১০ | ১০ |
| (২) অপ্রতিঘ ধর্মসমূহ ( অপ্পটিঘা ধম্মা ) ৮৯ চিত্ত, ৫২ চৈতসিক, ১৬ সূক্ষ্ম রূপ ও নির্বাণ | ৫* | ২ | ৮ |
| ৫। (১) রূপনীয় বা পরিবর্তনীয় ধর্মসমূহ ( রূপিনো ধম্মা ) ২৮ রূপ | ১ | ১১ | ১১ |
| (২) অরূপনীয় বা অপরিবর্তনীয় ধর্মসমূহ ( অরূপিনো ধম্মা ) ৮৯ চিত্ত, ৫২ চৈতসিক ও নির্বাণ | ৪* | ২ | ৮ |
| ৬। (১ লোকীয় ধর্মসমূহ ( লোকিয়া ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, ৫২ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| (২) লোকোত্তর ধর্মসমূহ ( লোকুত্তরা ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪* | ২ | ২ |
| ৭। (১) ( চক্ষু বিজ্ঞানাদির ) যে কোন বিজ্ঞানের দ্বারা বিজ্ঞেয় ধর্মসমূহ ( কেনাচিবিঞ্ঞেয়্যা ধম্মা ) ৮৯ চিত্ত, ৫২ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| (২) ( চক্ষু বিজ্ঞানাদির ) যে কোন বিজ্ঞানের দ্বারা বিজ্ঞেয় নহে ধর্মসমূহ ( কেনাচি ন | | | |

| | | | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|---|
| | | বিঞ্ঞাণ ক্রেয়্যা ধম্মা ) ৮৯ চিত্ত, ৫২ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |

## (৩) আস্রব গুচ্ছ ৬ (আসব গোচ্ছকং ৬ )

| | | | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|---|
| ১। | (১) | আস্রব ধর্মসমূহ ( আসবা ধম্মা ) লোভ, মিথ্যাদৃষ্টি ও মোহ | ১ | ১ | ১ |
| | (২) | আস্রবহীন ধর্মসমূহ ( নো আসবা ধম্মা ) ৮৯ চিত্ত, তৃষ্ণায় তিন বিষয় ব্যতীত (৫২ — ৩) = ৪৯ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ২। | (১) | সাস্রব ধর্মসমূহ ( সাস্বা ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, ৫২ চৈতসিক ২৮ রূপ | ৫ | ১১ | ১৮ |
| | (২) | অনাস্রব ধর্মসমূহ ( অনাসবা ধম্মা) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪* | ২ | ২ |
| ৩। | (১) | আস্রব সম্প্রযুক্ত ধর্মসমূহ (আসব-সম্পযুত্তা ধম্মা) ১২ অকুশল চিত্ত, দুই দ্বেষ মূলক চিত্তে এবং দুই মোহমূলক চিত্তে মোহ ব্যতীত ২৭ চৈতসিক | ৪ | ২ | ১ |
| | (২) | আস্রব বিপ্রযুক্ত ধর্মসমূহ (আসব বিপ্পযুত্তা ধম্মা) ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, ৩৮ চৈতসিক দুই দ্বেষমূলক ও দুই মোহমূলক চিত্তে মোহ, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ৪। | (১) | আস্রব অথচ সাস্রব ধর্মসমূহ ( আসবা চেব সাস্বা চ ধম্মা ) আস্রবের তিন অবস্থা — লোভ, মিথ্যাদৃষ্টি ও মোহ | ১ | ১ | ১ |
| | (২) | সাস্রব অথচ আস্রবহীন ধর্মসমূহ ( সাস্বা চেব নো চ আসবা ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, ৩ আস্রব ব্যতীত (৫২ — ৩) = ৪৯ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |

| | | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|
| ৫। (১) | আস্রব অথচ আস্রব সম্প্রযুক্ত ধর্মসমূহ (আসবা চেব আসব সম্পযুত্তা চ ধম্মা) ৮ লোভমূলক চিত্তে তিনটা আস্রব-লোভ, মিথ্যাদৃষ্টি ও মোহ | ১ | ১ | ১ |
| (২) | আস্রবসম্প্রযুক্ত অথচ আস্রবহীন ধর্মসমূহ (আসব সম্পযুত্তা চেব নো চ আসবা ধম্মা) ১২ অকুশল চিত্ত, তিনটা আস্রব ব্যতীত ২৭ — ৩ = ২৪ চৈতসিক | ৪ | ২ | ২ |
| ৬। (১) | আস্রব বিপ্রযুক্ত সাস্রব ধর্মসমূহ (আসব-বিপ্পযুত্তা সাসবা ধম্মা) ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, ৩৮ চৈতসিক, দুই দ্বেষমূলক ও দুই মোহমূলক চিত্তে মোহ ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| (২) | আস্রব বিপ্রযুক্ত অনাস্রব ধর্মসমূহ (আসব বিপ্পযুত্তা অনাসবা ধম্মা) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪* | ২ | ২ |

** (৪) সংযোজন গুচ্ছ ৬ (সংযোজন গোচ্ছকং ৬)*

| | | | | |
|---|---|---|---|---|
| ১। (১) | সংযোজন ধর্মসমূহ (সংযোজনা ধম্মা) ৮ সংযোজন ধর্ম—যথা লোভ, দ্বেষ, মান মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঈর্ষ্যা, মাৎসর্য ও মোহ | ১ | ১ | ১ |
| (২) | সংযোজনহীন ধর্মসমূহ (নো সংযোজনা ধম্মা) ৮৯ চিত্ত, ৮ সংযোজন ব্যতীত (৫২ — ৮) = ৪৪ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |

* মূল বইতে উহার উল্লেখ মাত্র আছে, বিস্তারিত ব্যাখ্যা নাই।

| | | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|
| ২। | (১) সংযোজনীয় ধর্মসমূহ ( সংযোজনিয়া ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, ৫:চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| | (২) অসংযোজনীয় ধর্মসমূহ ( অসংযোজনিয়া ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪✻ | ২ | ২ |
| ৩। | (১) সংযোজন সম্প্রযুক্ত ধর্মসমূহ ( সংযোজন সম্পযুত্তা ধম্মা ) ১১ অকুশল চিত্ত, ঔদ্ধত্য সম্প্রযুক্ত চিত্তে মোহ ব্যতীত ২৭ চৈতসিক | ৪ | ২ | ২ |
| | (২) সংযোজন বিপ্রযুক্ত ধর্মসমূহ ( সংযোজন-বিপ্পযুত্তা ধম্মা ) ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত ৩৮ চৈতসিক, ঔদ্ধত্য চিত্তে মোহ, ২৮ রূপ ও নির্বাণ | ৫✻ | ১২ | ১৮ |
| ৪। | (১) সংযোজন অথচ সংযোজনীয় ধর্মসমূহ ( সংযোজনা চেব সংযোজনিয়া ধম্মা ) ৮ প্রকার সংযোজন ধর্ | ১ | ১ | ১ |
| | (২) সংযোজনীয় অথচ সংযোজনহীন ধর্মসমূহ ( সংযোজনিয়া চেব নো চ সংযোজনা ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, ৮ প্রকার সংযোজন ব্যতীত (৫২ — ৮) = ৪৪ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| ৫। | (১) সংযোজন অথচ সংযোজন সম্প্রযুক্ত ধর্মসমূহ ( সংযোজনা চেব সংযোজন সম্পযুত্তা চ ধম্মা ) ঔদ্ধত্য চিত্তে মোহ ব্যতীত ৮ সংযোজন ধর্ম | ১ | ১ | ১ |
| | (২) সংযোজন সম্প্রযুক্ত অথচ সংযোজনহীন ধর্মসমূহ ( সংযোজন সম্পযুত্তা চেব নো চ সংযোজনা ধম্মা ) ১২ কুশল চিত্ত ৮ সংযোজন ব্যতীত (২৭ — ৮) = ১৯ চৈতসিক | ৪ | ২ | ২ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ৬। (১) সংযোজন বিপ্রযুক্ত সংযোজনীয় ধর্মসমূহ ( সংযোজন বিপ্পযুত্তা সংযোজনিয়া ধম্মা ) ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, ৩৮ চৈতসিক, ঔদ্ধত্য চিত্তে মোহ এবং ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| (২) সংযোজন বিপ্রযুক্ত অসংযোজনীয় ধর্মসমূহ ( সংযোজন বিপ্পযুত্তা অসংযোজনিয়া ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪※ | ২ | ২ |

## ※ ৫) গ্রন্থি গুচ্ছ ৬ ( গন্থ গোচ্ছকং ৬ )

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ১। (১) গ্রন্থি ধর্মসমূহ ( গন্থা ধম্মা ) তিন গ্রন্থিধর্ম যথা--লোভ, দ্বেষ ও মিথ্যাদৃষ্টি | ১ | ১ | ১ |
| (২) গ্রন্থিহীন ধর্মসমূহ ( নো গন্থা ধম্মা ) ৮৯ চিত্ত. গ্রন্থি ধর্ম ব্যতীত (৫২ — ৩) = ৪৯ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫※ | ১২ | ১৮ |
| ২। (১) গ্রন্থির উপযুক্ত ধর্মসমূহ ( গন্থনিয়া ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, ৫২ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| (২) গ্রন্থির অনুপযুক্ত ধর্মসমূহ ( অগন্থনিয়া ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪※ | ২ | ২ |
| ৩। (১) গ্রন্থি সম্প্রযুক্ত ধর্মসমূহ ( গন্থ সম্পযুত্তা ধম্মা ) ৮ লোভমূলক চিত্ত ২ দ্বেষমূলক চিত্ত ; ৪ মিথ্যা দৃষ্টি বিপ্রযুক্ত চিত্তে লোভ ও দুই দ্বেষমূলক চিত্তে বিচিকিৎসা ব্যতীত (২৭ — ২) = ২৫ চৈতসিক | ৪ | ২ | ২ |

মূলগ্রন্থে বিস্তারিত আলোচনা নাই।

| | | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|
| | (২) গ্রন্থি বিপ্রযুক্ত ধর্মসমূহ ( গন্থ-বিপ্পযুত্তা ধম্মা ) ২ মোহমূল চিত্ত, ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত ; লোভ, মিথ্যাদৃষ্টি, মান, দ্বেষ, ঈর্ষ্যা মাৎসর্য, কৌকৃত্য, স্ত্যান ও মিদ্ধ ব্যতীত (৫২ — ৯) = ৪৩ চৈতসিক, ৪ মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত লোভ এবং দুই দ্বেষ মূলক চিত্তে দ্বেষ, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ৪। | (১) গ্রন্থি অথচ গ্রন্থির উপযুক্ত ধর্মসমূহ ( গন্থা চেব গন্থনিয়া চ ধম্মা ) তিন গ্রন্থি | ১ | ১ | ১ |
| | (২) গ্রন্থির উপযুক্ত অথচ গ্রন্থিহীন ধর্মসমূহ ( গন্থনিয়া চেব নো চ গন্থা ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, তিন গ্রন্থি ব্যতীত (৫২ — ৩) = ৪৯ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| ৫। | (১) গ্রন্থি অথচ গ্রন্থি সম্প্রযুক্ত ধর্মসমূহ ( গন্থা চেব গন্থ-সম্পযুত্তা চ ধম্মা ) ৪ মিথ্যাদৃষ্টি সহগত চিত্তে লোভ ও মিথ্যাদৃষ্টি (২ গ্রন্থি) | ১ | ১ | ১ |
| | (২) গ্রন্থি সম্প্রযুক্ত অথচ গ্রন্থিহীন ধর্মসমূহ ( গন্থ সম্পযুত্তা চেব নো চ গন্থা ধম্মা ) ৮ লোভমূল চিত্ত, ২ প্রতিঘমূলক চিত্ত, তিন গ্রন্থি ও বিচিকিৎসা ব্যতীত (২৭ — ৪) = ২৩ চৈতসিক | ৪ | ২ | ২ |
| ৬। | (১) গ্রন্থি বিপ্রযুক্ত গ্রন্থির উপযুক্ত ধর্মসমূহ ( গন্থ বিপ্পযুত্তা গন্থনিয়া ধম্মা ) ২ মোহমূলক চিত্ত, ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত ; লোভ মিথ্যাদৃষ্টি, মান, দ্বেষ, ঈর্ষ্যা, মাৎসর্য, কৌকৃত্য, স্ত্যান ও মিদ্ধ ব্যতীত (৫২ — ৯) = ৪৩ চৈতসিক ৪ দৃষ্টি বিপ্রযুক্ত চিত্তে লোভ, ২ প্রতিঘমূলক চিত্তে দ্বেষ, ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |

| | | ক্ষন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|
| (২) | গ্রন্থি বিপ্রযুক্ত গ্রন্থির অনুপযুক্ত ধর্মসমূহ ( গন্থ বিপ্পযুত্তা অগন্থনিয়া ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪* | ২ | ২ |

**** (৬) ওঘ গুচ্ছ ৬ ( ওঘ গোচ্ছকং ৬ )**

**** (৭) যোগ গুচ্ছ ৬ (যোগ গোচ্ছকং ৬)**

**০ (৮) নীবরণ গুচ্ছ ৬ (নীবরণ গোচ্ছকং ৬)**

| | | | ক্ষন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|---|
| ১। | (১) | নীবরণ ধর্মসমূহ ( নীবরণা ধম্মা ) ৮ প্রকার নীবরণ ধর্ম। যথা—লোভ, দ্বেষ, স্ত্যান, মিদ্ধ, ঔদ্ধত্য, কৌকৃত্য, বিচিকিৎসা ও মোহ | ১ | ১ | ১ |
| | (২) | নীবরণ নহে ধর্মসমূহ ( নো নীবরণা ধম্মা ) ৮৯ চিত্ত, ৮ নীবরণ ব্যতীত (৫২ – ৮) = ৪৪ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ২। | (১) | নীবরণযোগ্য ধর্মসমূহ ( নীবরণিয়া ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, ৫২ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| | (২) | নীবরণের অযোগ্য ধর্মসমূহ ( অ-নীবরণিয়া ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪* | ২ | ২ |
| ৩। | (১) | নীবরণ সম্প্রযুক্ত ধর্মসমূহ ( নীবরণ সম্পযুত্তা ধম্মা ) ১২ অকুশল চিত্ত ২৭ চৈতসিক | ৪ | ২ | ২ |
| | (২) | নীবরণ বিপ্রযুক্ত ধর্মসমূহ ( নীবরণ বিপ্পযুত্তা ধম্মা ) ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত ৩৮ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |

** (৬) ও (৭) গ্রন্থি গুচ্ছের ন্যায়।

০ মূলগ্রন্থে বিস্তারিত আলোচিত হয় নাই।

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ৪। (১) নীবরণ অথচ নীবরণযোগ্য ধর্মসমূহ ( নীবরণা চেব নীবরণিয়া ধম্মা ) ৮ প্রকার নীবরণ | ১ | ১ | ১ |
| (২) নীবরণ যোগ্য অথচ নীবরণহীন ধর্মসমূহ ( নীবরণিয়া চেব নো চ নীবরণা ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, ৮ নীবরণ ব্যতীত (৫২ − ৮) = ৪৪ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| ৫। (১) নীবরণ অথচ নীবরণ সম্প্রযুক্ত ধর্মসমূহ ( নীবরণা চেব নীবরণসম্পযুত্তা ধম্মা ) ৮ প্রকার নীবরণ | ১ | ১ | ১ |
| (২) নীবরণ সম্প্রযুক্ত অথচ নীবরণহীন ধর্মসমূহ ( নীবরণ সম্পযুত্তা চেব নো চ নীবরণা ধম্মা ) ১২ অকুশল চিত্ত, ৮ নীবরণ ব্যতীত (২৭ − ৮) = ১৯ চৈতসিক | ৪ | ২ | ২ |
| ৬। (১) নীবরণ বিপ্রযুক্ত নীবরণযোগ্য ধর্মসমূহ (নীবরণ বিপ্পযুত্তা নীবরণিয়া ধম্মা) ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক, ২০ ক্রিয়া চিত্ত, ৩৮ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| (২) নীবরণ বিপ্রযুক্ত নীবরণযোগ্য নহে ধর্মসমূহ ( নীবরণ বিপ্পযুত্তা নো নীবরণিয়া ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪※ | ২ | ২ |

### (৯) *বিকৃতমত গুচ্ছ ৫ (পরামাস গোচ্ছকং ৫)*

| | | | |
|---|---|---|---|
| ১। (১) বিকৃতমত ধর্মসমূহ ( পরামাসা ধম্মা ) বিকৃতমত হল মিথ্যাদৃষ্টি | ১ | ১ | ১ |
| (২) বিকৃতমত নহে ধর্মসমূহ ( নো পরামাসা ধম্মা ) ৮৯ চিত্ত, মিথ্যাদৃষ্টি ব্যতীত (৫২ − ১) = ৫১ চৈতসিক ২৮ রূপ ও নির্বাণ | ৫※ | ১২ | ১৮ |

| | | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|
| ২। | (১) বিকৃতবিশিষ্ট ধর্মসমূহ ( পরামট্ঠা ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, ৫২ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| | (২) অবিকৃত মতবিশিষ্ট ধর্মসমূহ ( অ-পরামট্ঠা ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪* | ২ | ২ |
| ৩। | (১) বিকৃতমত সম্প্রযুক্ত ধর্মসমূহ (পরামাস সম্পযুত্তা ধম্মা ) ৪ দৃষ্টিসম্প্রযুক্ত চিত্ত ; মিথ্যাদৃষ্টি, মান, দ্বেষ, ঈর্ষ্যা, মাৎসর্য, কৌকৃত্য এবং বিচিকিৎসা ব্যতীত ২৭—৭)=২০ চৈতসিক | ৪ | ২ | ২ |
| | (২) বিকৃতমত বিপ্রযুক্ত ধর্মসমূহ ( পরামাস বিপ্পযুত্তা ধম্মা ) ৪ দৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত, ২ দ্বেষ মূলক চিত্ত, ২ মোহমূলক চিত্ত, ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, মিথ্যাদৃষ্টি ব্যতীত (৫২—১)=৫০ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ৪। | (১) বিকৃতমত অথচ বিকৃতমত বিশিষ্ট ধর্মসমূহ ( পরামাসা চেব নো চ পরামট্ঠা চ ধম্মা ) বিকৃতমত হল মিথ্যাদৃষ্টি | ১ | ১ | ১ |
| | (২) বিকৃতমত বিশিষ্ট অথচ বিকৃতমতহীন ধর্মসমূহ ( পরামট্ঠা চেব নো চ পরামাসা ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, মিথ্যাদৃষ্টি ব্যতীত (৫২—১) =৫০ চৈতসিক এবং ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| ৫। | (১) বিকৃতমত বিপ্রযুক্ত বিকৃতমত বিশিষ্ট ধর্মসমূহ ( পরামাস বিপ্পযুত্তা পরামট্ঠা ধম্মা ) ৪ দৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত, ২ দ্বেষমুলক চিত্ত, ২ মোহমুলক চিত্ত, ১৭ লোকীয় কুশল চিত্ত, | | | |

| | | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|
| | ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত. মিথ্যাদৃষ্টি ব্যতীত (৫২ — ১) = ৫১ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| (২) | বিকৃতমত বিপ্রযুক্ত অবিকৃতমত বিশিষ্ট ধর্মসমূহ ( পরামাস বিপ্পযুত্তা অ-পরামাসা ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪* | ২ | ১ |

## (১০) *মহদান্তর গুচ্ছ ১৪ ( মহন্তর দুকং ১৪ )*

| | | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|
| ১। (১) | সারম্মণ ধর্মসমূহ ( সারম্মণা ধম্মা ) ৮৯ চিত্ত ও ৫২ চৈতসিক | ৪ | ২ | ৮ |
| (২) | অনারম্মণ ধর্মসমূহ ( অনারম্মণা ধম্মা ) ২৮ রূপ ও নির্বাণ | ১* | ১১ | ১১ |
| ২। (১) | চিত্ত ধর্মসমূহ ( চিত্তা ধম্মা ) ৮৯ চিত্ত | ১ | ১ | ৭ |
| (২) | চিত্ত ব্যতীত ধর্মসমূহ ( নো চিত্তা ধম্মা ) ৫২ চৈতসিক ২৮ রূপ ও নির্বাণ | ৪* | ১১ | ১১ |
| ৩। (১) | চৈতসিক ধর্মসমূহ ( চেতসিকা ধম্মা ) ৫২ চৈতসিক | ৩ | ১ | ১ |
| (২) | অচৈতসিক ধর্মসমূহ ( অ-চেতসিকা ধম্মা ) ৮৯ চিত্ত, ২৮ রূপ ও নির্বাণ | ২* | ১২ | ১৮ |
| ৪। (১) | চিত্ত সম্প্রযুক্ত ধর্মসমূহ ( চিত্ত সম্পযুত্তা ধম্মা ) ৫২ চৈতসিক | ৩ | ১ | ১ |
| (২) | চিত্ত বিপ্রযুক্ত ধর্মসমূহ ( চিত্ত বিপ্পযুত্তা ধম্মা ) ২৮ রূপ ও নির্বাণ | ১* | ১১ | ১১ |
| ৫। (১) | চিত্ত সংযুক্ত ধর্মসমূহ ( চিত্ত সংসট্ঠা ধম্মা ) ৪ (১) এর মত | ৩ | ১ | ১ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| (২) চিত্ত সংযুক্ত নহে ধর্মসমূহ ( চিত্ত-বিসংসট্ঠা ধম্মা ) ৪ (২) এর মত | ১* | ১১ | ১১ |
| ৬। (১) চিত্ত-সমুত্থান ধর্মসমূহ ( চিত্ত-সমুট্ঠানা ধম্মা ) ৫২ চৈতসিক এবং ১৭ চিত্তজরূপ | ৪ | ৬ | ৬ |
| (২) চিত্ত-সমুত্থান নহে ধর্মসমূহ (নো চিত্ত-সমুট্ঠানা ধম্মা ) ৮৯ চিত্ত, ২০ কর্মজ রূপ, ১৫ ঋতুজ রূপ, ১৪ আহারজরূপ ও নির্বাণ | ২* | ১২ | ১৮ |
| ৭। (১) চিত্ত সহ-উৎপন্ন ধর্মসমূহ ( চিত্ত সহভুনো ধম্মা) ৫২ চৈতসিক এবং ২ বিজ্ঞপ্তি | ৪ | ১ | ১ |
| (২) চিত্ত-সহ-উৎপন্ন নহে ধর্মসমূহ ( নো চিত্ত-সহভুনো ধম্মা ) ৮৯ চিত্ত, দুই বিজ্ঞপ্তি ব্যতীত (২৮—২) = ২৬ রূপ ও নির্বাণ | ২* | ১২ | ১৮ |
| ৮। (১) চিত্ত অনুপরিবর্তী ধর্মসমূহ ( চিত্তানুপরিবত্তিনো ধম্মা ) ৭ (১) এর মত | ৪ | ১ | ১ |
| (২) চিত্ত-অনুপরিবর্তী নহে ধর্মসমূহ ( নো-চিত্তানুপরিবত্তিনো ধম্মা ) ৭ (২) এর মত | ২* | ১২ | ১৮ |
| ৯। (১) চিত্ত-সংযুক্ত-সমুত্থান ধর্মসমূহ ( চিত্ত-সংসট্ঠ-সমুট্ঠানা ধম্মা ) ৩ (১) এর মত | ৩ | ১ | ১ |
| (২) চিত্ত-সংযুক্ত-সমুত্থান নহে ধর্মসমূহ ( নো চিত্ত-সংসট্ঠ-সমুট্ঠানা ধম্মা ) ৩ (২) এর মত | ২* | ১২ | ১৮ |
| ১০। (১) চিত্ত-সংযুক্ত-সমুত্থান-সহ উৎপন্ন ধর্মসমূহ ( চিত্ত-সংসট্ঠ-সমুট্ঠানা-সহভুনো ধম্মা ) ৯ (১) এর মত | ৩ | ১ | ১ |
| (২) চিত্ত-সংযুক্ত-সমুত্থান-সহ উৎপন্ন নহে ধর্মসমূহ ( নো চিত্ত-সংসট্ঠ-সমুট্ঠান সহভুনো ধম্মা ) ৯ (২) এর মত | ২* | ১২ | ১৮ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ১১। (১) চিত্ত-সংযুক্ত-সমুত্থান-অনুপরিবর্তী ধর্মসমূহ ( চিত্ত-সংসট্ঠ-সমুট্ঠানানুপরিবত্তিনো ধম্মা ) ৯ (১) এর মত | ৩ | ১ | ১ |
| (২) চিত্ত সংযুক্ত-সমুত্থান-অনুপরিবর্তী নহে ধর্মসমূহ ( নো চিত্ত-সংসট্ঠ-সমুট্ঠানুপরিবত্তিনো ধম্মা ) ৯ (২) এর মত | ২* | ১২ | ১৮ |
| ১২। (১) অন্তঃস্থিত ধর্মসমূহ ( অজ্ঝত্তিকা ধম্মা ) ৮৯ চিত্ত, ৫ প্রসাদ রূপ | ২ | ৬ | ১২ |
| (২) বহিঃস্থিত ধর্মসমূহ (বাহিরা ধম্মা) ৫২ চৈতসিক, পাঁচ প্রসাদ রূপ ব্যতীত (২৮ − ৫) = ২৩ রূপ ও নির্বাণ | ৪* | ৬ | ৬ |
| ১৩। (১) উপাত্ত ধর্মসমূহ ( উপাদা ধম্মা ) ২৪ মহাভূতোৎপন্ন রূপ | ১ | ১০ | ১১ |
| (২) অনুপাত্ত ধর্মসমূহ ( নো-উপাদা ধম্মা ) ৮৯ চিত্ত, ৫২ চৈতসিক, ৪ মহাভূত ও নির্বাণ | ৫* | ৩ | ৯ |
| ১৪। (১) উপাদিন্ন বা দৃঢ়ভাবে আঁকাড়ায়ে ধরা ধর্মসমূহ ( উপাদিন্না ধম্মা ) ৩২ লোকীয় বিপাক চিত্ত, ৩৫ চৈতসিক ও ২০ কর্মজরূপ | ৫ | ১১ | ১৭ |
| (২) অনুপাদিন্ন বা দৃঢ়ভাবে আঁকাড়ায়ে ধরা নহে ধর্মসমূহ ( অনুপাদিন্না ধম্মা ) ১২ অকুশল চিত্ত, ২১ কুশল চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, ৪ ফল চিত্ত, ৫২ চৈতসিক, ১৭ চিত্তজ রূপ, ১৫ ঋতুজ রূপ, ১৪ আহারজ রূপ ও নির্বাণ | ৫* | ৭ | ৮ |

### (১১) উপাদানগুচ্ছ ৬ (উপাদান গোচ্ছকং ৬)

| | | | |
|---|---|---|---|
| ১। (১) উপাদান বা দৃঢ়ভাবে গ্রহণ করা ধর্মসমূহ (উপাদানা ধম্মা) ২ উপাদান ধর্ম। যথা—লোভ ও মিথ্যাদৃষ্টি | ১ | ১ | ১ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| (২) উপাদানহীন ধর্মসমূহ ( নো-উপাদানা ধম্মা ) ৮৯ চিত্ত, ২ উপাদান ব্যতীত (৫২ — ২) = ৫০ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ২। (১) উপাদানযোগ্য ধর্মসমূহ ( উপাদানিয়া ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, ৫২ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| (২) উপাদান অযোগ্য ধর্মসমূহ ( নো-উপাদানিয়া ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪* | ২ | ২ |
| ৩। (১) উপাদান সম্প্রযুক্ত ধর্মসমূহ ( উপাদান সম্পযুত্তা ধম্মা ) ৮ লোভমূলক চিত্ত, ৪ মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তে লোভের কারণে দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য, কৌকৃত্য ও বিচিকিৎসা ব্যতীত (২৭ — ৫) = ২২ চৈতসিক | ১ | ১ | ১ |
| (২) উপাদান বিপ্রযুক্ত ধর্মসমূহ ( উপাদান বিপ্পযুত্তা ধম্মা ) ২ প্রতিঘমূলক চিত্ত, ২ মোহমূলক চিত্ত, ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত ; লোভ, মিথ্যাদৃষ্টি ও মান ব্যতীত (৫২ — ৩) = ৪৯ চৈতসিক, ৪ দৃষ্টি বিপ্রযুক্ত চিত্তে লোভ, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ৪। (১) উপাদান অথচ উপাদানযোগ্য ধর্মসমূহ ( উপাদান চেব উপাদানিয়া ধম্মা ) উপাদান ধর্ম লোভ ও মিথ্যাদৃষ্টি | ১ | ১ | ১ |
| (২) উপাদানযোগ্য অথচ উপাদানহীন ধর্মসমূহ ( উপাদানিয়া চেব নো চ উপাদানা ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, মিথ্যাদৃষ্টি ও লোভ উপাদান ব্যতীত (৫২ — ২) = ৫০ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ৫। (১) উপাদান অথচ উপাদান সম্প্রযুক্ত ধর্মসমূহ ( উপাদানা চেব উপাদান সম্পযুত্তা চ ধম্মা ) মিথ্যাদৃষ্টি সহগত ৪ চিত্তে দুই উপাদান লোভ ও মিথ্যাদৃষ্টি | ১ | ১ | ১ |
| (২) উপাদান সম্প্রযুক্ত অথচ উপাদানহীন ধর্মসমূহ ( উপাদান সম্পযুত্তা চেব নো চ উপাদানা ধম্মা ) ৮ লোভমূলক চিত্ত, দুই উপাদান ব্যতীত (২২ — ২) = ২০ চৈতসিক | ৪ | ২ | ২ |
| ৬। (১) উপাদান বিপ্রযুক্ত উপাদানযোগ্য ধর্মসমূহ ( উপাদান বিপ্পযুত্তা উপাদানিয়া ধম্মা ) ২ দ্বেষমূলক চিত্ত, ২ মোহমূলক চিত্ত, ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, লোভ; মিথ্যাদৃষ্টি ও মান ব্যতীত (৫২ – ৩) = ৪৯ চৈতসিক, দৃষ্টিবিপ্রযুক্ত ৪ চিত্তে লোভ ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| (২) উপাদান বিপ্রযুক্ত উপাদান অযোগ্য ধর্মসমূহ ( উপাদান বিপ্পযুত্তা অনুপাদানিয়া ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪* | ২ | ২ |

## (১২) ক্লেশ গুচ্ছ ৮ ( কিলেসগোচ্ছকং ৮ )

| | | | |
|---|---|---|---|
| ১। (১) ক্লেশ ধর্মসমূহ ( কিলেসা ধম্মা ) ১০ ক্লেশ ধর্ম। যথা— লোভ, দ্বেষ, মোহ, মান, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী ও অনপত্রপা | ১ | ১ | ১ |
| (২) ক্লেশহীন ধর্মসমূহ ( নো কিলেসা ধম্মা ) ৮৯ চিত্ত, ক্লেশধর্ম ব্যতীত (৫২ – ১০) = ৪২ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| ২। (১) সংক্লেশিক ধর্মসমূহ ( সংকিলেসিকা ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, ৫২ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| (২) অসংক্লেশিক ধর্মসমূহ ( অসংকিলেসিকা ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪* | ২ | ২ |
| ৩। (১) সংক্লিষ্ট ধর্মসমূহ ( সংকিলিট্ঠা ধম্মা ) ১২ অকুশল চিত্ত ও ২৭ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (২) অসংক্লিষ্ট ধর্মসমূহ ( অসংকিলিট্ঠা ধম্মা ) ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, ৩৮ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ৪। (১) ক্লেশ সম্প্রযুক্ত ধর্মসমূহ ( কিলেস সম্পযুত্তা ধম্মা ) ৩ (১) এর মত | ৪ | ২ | ২ |
| (২) ক্লেশ বিপ্রযুক্ত ধর্মসমূহ ( কিলেস বিপ্পযুত্তা ধম্মা ) ৩ (২) এর মত | ৫* | ১২ | ১৮ |
| ৫। (১) ক্লেশ অথচ সংক্লেশিক ধর্মসমূহ ( কিলেসা চেব সংকিলেসিকা ধম্মা ) ১০ ক্লেশ ধর্ম | ১ | ১ | ১ |
| (২) সংক্লেশিক অথচ ক্লেশহীন ধর্মসমূহ ( সংকিলেসিকা চেব নো চ কিলেসা ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, ১০ ক্লেশ ব্যতীত (৫২ − ১০) = ৪২ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| ৬। (১) ক্লেশ অথচ সংক্লিষ্ট ধর্মসমূহ ( কিলেসা চেব সংকিলিট্ঠা চ ধম্মা ) ১০ ক্লেশ ধর্ম | ১ | ১ | ১ |
| (২) সংক্লিষ্ট অথচ ক্লেশহীন ধর্মসমূহ ( সংকিলিট্ঠা চেব নো চ কিলেসা ধম্মা ) ১২ অকুশল চিত্ত, ক্লেশ ধর্ম ব্যতীত (২৭ − ১০) = ১৭ চৈতসিক | ৪ | ২ | ২ |

স্কন্ধ আয়তন ধাতু

৭। (১) ক্লেশ অথচ ক্লেশসম্প্রযুক্ত ধর্মসমূহ ( কিলেসা চেব কিলেস-সম্পযুত্তা চ ধম্মা ) ৬ (১) এর মত ১ ১ ১

(২) ক্লেশ সম্প্রযুক্ত অথচ ক্লেশহীন ধর্মসমূহ ( কিলেস-সম্পযুত্তা চেব নো চ কিলেসা ধম্মা ) ৬ (২) এর মত ৪ ১ ২

৮। (১) ক্লেশ বিপ্রযুক্ত সংক্লেশিক ধর্মসমূহ ( কিলেস বিপ্পযুত্তা সংকিলেসিকা ধম্মা ) ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, ৩৮ চৈতসিক ও ২৮ রূপ ৫ ১২ ১৮

(২) ক্লেশ বিপ্রযুক্ত অসংক্লেশিক ধর্মসমূহ ( কিলেস বিপ্পযুত্তা অসংকিলেসিকা ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ ৪* ১ ২

## (১৩) পৃষ্ঠ বা শেষ দুক ১৮ ( পিট্ঠিদুকং ১৮ )

১। (১) দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ ( দস্সনেন পহাতব্বা ধম্মা ) ৮ লোভমূলক চিত্ত, ১ দ্বেষমূলক, ১ বিচিকিৎসা চিত্ত ২৭ চৈতসিক **

(২) দর্শনের দ্বারা পরিত্যাজ্য নহে ধর্মসমূহ ( ন-দস্সনেন-পহাতব্বা ধম্মা ) ৪ দৃষ্টিবিপ্রযুক্ত চিত্ত, নিয়গামী নহে ২ দ্বেষমূলক চিত্ত, ১ ঔদ্ধত্য চিত্ত, ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত ; মিথ্যাদৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত (৫২ — ২) = ৫০ চৈতসিক ২৮ রূপ ও নির্বাণ ৫* ১২ ১৮

** ৮ (১) দেখে এষ্টব্য।

| | | | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|---|
| ২। | (১) | ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ ( ভাবনায় পহাতব্বা ধম্মা ) ৪ দৃষ্টিবিপ্রযুক্ত চিত্ত. ২ দ্বেষমূলক চিত্ত, ১ ঔদ্ধত্য চিত্ত, মিথ্যাদৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত (২৭ — ২) = ২৫ চৈতসিক | ৪ | ২ | ২ |
| | (২) | ভাবনার দ্বারা পরিত্যাজ্য নহে ধর্মসমূহ ( ন ভাবনায় পহাতব্বা ধম্মা ) ৪ দৃষ্টিবিপ্রযুক্ত চিত্ত, নিম্নগামী ২ দ্বেষমূলক চিত্ত, ৪ দৃষ্টি সম্প্রযুক্ত চিত্ত, ১ বিচিকিৎসা চিত্ত, ২১ কুশল চিত্ত. ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, ৫২ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ৩। | (১) | দর্শনের দ্বারা পরিত্যাজ্য হেতুক ধর্মসমূহ ( দস্সনেন-পহাতব্ব হেতুকা ধম্মা ) ৮ লোভমূলক চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ১ বিচিকিৎসা চিত্ত, বিচিকিৎসা চিত্তে মোহ ব্যতীত (২৭ — ১) = ২৬ চৈতসিক | ৪ | ২ | ২ |
| | (২) | দর্শনের দ্বারা পরিত্যাজ্য নহে হেতুক ধর্মসমূহ ( ন-দস্সনেন পহাতব্ব হেতুকা ধম্মা ) ৪ দৃষ্টি বিপ্রযুক্ত চিত্ত, নিম্নগামী নহে ২ দ্বেষমূলক চিত্ত, ১ ঔদ্ধত্য চিত্ত, ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত. ২০ ক্রিয়া চিত্ত. মিথ্যাদৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত (৫২ — ২) = ৫০ চৈতসিক, বিচিকিৎসা চিত্তে মোহ, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ৪। | (১) | ভাবনার দ্বারা পরিত্যাজ্য হেতুক ধর্মসমূহ ( ভাবনায় পহাতব্ব হেতুকা ধম্মা ) ঠিক ২ (২) এর মত | ৪ | ২ | ২ |

| | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|
| (২) ভাবনার দ্বারা পরিত্যাজ্য নহে হেতুক ধর্মসমূহ ( ন-ভাবনায় পহাতব্ব হেতুকা ধম্মা ) ১ দৃষ্টি-বিপ্রযুক্ত চিত্ত, নিম্নগামী নহে ২ দ্বেষমূলক চিত্ত, ৪ দৃষ্টি সহগত চিত্ত, ১ বিচিকিৎসা চিত্ত, ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, ৫২ চৈতসিক, ঔদ্ধত্য চিত্তে মোহ, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ৫। (১) সবিতর্ক ধর্মসমূহ ( স-বিতক্কা ধম্মা ) ৫৫ সবিতর্কযুক্ত চিত্ত, বিতর্ক ব্যতীত (৫২ — ১) = ৫১ চৈতসিক | ৪ | ২ | ৩ |
| (২) অবিতর্ক চিত্ত ( অ-বিতক্কা ধম্মা ) ৬৬ অবিতর্ক চিত্ত, বিতর্ক ব্যতীত (৩৮ — ১) = ৩৭ চৈতসিক, ৫৫ বিতর্ক চিত্তে ৫৫ বিতর্ক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৭ |
| ৬। (১) সবিচার ধর্মসমূহ ( স-বিচারা ধম্মা ) ৬৬ সবিচার চিত্ত, বিচার ব্যতীত (৫২ — ১) = ৫১ চৈতসিক | ৪ | ২ | ৩ |
| (২) অবিচার ধর্মসমূহ ( অবিচারা ধম্মা ) ৫৫ অবিচার চিত্ত, সবিতর্ক ও বিচার ব্যতীত (৩৮ — ২) = ৩৬ চৈতসিক, ৬৬ বিচার চিত্তে ৬৬ বিচার রূপ ২৮ ও নির্বাণ | ৫* | ১২ | ১৭ |
| ৭। (১) সপ্রীতি ধর্মসমূহ ( সপ্পীতিকা ধম্মা ) ৫১ প্রীতি-যুক্ত চিত্ত ; প্রীতি, দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য, কৌকৃত্য ও বিচিকিৎসা ব্যতীত (৫২ — ৬) = ৪৬ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (২) অপ্রীতি ধর্মসমূহ ( অপ্পীতিকা ধম্মা ) ৭০ প্রীতি বিযুক্ত চিত্ত, প্রীতি ব্যতীত (৫২ — ১) = ৫১ চৈতসিক, ৫১ প্রীতিযুক্ত চিত্তে ৫১ প্রীতি, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |

| | | | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|---|
| ৮। | (১) | প্রীতিসহগত ধর্মসমূহ ( পীতিসহগতা ধম্মা ) ৭ (১) এর মত | ৪ | ২ | ২ |
| | (২) | প্রীতিসহগত নহে ধর্মসমূহ ( ন-পীতিসহগতা ধম্মা ) ৭ (২) এর মত | ৫* | ১১ | ১৮ |
| ৯। | (১) | সুখসহগত ধর্মসমূহ ( সুখসহগতা ধম্মা ) ৬৩ সুখসহগত চিত্ত ; বেদনা, দ্বেষ, ঈর্ষ্যা মাৎসর্য, কৌকৃত্য ও বিচিকিৎসা ব্যতীত (৫২ — ৬) = ৪৬ চৈতসিক | ৩ | ২ | ৩ |
| | (২) | সুখসহগত নহে ধর্মসমূহ ( ন-সুখসহগতা ধম্মা ) ৩ দুঃখ সম্প্রযুক্ত চিত্ত, ৫৫ উপেক্ষা সহগত চিত্ত, প্রীতি ও সৌমনস্য বেদনা ব্যতীত ৬৩ প্রীতিসম্প্রযুক্ত চিত্ত, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ১০। | (১) | উপেক্ষা সহগত ধর্মসমূহ ( উপেক্খা সহগতা ধম্মা ) ৫৫ উপেক্ষা সহগত চিত্ত, বেদনা, প্রীতি, দ্বেষ, ঈর্ষ্যা, মাৎসর্য ও কৌকৃত্য ব্যতীত (৫২ — ৬) = ৪৬ চৈতসিক | ৩ | ২ | ৭ |
| | (২) | উপেক্ষা সহগত নহে ধর্মসমূহ (ন-উপেক্খা-সহগতা ধম্মা ) ৬৩ সুখ সম্প্রযুক্ত চিত্ত, ৩ দুঃখ সম্প্রযুক্ত চিত্ত, বিচিকিৎসা ব্যতীত (৫২ — ১) = ৫১ চৈতসিক, ৫৫ উপেক্ষা সম্প্র-যুক্ত চিত্তে ৫৫ উপেক্ষা, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৩ |
| ১১। | (১) | কামাবচর ধর্মসমূহ ( কামাবচরা ধম্মা ) ৫৪ কামাবচর চিত্ত, ৫২ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| | (২) | কামাবচর নহে ধর্মসমূহ ( ন-কামাবচরা ধম্মা ) ২৭ মহদ্গত চিত্ত, ৮ লোকোত্তর চিত্ত ৩৮ চৈতসিক ও নির্বাণ | ৪* | ২ | ২ |

| | | | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|---|
| ১২। | (১) | রূপাবচর ধর্মসমূহ ( রূপাবচরা ধম্মা ) ১৫ রূপাবচর চিত্ত, ৩৫ চৈতসিক | ৪ | ২ | ২ |
| | (২) | রূপাবচর নহে ধর্মসমূহ ( ন-রূপাবচরা ধম্মা ) ৫৪ কামাবচর চিত্ত, ১২ অরূপাবচর চিত্ত ৮ লোকোত্তর চিত্ত, ৫২ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫✱ | ১২ | ১৮ |
| ১৩। | (১) | অরূপাবচর ধর্মসমূহ ( অ-রূপাবচরা ধম্মা ) ১২ অরূপাব৺র চিত্ত, ৩০ চৈতসিক | ৪ | ২ | ২ |
| | (২) | অরূপাবচর নহে ধর্মসমূহ (ন-অরূপাবচরা ধম্মা) ৫৪ কামাবচর চিত্ত, ১৫ রূপাবচর চিত্ত, ৮ লোকোত্তর চিত্ত, ৫২ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫✱ | ১২ | ১৮ |
| ১৪। | (১) | জীবন পর্য্যায়ব্যাপী ধর্মসমূহ ( পরিয়াপন্না ধম্মা) ৮১ লোকীয় চিত্ত, ৫২ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| | (২) | জীবন পর্য্যায়ব্যাপী নহে ধর্মসমূহ ( অ-পরিয়াপন্না ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, চৈতসিক ৩৬ ও নির্বাণ | ১✱ | ২ | ২ |
| ১৫। | (১) | নিয্যানিক বা সংসার হতে উর্দ্ধগতি সম্পন্ন ধর্মসমূহ ( নিয্যানিকা ধম্মা ) ৪ মার্গ চিত্ত ৩৬ চৈতসিক | ৪ | ২ | ২ |
| | (২) | অনিয্যানিক বা সংসার হতে উর্দ্ধগতি সম্পন্ন নয় ধর্মসমূহ ( অ-নিয্যানিকা ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত, ৪ ফল চিত্ত ৫২ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫✱ | ১২ | ১৮ |

| | | স্কন্ধ | আয়তন | ধাতু |
|---|---|---|---|---|
| ১৬। (১) | নিয়ত ধর্মসমূহ ( নিয়তা ধম্মা ) ৪ মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের সপ্তমক্ষণ, ২ দ্বেষ মূলক চিত্তের সপ্তম ক্ষণ, মান ও বিচিকিৎসা ব্যতীত (২৭ − ২) = ২৫ চৈতসিক, ৪ মার্গ চিত্ত, ৩৬ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (২) | অনিয়ত ধর্মসমূহ ( অ-নিয়তা ধম্মা ) ৪ মিথ্যা দৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের সপ্তম ক্ষণ ও ২ দুই দ্বেষ মূলক চিত্তের সপ্তম ক্ষণ ব্যতীত ১২ অকুশল চিত্ত, ১৭ লোকীয় চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত ৫২ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |
| ১৭। (১) | স-উত্তর অর্থাৎ শেষ আছে ধর্মসমূহ ( স-উত্তরা ধম্মা ) ৮১ লোকীয় চিত্ত ৫২ চৈতসিক ও ২৮ রূপ | ৫ | ১২ | ১৮ |
| (২) | অনুত্তর বা শেষ নাই ধর্মসমূহ ( অনুত্তরা ধম্মা ) ৮ লোকোত্তর চিত্ত, ৩৬ চৈতসিক ও নির্বাণ | ৪* | ২ | ২ |
| ১৮। (১) | রণ যুক্ত বা বিলাপের কারণ ধর্মসমূহ (স-রনা ধম্মা ) ১২ অকুশল চিত্ত ও ২৭ চৈতসিক | ৪ | ২ | ২ |
| (২) | রণহীন বা বিলাপের অকারণ ধর্মসমূহ (অ-রনা ধম্মা ) ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত ২০ ক্রিয়া চিত্ত, ৩৮ চৈতসিক ২৮ রূপ ও নির্বাণ | ৫* | ১২ | ১৮ |

অভ্যন্তর ও বাহির মাতিকা সমাপ্ত

অভিধর্ম-পিটকে

# ধাতুকথা

( বঙ্গানুবাদ )

অভিধর্ম-পিটকে

# ধাতুকথা (বঙ্গানুবাদ)

নমো তস্স ভগবতো অরহতো সম্মাসম্বুদ্ধস্স।

## উদ্দেশ বা মূল পাঠ-সূচী

### ১। নয়মাতিকা বা পদ্ধতি-বিষয়সূচী

১। ক) সংগ্রহ বা শ্রেণীবিভাগ এবং অসংগ্রহ বা শ্রেণীভুক্ত নহে বা শ্রেণীবহির্ভূত।

খ) সংগৃহীত বা শ্রেণীভুক্ত এবং অসংগৃহীত বা শ্রেণীবহির্ভূত।

গ) অসংগৃহীত বা শ্রেণীবহির্ভূত এবং সংগৃহীত বা শ্রেণীভুক্ত।

ঘ) সংগৃহীত বা শ্রেণীভুক্ত এবং সংগৃহীত বা শ্রেণীভুক্ত।

ঙ) অসংগৃহীত বা শ্রেণীবহির্ভূত এবং অসংগৃহীত বা শ্রেণীবহির্ভূত।

চ) সম্প্রযোগ এবং বিপ্রযোগ।

ছ) সম্প্রযুক্ত এবং বিপ্রযুক্ত।

জ) বিপ্রযুক্ত এবং সম্প্রযুক্ত।

ঝ) সম্প্রযুক্ত এবং সম্প্রযুক্ত।

ঞ) বিপ্রযুক্ত এবং বিপ্রযুক্ত।

ট) সম্প্রযুক্তে এবং বিপ্রযুক্ত হতে সংগৃহীত বা শ্রেণীভুক্ত।

ঠ) সম্প্রযুক্তে শ্রেণীভুক্ত এবং শ্রেণীবহির্ভূত।

ড) সম্প্রযুক্তে এবং বিপ্রযুক্ত হতে অসংগৃহীত বা শ্রেণীবহির্ভূত।

ঢ) বিপ্রযুক্তে সংগৃহীত বা শ্রেণীভুক্ত এবং অসংগৃহীত শ্রেণীবহির্ভূত।

## ২। অভ্যন্তর মাতিকা বা অভ্যন্তর জ্ঞাতব্য বিষয় *

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২। ক) | ৫ স্কন্ধ | = ৫ | ঠ) | ৫ ইন্দ্রিয় | = ১ |
| খ) | ১২ আয়তন | = ১২ | ড) | ৫ বল | = ১ |
| গ) | ১৮ ধাতু | = ১৮ | ন) | ৭ বোধ্যঙ্গ | = ১ |
| ঘ) | ৪ সত্য | = ৪ | ত) | ৮ আর্যমার্গ | — ১ |
| ঙ) | ২২ ইন্দ্রিয় | = ২২ | থ) | স্পর্শ | |
| চ) | প্রতীত্যসমুৎপাদ | = ২৮[1] | | বেদনা | |
| ছ) | ৪ স্মৃতিপ্রস্থান | — ১ | | সংজ্ঞা | |
| জ) | ৪ সম্যক প্রধান | — ১ | | চেতনা | ৭ |
| ঝ) | ৪ ঋদ্ধিপাদ | — ১ | | চিত্ত | |
| ঞ) | ৪ ধ্যান | — ১ | | অধিমোক্ষ | |
| ট) | ৪ অপ্রমেয় | — ১ | | মনস্কার | |
| | | | | মোট | ১০৫ |

## ৩। নয়মুখ মাতিকা বা পদ্ধতির বৈশিষ্ট্য ঃ

৩। ক) ( স্কন্ধ, আয়তন এবং ধাতু পযায়ে ) তিন প্রকার সংগ্রহ বা শ্রেণীকরণ।

খ) ( স্কন্ধ, আয়তন এবং ধাতু পর্যায়ে ) তিন প্রকার অসংগ্রহ বা শ্রেণীবহির্ভূত পদ্ধতি—

গ) চার অরূপী স্কন্ধ অর্থাৎ বেদনা, সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান স্কন্ধের সহিত সম্প্রযোগ।

ঘ) চার অরূপী স্কন্ধ অর্থাৎ বেদনা, সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান স্কন্ধ হতে বিপ্রযোগ।

১ ভূমিকায় মাতিকা দ্রষ্টব্য।

## ৪। লক্ষণ মাতিকা বা পদ্ধতির লক্ষণসমূহ।

৪। ক) সাধারণ লক্ষণের সহিত শ্রেণীকরণ এবং সংযোজন নীতির সাদৃশ্য।
খ) সাধারণ লক্ষণের সহিত শ্রেণীকরণ এবং সংযোজন নীতির বৈসাদৃশ্য।

## ৫। বাহির মাতিকা বাহির বা ধর্ম-সঙ্গণীর জ্ঞাতব্য বিষয় *

২। ধর্ম-সঙ্গণীর সকল ২২ তিক এবং ১০০ দুক ধাতুকথার আলোচ্য জ্ঞাতব্য বিষয়।

* অভ্যন্তর মাতিকা = ১০৫, বাহির মাতিকায় তিক (২২ × ৩) = ৬৬ এবং দুক (১০০ × ২) = ২০০ = ২৬৬। প্রথম পরিচ্ছেদে (১০৫ + ২৬৬) = ৩৭১ বিষয় সবগুলি আলোচিত হয়েছে।

# ১। প্রথম পরিচ্ছেদ

## ১। শ্রেণীবিভাগ এবং শ্রেণীবহির্ভূত-পদনির্দেশ

### ১। স্কন্ধ

### ( একমূলে )

৬। রূপস্কন্ধ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে সংগৃহীত বা শ্রেণীভুক্ত ? রূপস্কন্ধ এক স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহা ) কত প্রকারে অসংগৃহীত বা শ্রেণীভুক্ত নহে বা শ্রেণীবহির্ভূত ? ( উহা ) চার স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৭। বেদনাস্কন্ধ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত ? বেদনাস্কন্ধ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহা ) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৮। সংজ্ঞাস্কন্ধ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত ? সংজ্ঞাস্কন্ধ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহা ) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৯। সংস্কার স্কন্ধ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত ? সংস্কার স্কন্ধ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত ? (উহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? (উহা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১০। বিজ্ঞানস্কন্ধ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত? বিজ্ঞানস্কন্ধ এক স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীবহির্ভূত।

## (দুই মূলে)

১১। রূপস্কন্ধ এবং বেদনাস্কন্ধ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত? রূপস্কন্ধ এবং বেদনাস্কন্ধ দুই স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) তিন স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১২। রূপস্কন্ধ এবং সংজ্ঞাস্কন্ধ.................দুই স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) তিন স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৩। রূপস্কন্ধ এবং সংস্কারস্কন্ধ.................দুই স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) তিন স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৪। রূপস্কন্ধ এবং বিজ্ঞানস্কন্ধ.................দুই স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) তিন স্কন্ধে কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণী-বহির্ভূত।

## (তিন মূলে)

১৫। রূপস্কন্ধ, বেদনাস্কন্ধ এবং সংজ্ঞাস্কন্ধ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত? রূপস্কন্ধ, বেদনাস্কন্ধ এবং সংজ্ঞাস্কন্ধ তিন স্কন্ধে,

এগার আয়তনে এবং এগার ধাতুতে ( শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) দুই স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৬। রূপস্কন্ধ, বেদনাস্কন্ধ এবং সংস্কারস্কন্ধ ..................তিন স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) দুই স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৭। রূপস্কন্ধ, বেদনাস্কন্ধ এবং বিজ্ঞানস্কন্ধ ..................তিন স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) দুই স্কন্ধে, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

## ( চার মূলে )

১৮। রূপস্কন্ধ, বেদনাস্কন্ধ, সংজ্ঞা স্কন্ধ এবং সংস্কার স্কন্ধ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত? রূপস্কন্ধ, বেদনাস্কন্ধ, সংজ্ঞাস্কন্ধ এবং সংস্কারস্কন্ধ চার স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) একস্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৯। রূপস্কন্ধ, বেদনাস্কন্ধ, সংজ্ঞাস্কন্ধ এবং বিজ্ঞানস্কন্ধ .................. চার স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) এক স্কন্ধে, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

## ( পাঁচ মূলে )

২০। রূপস্কন্ধ, বেদনাস্কন্ধ, সংজ্ঞাস্কন্ধ, সংস্কারস্কন্ধ এবং বিজ্ঞান স্কন্ধ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত? রূপস্কন্ধ, বেদনাস্কন্ধ,

সংজ্ঞাস্কন্ধ, সংস্কার স্কন্ধ এবং বিজ্ঞানস্কন্ধ পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

২১। পঞ্চস্কন্ধ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত? পঞ্চস্কন্ধ পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত। (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

## ২। আয়তন

### (এক মূলে)

২২। চক্ষু-আয়তন কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত? চক্ষু-আয়তন এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২৩। শ্রোতায়তন, ঘ্রানায়তন, জিহ্বায়তন, কায়ায়তন, রূপায়তন, শব্দায়তন, গন্ধায়তন, রসায়তন, স্পষ্টব্যায়তন ..................এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহাদের প্রত্যেকটা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহাদের প্রত্যেকটা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২৪। মনায়তন এক স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতু শ্রেণীবহির্ভূত।

২৫। ধর্মায়তন অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে চার স্কন্ধে এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (ইহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (ইহা) এক স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

## (দুই মূলে)

২৬। চক্ষু-আয়তন এবং শ্রোতায়তন এক স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) চার স্কন্ধে দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২৭। চক্ষু-আয়তন এবং ঘ্রানায়তন; চক্ষু-আয়তন এবং জিহ্বায়তন; চক্ষু-আয়তন এবং কায়ায়তন; চক্ষু-আয়তন এবং রূপায়তন; চক্ষু আয়তন এবং শব্দায়তন; চক্ষু-আয়তন এবং গন্ধায়তন; চক্ষু-আয়তন এবং রসায়তন; চক্ষু-আয়তন এবং স্পৃষ্টব্যায়তন; ..............এক স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহাদের প্রত্যেক জোড়া) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহাদের প্রত্যেক জোড়া) চার স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২৮। চক্ষু-আয়তন এবং মনায়তন দুই স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) তিন স্কন্ধে, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২৯। চক্ষু-আয়তনে এবং ধর্মায়তন অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

## (দ্বাদশ মূলে)

৩০। দ্বাদশ আয়তন কত স্কন্ধে, কত আয়তনে এবং ধাতুতে শ্রেণীভুক্ত? দ্বাদশ আয়তন নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে

এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

## ৩। ধাতু

### (এক মূলে)

৩১। চক্ষু ধাতু কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত? চক্ষুধাতু একস্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা) কত প্রকারে শ্রেণীবহিভূত? (উহা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৩২। শ্রোত্রধাতু, ঘ্রাণধাতু, জিহ্বাধাতু, কায়ধাতু, রূপধাতু, শব্দধাতু, গন্ধধাতু, রসধাতু, স্প্রষ্টব্যধাতু, চক্ষু বিজ্ঞানধাতু, শ্রোত্রবিজ্ঞানধাতু, ঘ্রাণবিজ্ঞানধাতু, জিহ্বাবিজ্ঞানধাতু, কায়বিজ্ঞানধাতু, মনোধাতু, মনোবিজ্ঞানধাতু, এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (ইহারা প্রত্যেকে) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (ইহারা প্রত্যেকে) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৩৩। ধর্মধাতু অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে চার স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহা) এক স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

### (দুই মূলে)

৩৪। চক্ষুধাতু ও শ্রোত্রধাতু এক স্কন্ধে, দুই আয়তন এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) চার স্কন্ধে দশ দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৩৫। চক্ষুধাতু এবং ঘ্রাণধাতু ; চক্ষুধাতু এবং জিহ্বাধাতু ; চক্ষুধাতু এবং রূপধাতু ; চক্ষুধাতু এবং শব্দধাতু ; চক্ষুধাতু এবং গন্ধধাতু ; চক্ষুধাতু এবং রসধাতু ; চক্ষুধাতু এবং স্প্রষ্টব্যধাতু এক স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহাদের প্রত্যেক জোড়া ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহাদের প্রত্যেক জোড়া ) চার স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৩৬। চক্ষুধাতু এবং চক্ষুবিজ্ঞানধাতু দুই স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) তিন স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৩৭। চক্ষুধাতু এবং শ্রোত্রবিজ্ঞাণধাতু ; চক্ষুধাতু এবং ঘ্রাণবিজ্ঞানধাতু ; চক্ষুধাতু এবং জিহ্বাবিজ্ঞানধাতু ; চক্ষুধাতু এবং কায়বিজ্ঞানধাতু ; চক্ষুধাতু এবং মনোধাতু ; চক্ষুধাতু এবং মনোবিজ্ঞানধাতু দুই স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহাদের প্রত্যেক জোড়া ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহাদের প্রত্যেক জোড়া ) তিন স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৩৮। চক্ষুধাতু এবং ধর্মধাতু অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। ( ইহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( ইহারা ) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

## আঠার মূলে

৩৯। অষ্টাদশ ধাতু কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত ? অষ্টাদশ ধাতু অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আযতনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত। ( ইহারা ) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

## ৪—সত্য

### (এক মূলক)

৪০। দুঃখ সত্য কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত? দুঃখ সত্য পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

৪১। সমুদয় সত্য এবং মার্গসত্য এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৪২। নিরোধ সত্য কোন স্কন্ধ ব্যতীত, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহা) পাঁচ স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

### (দুই মূলক)

৪৩। দুঃখ সত্য এবং সমুদয় সত্য পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

৪৪। দুঃখসত্য এবং মার্গসত্য পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহিভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণী-বহির্ভূত।

৪৫। দুঃখসত্য এবং নিরোধসত্য নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিয়ে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে

শ্রেণীবহির্ভূত ? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

## ( তিন মূলে )

৪৬। দুঃখ সত্য, সমুদয় সত্য এবং মার্গসত্য পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণী-বহির্ভূত।

৪৭। দুঃখসত্য, সমুদয়সত্য এবং নিরোধসত্য অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

## ( চার মূলে )

৪৮। দুঃখসত্য, সমুদয়সত্য, মার্গসত্য এবং নিরোধসত্য অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

৪৯। চার সত্য কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত ? চার সত্য অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার অয়েতনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

## ৫। ইন্দ্রিয়

## ( এক মূলে )

৫০। চক্ষু-ইন্দ্রিয় কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত ? চক্ষু-ইন্দ্রিয় এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা)

কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৫১। শ্রোত্রেন্দ্রিয়, ঘ্রাণেন্দ্রিয়, জিহ্বেন্দ্রিয়, কায়েন্দ্রিয়, স্ত্রী-ইন্দ্রিয়, পুরুষ-ইন্দ্রিয় এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৫২। মনেন্দ্রিয় এক স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীভুক্ত? (উহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৫৩। জীবিতেন্দ্রিয় দুই স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহা) তিন স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৫৪। সুখেন্দ্রিয়, দুঃখেন্দ্রিয়, সৌমনস্যেন্দ্রিয়, দৌর্মনস্যেন্দ্রিয়, উপেক্ষেন্দ্রিয়, শ্রদ্ধেন্দ্রিয়, বীর্যেন্দ্রিয়, স্মৃতীন্দ্রিয়, সমাধীন্দ্রিয়, প্রজ্ঞেন্দ্রিয়, অজ্ঞাত-জ্ঞাতার্থীন্দ্রিয়, লোকোত্তর জ্ঞানেন্দ্রিয় এবং লোকোত্তর জ্ঞানীন্দ্রিয় এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা প্রত্যেকে) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা প্রত্যেকে) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

## (দুই মূলে)

৫৫। চক্ষু-ইন্দ্রিয় এবং শ্রোত্রেন্দ্রিয় এক স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীভুক্ত। (উহারা) চার স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৫৬। চক্ষু-ইন্দ্রিয় এবং ঘ্রাণেন্দ্রিয়; চক্ষু-ইন্দ্রিয় এবং জিহ্বেন্দ্রিয়; চক্ষু-ইন্দ্রিয় এবং কায়েন্দ্রিয়; চক্ষু-ইন্দ্রিয় এবং স্ত্রী-ইন্দ্রিয়; চক্ষু-ইন্দ্রিয় এবং

পুরুষেন্দ্রিয় এক স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহাদের প্রত্যেক জোড়া ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহাদের প্রত্যেক জোড়া ) চার স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৫৭। চক্ষু-ইন্দ্রিয় এবং মনেন্দ্রিয় দুই স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) তিন স্কন্ধে, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৫৮। চক্ষু-ইন্দ্রিয় এবং জীবিতেন্দ্রিয় দুই স্কন্ধে দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) তিন স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৫৯। চক্ষু-ইন্দ্রিয় এবং সুখেন্দ্রিয়; চক্ষু-ইন্দ্রিয় এবং দুঃখেন্দ্রিয়; চক্ষু-ইন্দ্রিয় এবং সৌমনস্যেন্দ্রিয়; চক্ষু-ইন্দ্রিয় এবং দৌর্মনস্যেন্দ্রিয়; চক্ষু-ইন্দ্রিয় এবং উপেক্ষেন্দ্রিয়; চক্ষু-ইন্দ্রিয় এবং শ্রদ্ধেন্দ্রিয়; চক্ষু-ইন্দ্রিয় এবং বীর্যেন্দ্রিয়; চক্ষু-ইন্দ্রিয় এবং স্মৃতীন্দ্রিয়; চক্ষু-ইন্দ্রিয় এবং সমাধীন্দ্রিয়; চক্ষু ইন্দ্রিয় এবং প্রজ্ঞেন্দ্রিয়; চক্ষু-ইন্দ্রিয় এবং অজ্ঞাত-জ্ঞাতার্থীন্দ্রিয়; চক্ষু-ইন্দ্রিয় এবং লোকোত্তর জ্ঞানেন্দ্রিয়; চক্ষু-ইন্দ্রিয় এবং লোকোত্তর জ্ঞানীন্দ্রিয় দুই স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহাদের প্রত্যেক জোড়া ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহাদের প্রত্যেক জোড়া ) তিন স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

## ( দ্বাবিংশ মূলে )

৬০। দ্বাবিংশতি ইন্দ্রিয় কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত? দ্বাবিংশতি ইন্দ্রিয় চার স্কন্ধে, সাত আয়তনে এবং তের ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহা ) এক স্কন্ধে, পাঁচ আয়তনে এবং পাঁচ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

## ৬। প্রতীত্যসমুৎপাদ ও অন্যান্য বিষয়

৬১। অবিদ্যা একেন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৬২। অবিদ্যার প্রত্যয়ে সংস্কার এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৬৩। সংস্কারের প্রত্যয়ে বিজ্ঞান এক স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৬৪। বিজ্ঞানের প্রত্যয়ে নামরূপ চার স্কন্ধে এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহা) এক স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৬৫। নামরূপের প্রত্যয়ে ষড়ায়তন দুই স্কন্ধে, ছয় আয়তনে এবং বার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহা) তিন স্কন্ধে, ছয় আয়তনে এবং ছয় ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৬৬। ষড়ায়তনের প্রত্যয়ে স্পর্শ, স্পর্শের প্রত্যয়ে বেদনা, বেদনার প্রত্যয়ে তৃষ্ণা, তৃষ্ণার প্রত্যয়ে উপাদান, কর্মভব এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা প্রত্যেকে) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা প্রত্যেকে) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণী-বহির্ভূত।

৬৭। উৎপত্তিভব, কামভব, সংজ্ঞাভব, পঞ্চবোকারভব পাঁচ স্কন্ধে, এগার

আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণী-বহির্ভূত? ( উহারা ) কোন স্কন্ধ ব্যতীত এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৬৮। রূপভব পাঁচ স্কন্ধে, পাঁচ আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহা ) কোন স্কন্ধ ব্যতীত, সাত আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৬৯। অরূপভব, নৈবসংজ্ঞা-নাসংজ্ঞাভব চার-বোকারভব চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা প্রত্যেকে ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা প্রত্যেকে ) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৭০। অসংজ্ঞাভব, একবোকারভব এক স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা প্রত্যেকে ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা প্রত্যেকে চার স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৭১। জাতি দুই স্কন্ধে, জরা দুই স্কন্ধে এবং মরণ দুই স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা প্রত্যেকে) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা প্রত্যেকে ) তিন স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণী-বহির্ভূত।

৭২। শোক, পরিদেব বা বিলাপ, দুঃখ, দৌর্মনস্য, উপায়াস বা হতাশা, স্মৃতিপ্রস্থান এবং সম্যক প্রধান এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা প্রত্যেকে ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা প্রত্যেকে ) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৭৩। ঋদ্ধিপাদ দুই স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা) কত প্রকার শ্রেণীবহির্ভূত? ( উহা ) তিন স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৭৪। ধ্যান দুই স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত। (উহা) তিন স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৭৫। অপ্রমেয় পাঞ্চেন্দ্রিয়, পঞ্চবল, সপ্তবোধ্যঙ্গ, আর্য অষ্টাঙ্গিকমার্গ, স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, অধিমোক্ষ এবং মনস্কার এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা প্রত্যেকে) কত প্রকারে শ্রেণী-বহির্ভূত? (উহারা প্রত্যেকে) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৭৬। চিত্ত এক স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীভুক্ত। (উহা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীবহির্ভূত।

## ৭। তিক

৭৭। কুশল ধর্মসমূহ ও অকুশল ধর্মসমূহ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত? কুশল ধর্মসমূহ ও অকুশলে ধর্মসমূহ চার স্কন্ধে দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণী-বহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণী-বহির্ভূত।

৭৮। অব্যাকৃত ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

৭৯। সুখানুভব সম্প্রযুক্ত ধর্মসমূহ, দুঃখানুভব সম্প্রযুক্ত ধর্মসমূহ তিন স্কন্ধে, দুই আয়তনে এবং তিন ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণী-

বহির্ভূত? (উহারা) দুই স্কন্ধে, দশ আয়তনে এবং পনের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৮০। অদুঃখাসুখ অনুভব সম্প্রযুক্ত ধর্মসমূহ তিন স্কন্ধে, দুই আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত। (উহারা) দুই স্কন্ধে, দশ আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৮১। বিপাক ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৮২। বিপাকধর্ম ধর্মসমূহ, সংক্লিষ্ট সংক্লেশিক ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৮৩। নৈববিপাক-নাবিপাকধর্ম ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং তের ধাতুকে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং পাঁচ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৮৪। উপাদিন্নুপাদানীয় ধর্মসমূহ পাঁচ স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৮৫। অনুপাদিন্নুপাদানীয় ধর্মসমূহ পাঁচ স্কন্ধে, সাত আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত পাঁচ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৮৬। অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ, অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৮৭। অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মসমূহ পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণী-বহির্ভূত।

৮৮। সবিতর্কসবিচার ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং তিন ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং পনের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৮৯। অবিতর্ক কিন্তু বিচার যোগ্য ধর্মসমূহ, প্রীতিসহগত ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণী-বহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৯০। অবিতর্ক-অবিচার ধর্মসমূহ নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং এক ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৯১। সুখসহগত ধর্মসমূহ তিন স্কন্ধে, দুই আয়তনে এবং তিন ধাতুতে শ্রেণী-ভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) দুই স্কন্ধে, দশ আয়তনে এবং পনের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৯২। উপেক্ষাসহগত ধর্মসমূহ তিন স্কন্ধে, দুই আয়তনে এবং সাত ধাতুতে

শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) দুই স্কন্ধে, দশ আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৯৩। দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ, ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ, দর্শনের দ্বারা পরিত্যাজ্য হেতুযুক্ত ধর্মসমূহ, ভাবনার দ্বারা পরিত্যাজ্য হেতুযুক্ত ধর্মসমূহ, আচয়গামী অর্থাৎ জন্মমৃত্যুপথে আবর্তনকারী ধর্মসমূহ, অপচয়গামী অর্থাৎ নির্বাণপথে প্রবর্তনকারী ধর্মসমূহ, শৈক্ষ্যধর্মসমূহ, অশৈক্ষ্য ধর্মসমূহ এবং মহদগত ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৯৪। দর্শনের দ্বারা অথবা ভাবনার দ্বারা পরিত্যাজ্য নহে ধর্মসমূহ, দর্শনের দ্বারা অথবা ভাবনার দ্বারা পরিত্যাজ্য নয় হেতুযুক্ত ধর্মসমূহ, আচয়গামীও নহে অপচয়গামীও নহে ধর্মসমূহ শৈক্ষ্যও নহে অশৈক্ষ্যও নহে ধর্মসমূহ নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

৯৫। পরিত্ত বা সীমিত ধর্মসমূহ পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

৯৬। অপ্রমান ধর্মসমূহ, প্রণীত ধর্মসমূহ, নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৯৭। পরিত্তারম্মণ ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৯৮। মহদগতারম্মণ ধর্মসমূহ, অপ্রমানারম্মণ ধর্মসমূহ, হীন ধর্মসমূহ, মিথ্যা দৃষ্টিতে নিয়ত ধর্মসমূহ, সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মসমূহ, মার্গারম্মণ ধর্মসমূহ, মার্গহেতুযুক্ত ধর্মসমূহ, মার্গাধিপতি ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

৯৯। মধ্যম ধর্মসমূহ পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১০০। অনিয়ত ধর্মসমূহ নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১০১। উৎপন্ন ধর্মসমূহ পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতু শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১০২। অনুৎপন্ন ধর্মসমূহ পাঁচ স্কন্ধে, সাত আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, পাঁচ আয়তনে এবং দশ ধাতু শ্রেণীবহির্ভূত।

১০৩। উৎপাদিন্ন অর্থাৎ উৎপন্ন হবেই ধর্মসমূহ পাঁচ স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১০৪। অতীত ধর্মসমূহ, অনাগত ধর্মসমূহ, বর্তমান ধর্মসমূহ, অন্তঃস্থিত ধর্মসমূহ, অন্তঃস্থিত-বহিঃস্থিত ধর্মসমূহ পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১০৫। বহিঃস্থিত ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১০৬। অতীতারম্মণ ধর্মসমূহ, অনাগতারম্মণ ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১০৭। বর্তমানারম্মণ ধর্মসমূহ, অন্তঃস্থিত-আরম্মণ ধর্মসমূহ, বহিঃস্থিত-আরম্মণ ধর্মসমূহ, বহিঃস্থিত-আরম্মণ ধর্মসমূহ, অন্তঃস্থিত-বহিঃস্থিত-আরম্মণ ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) এক স্কন্ধে, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১০৮। সনিদর্শন-সপ্রতিঘ ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১০৯। অনিদর্শ-সপ্রতিঘ এক স্কন্ধে, নয় আয়তনে এবং নয় ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) চার স্কন্ধে, তিন আয়তনে এবং নয় ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১১০। অনিদর্শন-অপ্রতিঘ ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

## ৮। দুক

### (হেতু গুচ্ছ ৬)

১১১। হেতু ধর্মসমূহ, হেতু অথচ সহেতুক ধর্মসমূহ, এবং হেতু অথচ হেতু সম্প্রযুক্ত ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১১২। হেতুহীন ধর্মসমূহ, অহেতুক ধর্মসমূহ, হেতুবিপ্রযুক্ত ধর্মসমূহ, হেতু-হীন অথচ অহেতুক ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১১৩। সহেতুক ধর্মসমূহ, হেতুসম্প্রযুক্ত ধর্মসমূহ, সহেতুক অথচ হেতুহীন ধর্মসমূহ, হেতুসম্প্রযুক্ত অথচ হেতুহীন ধর্মসমূহ এবং হেতুহীন সহেতুক ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

### (ক্ষুদ্রান্তর গুচ্ছ ৭)

১১৪। সপ্রত্যয় ধর্মসমূহ এবং সংস্কৃত ধর্মসমূহ পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণী-বহির্ভূত।

১১৫। অপ্রত্যয় ধর্মসমূহ এবং অসংস্কৃত ধর্মসমূহ কোন স্কন্ধ ব্যতীত এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) পাঁচ স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১১৬। সনিদর্শন ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণী-ভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১১৭। অনিদর্শন ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) কোন স্কন্ধ ব্যতীত এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১১৮। সপ্রতিঘ ধর্মসমূহ এক স্কন্ধে, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণী-ভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) চার স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১১৯। অপ্রতিঘ ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতু শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) কোন স্কন্ধ ব্যতীত, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১২০। রূপনীয় বা পরিবর্তনীয় ধর্মসমূহ এক স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? (উহারা) চার স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১২১। অরূপনীয় বা অপরিবর্তনীয় ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে চার স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) এক স্কন্ধে, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১২২। লোকীয় ধর্মসমূহ পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১২৩। লোকোত্তর ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১২৪। (চক্ষুবিজ্ঞানাদি ছয় প্রকার বিজ্ঞানের মধ্যে) যে কোন উপায়ে বিজ্ঞেয় ধর্মসমূহ এবং যে কোন উপায়ে বিজ্ঞেয় নয় ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

## (*আস্রব গুচ্ছ ৬*)

১২৫। আস্রব ধর্মসমূহ, আস্রব অথচ সাস্রব ধর্মসমূহ এবং আস্রব অথচ আস্রব সম্প্রযুক্ত ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১২৬। আস্রবহীন ধর্মসমূহ এবং আস্রববিপ্রযুক্ত ধর্মসমূহ নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১২৭। সাস্রব ধর্মসমূহ, সাস্রব অথচ আস্রবহীন ধর্মসমূহ, আস্রববিপ্রযুক্ত সাস্রব ধর্মসমূহ পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১২৮। অনাস্রব ধর্মসমূহ, আস্রববিপ্রযুক্ত অনাস্রব ধর্মসমূহ নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১২৯। আস্রব সম্প্রযুক্ত ধর্মসমূহ, আস্রব সম্প্রযুক্ত অথচ আস্রবহীন ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল শ্রেণীবহির্ভূত।

## ( সংযোজন গুচ্ছ ৬, গ্রন্থি গুচ্ছ ৬, ওঘ গুচ্ছ ৬, যোগ গুচ্ছ ৬, নীবরণ গুচ্ছ ৬ এবং পরামাস বা বিকৃতমত গুচ্ছ ৫ )

১৩০। সংযোজন ধর্মসমূহ, গ্রন্থি ধর্মসমূহ, ওঘ ধর্মসমূহ, যোগ ধর্মসমূহ, নীবরণ ধর্মসমূহ, পরামাস বা বিকৃতমত ধর্মসমূহ, বিকৃতমত অথচ বিকৃতমত বিশিষ্ট ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৩১। বিকৃতমতবর্জিত ধর্মসমূহ, বিকৃতমতবিপ্রযুক্ত ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণী-বহির্ভূত।

১৩২। বিকৃতমতবিশিষ্ট ধর্মসমূহ, বিকৃতমতবিশিষ্ট অথচ বিকৃতমত ধর্মসমূহ, বিকৃতমতবিপ্রযুক্ত বিকৃতমতবিশিষ্ট ধর্মসমূহ পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? (উহারা ) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১৩৩। অবিকৃতমত ধর্মসমূহ, বিকৃতমত বিপ্রযুক্ত অবিকৃতমত ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৩৪। বিকৃতমতসম্প্রযুক্ত ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

## (মহন্তান্তর দুক—১৪)

১৩৫। সারম্মণ ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণী-ভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৩৬। অনারম্মণ ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে এক স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) চার স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৩৭। চিত্ত ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণী-ভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) চার স্কন্ধে, এগার আয়তনে এবং ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৩৮। চিত্তহীন ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে চার স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৩৯। চৈতনিক ধর্মসমূহ, চিত্তসম্প্রযুক্ত ধর্মসমূহ, চিত্তসংশ্লিষ্ট ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) দুই স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৪০। অচৈতনিক ধর্মসমূহ, অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে দুই স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) তিন স্কন্ধে, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১৪১। চিত্তবিপ্রযুক্ত ধর্মসমূহ এবং চিত্ত-বিসংশ্লিষ্ট ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে এক স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) চার স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৪২। চিত্ত-সমুত্থান ধর্মসমূহ চার স্কন্ধে, ছয় আয়তনে এবং ছয় ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) এক স্কন্ধে, ছয় আয়তনে এবং বার ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৪৩। চিত্ত-সমুত্থান নহে ধর্মসমূহ, চিত্ত-সহ-অবস্থিতি নহে ধর্মসমূহ, চিত্ত-অনুপরিবর্তী নহে ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে দুই স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) তিন স্কন্ধে, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১৪৪। চিত্ত-সহ-অবস্থিতি ধর্মসমূহ এবং চিত্ত-অনু-পরিবর্তী ধর্মসমূহ চার স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) এক স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৪৫। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থান ধর্মসমূহ, চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থান-সহঅবস্থিতি ধর্মসমূহ, চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থান-অনুপরিবর্তী ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) দুই স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৪৬। চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থান নহে ধর্মসমূহ, চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থান-সহ-অবস্থিতি নহে ধর্মসমূহ এবং চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থান-অনুপরিবর্তী নহে ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে দুই স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) তিন স্কন্ধে, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১৪৭। অন্তঃস্থ ধর্মসমূহ দুই স্কন্ধে, ছয় আয়তনে এবং বার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) তিন স্কন্ধে, ছয় আয়তনে এবং ছয় ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৪৮। বহিঃস্থ ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে চার স্কন্ধে, ছয় আয়তনে এবং ছয় ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, ছয় আয়তনে এবং বার ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৪৯। উপাত্ত ধর্মসমূহ এক স্কন্ধে, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) চার স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৫০। উপাত্ত নহে ধর্মসমূহ নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, তিন আয়তনে এবং নয় ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণী-বহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত নয় আয়তনে এবং নয় ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৫১। উপাদিন্ন ধর্মসমূহ পাঁচ স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) কোন স্কন্ধ ব্যতীত এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৫২। অনুপাদিন্ন ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, সাত আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) কোন স্কন্ধ ব্যতীত পাঁচ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

## ( উপাদান গুচ্ছ ৬ এবং ক্লেশ গুচ্ছ ৮ )

১৫৩। উপাদান ধর্মসমূহ, ক্লেশ ধর্মসমূহ, ক্লেশ অথচ সংক্লেশিক ধর্মসমূহ, ক্লেশ অথচ সংক্লিষ্ট ধর্মসমূহ এবং ক্লেশ অথচ ক্লেশ সম্প্রযুক্ত ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) চার স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৫৪। ক্লেশহীন ধর্মসমূহ, অসংক্লিষ্ট ধর্মসমূহ, এবং ক্লেশবিপ্রযুক্ত ধর্মসমূহ, অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১৫৫। সংক্লেশিক ধর্মসমূহ, সংক্লেশিক অথচ ক্লেশহীন ধর্মসমূহ এবং ক্লেশবিপ্রযুক্ত সংক্লেশিক ধর্মসমূহ পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১৫৬। অসংক্লেশিক ধর্মসমূহ এবং ক্লেশ বিপযুক্ত অসংক্লেশিক ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৫৭। সংক্লিষ্ট ধর্মসমূহ, ক্লেশ সম্প্রযুক্ত ধর্মসমূহ, সংক্লিষ্ট অথচ ক্লেশহীন ধর্মসমূহ, ক্লেশসম্প্রযুক্ত অথচ ক্লেশহীন ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

## (পৃষ্ঠ বা শেষ গুচ্ছ ১৮)

১৫৮। দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ, ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ, দর্শনের দ্বারা পরিত্যাজ্য হেতুক ধর্মসমূহ, ভাবনার দ্বারা পরিত্যাজ্য হেতুক ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৫৯। দর্শনের দ্বারা নহে পরিত্যাজ্য ধর্মসমূহ, ভাবনার দ্বারা নহে পরিত্যাজ্য ধর্মসমূহ, দর্শনের দ্বারা নহে পরিত্যাজ্য হেতুক ধর্মসমূহ নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১৬০। সবিতর্ক ধর্মসমূহ, সবিচার ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং তিন ধাতুতে শ্রেণীভুক্ত। (উহারা) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? (উহারা) এক স্কন্ধে, দশ আয়তনে এবং পনের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৬১। অবিতর্ক ধর্মসমূহ, অবিচার ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে

বাদ দিলে পাঁচ স্কন্ধে বার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এক ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৬২। সপ্রীতি ধর্মসমূহ, প্রীতিসহগত ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৬৩। অপ্রীতি ধর্মসমূহ, প্রীতিসহগত নহে ধর্মসমূহ, সুখসহগত নহে ধর্মসমূহ নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১৬৪। সুখসহগত ধর্মসমূহ তিন স্কন্ধে, দুই আয়তনে এবং তিন ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) দুই স্কন্ধে, দশ আয়তনে এবং পনের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৬৫। উপেক্ষাসহগত ধর্মসমূহ তিন স্কন্ধে, দুই আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) দুই স্কন্ধে, দশ আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৬৬। উপেক্ষাসহগত নহে ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং তের ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত? ( উহারা ) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং পাঁচ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৬৭। কামাবচর ধর্মসমূহ, জীবন পর্যায়ব্যাপী ধর্মসমূহ, স-উত্তর বা পর আছে ধর্মসমূহ পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত।

( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) কোন স্কন্ধ ব্যতীত, কোন আয়তন ব্যতীত এবং কোন ব্যতীত শ্রেণীবহির্ভূত।

১৬৮। কামাবচর নহে ধর্মসমূহ, জীবনপর্য্যায়ে ব্যাপী নহে ধর্মসমূহ, অনুত্তর বা পর-নাই ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে চার স্কন্ধে, দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) এক স্কন্ধে দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৬৯ রূপাবচর ধর্মসমূহ, অরূপাবচর ধর্মসমূহ, নির্য্যানিক বা জীবনপর্য্যায়ে সঞ্চালন ধর্মসমূহ, নিয়ত ধর্মসমূহ, রণযুক্ত বা বিলাপযুক্ত ধর্মসমূহ চার স্কন্ধে দুই আয়তনে এবং দুই ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) এক স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৭০। রূপাবচর নহে ধর্মসমূহ, অরূপাবচর নহে ধর্মসমূহ, অনির্য্যানিক ধর্মসমূহ, অনিয়ত ধর্মসমূহ এবং রণহীন বা বিলাপহীন ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে পাঁচ স্কন্ধে, বার আয়তনে এবং আঠার ধাতুতে শ্রেণীভুক্ত। ( উহারা ) কত প্রকারে শ্রেণীবহির্ভূত ? ( উহারা ) কোন স্কন্ধ ব্যতীত কোন আয়তন ব্যতীত এবং কোন ধাতু ব্যতীত শ্রেণীবহির্ভূত। শ্রেণীবিভাগ ও শ্রেণীবহির্ভূত পদনির্দেশ * ( প্রথম পরিচ্ছেদ সমাপ্ত )।

---

* ধাতুকথা প্রকরণ অর্থকথায় উল্লেখ আছে—"এরূপে মাতিকায় ( উদ্দেশ বিভাগে ) পাঁচ প্রকার বিশেষভাগে ভাগ করার পর এখন সংগ্রহাসংগ্রহের মধ্যে প্রথমে সংগ্রহভাগ বা শ্রেণীকরণ ভাগ জাতি-সংজাতি-ক্রিয়া-গণন প্রভৃতি চার প্রকারে বিভক্ত। তথায় "সকল ক্ষত্রিয় এসেছিলেন, সকল ব্রাহ্মণ এসেছিলেন, সকল বৈশ্য এসেছিল এবং সকল শূদ্র এসেছিলেন, সেরূপ বিশাখ, সম্যক বাক্য, সম্যক কর্ম এবং সম্যক আজীব এই ধর্মসমূহ শীলস্কন্ধে শ্রেণীভুক্ত।" উহা জাতি শ্রেণীকরণ নামে অভিহিত। এই সামাজিক

পর স্থানের মত এক এক জাতির ব্যক্তিগণ এসেছিল বলে এই ব্যক্তিগণ একই জাতির শ্রেণীভুক্ত।

"সকল কোশলবাসী এসেছেন, সকল মগধবাসী এসেছেন, সকল ভারুকচ্ছবাসী এসেছেন, সেরূপ হে বিশাখ, সম্যক ব্যায়াম, সম্যক স্মৃতি এবং সম্যক সমাধি এই ধর্মসমূহ সমাধি স্কন্ধে শ্রেণীভুক্ত।" উহা সংজাতি শ্রেণীকরণ নামে অভিহিত। একই উৎপত্তি স্থানের মত এক স্থানে জাত ব্যক্তিগণ সঙ্ঘবদ্ধ হয়ে এসেছেন, এইরূপে একই স্থানে অবস্থানরত ব্যক্তিগণ সন্নিভুক্ত বেশে ( সংজাতি ) শ্রেণীভুক্ত।

"সকল হস্তী আরোহী এসেছে, সকল অশ্বারোহী এসেছে, সকল রথারোহী এসেছে, এইরূপে হে বিশাখ, সম্যক দৃষ্টি এবং সম্যক সংকল্প এই ধর্মসমূহ প্রজ্ঞা স্কন্ধে শ্রেণীভুক্ত।" এইটা ক্রিয়া শ্রেণীকরণ নামে অভিহিত। সকলের নিজ নিজ কর্মের কারণে এই ব্যক্তিগণ এক শ্রেণীভুক্ত।

চক্ষু-আয়তন কয়টি স্কন্ধ গণনার অন্তর্ভুক্ত? চক্ষু-আয়তন রূপ স্কন্ধ গণনার অন্তর্ভুক্ত। যদি চক্ষু-আয়তন রূপ স্কন্ধ গণনায় অন্তর্ভুক্ত হয়ে থাকে, তবে, চক্ষু-আয়তন রূপ স্কন্ধ শ্রেণীভুক্ত হবে। উহাই গণনা-শ্রেণীকরণ নামে অভিহিত। এইভাবে এখানে জানা: উহাদের সকল প্রতিপক্ষ শ্রেণীবহির্ভূত হিসাবে জানা উচিত।"

ধাতুকথায় এই প্রকার গণনা শ্রেণীকরণ প্রয়োগ করা হয়েছে। জ্ঞাতব্য ধর্মসমূহ স্কন্ধ, আয়তন এবং ধাতুর সংখ্যায় শ্রেণীভুক্ত করা হয়েছে। উহাদের বাকী সংখ্যাগুলি গণনার শ্রেণীবহির্ভূত। অভি-ধর্মের আলোচ্য বিষয় চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ। ধাতু কথায় এই গুলি পৃথক পৃথক ভাবে এবং সংযুক্ত ভাবে আলোচনা করা হয়েছে। ধাতু কথায় মোট জ্ঞাতব্য বিষয় ৩৭১টি। প্রথম পরিচ্ছেদে এই সব কয়টা ধর্মের শ্রেণীকরণ করা হয়েছে এবং স্কন্ধ, আয়তন এবং ধাতুর সংখ্যায় শ্রেণীভুক্ত এবং শ্রেণীবহির্ভূত করে দেখানো হয়েছে। অভ্যন্তর মাতিকায় ১০৫টি বিষয় এবং বাহির মাতিকায় ৬৬টি ত্রিক এবং ২০০টি দুক এই গ্রন্থের ভূমিকায় উল্লেখ আছে।

# ২—দ্বিতীয় পরিচ্ছেদ

## ২। শ্রেণীভুক্ত এবং শ্রেণীবহির্ভূত পদনির্দেশ

### (৮টা প্রশ্ন ও উত্তর)

১৭১। চক্ষু-আয়তন যে ধর্মসমূহে ............... স্প্রষ্টব্যায়তন যে ধর্মসমূহে, চক্ষুধাতু যে ধর্মসমূহে ............... স্প্রষ্টব্যধাতু যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীভুক্ত কিন্তু আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, সে ধর্মসমূহ কত স্কন্ধে, কত আয়তনে এবং ধাতুতে শ্রেণীবহির্ভূত? সে ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৭২। চক্ষুবিজ্ঞান ধাতু যে ধর্মসমূহে, শ্রোতবিজ্ঞান ধাতু যে ধর্মসমূহ, ঘ্রানবিজ্ঞান ধাতু যে ধর্মসমূহে, জিহ্বাবিজ্ঞান ধাতু যে ধর্মসমূহে, কায়বিজ্ঞান ধাতু যে ধর্মসমহে, মনোধাতু যে ধর্মসমূহে, মনোবিজ্ঞান ধাতু যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীভুক্ত, কিন্তু আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত .........সে ধর্মসমূহ চার স্কন্ধে, এগার আয়তনে এবং বার ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৭৩। চক্ষু-ইন্দ্রিয় যে ধর্মসমূহে, শ্রোত্রেন্দ্রিয় যে ধর্মসমূহে, ঘ্রানেন্দ্রিয় যে ধর্মসমূহে, জিহ্বেন্দ্রিয় যে ধর্মসমূহে, কায়েন্দ্রিয় যে ধর্মসমূহে, স্ত্রী-ইন্দ্রিয় যে ধর্মসমূহে, পুরুষেন্দ্রিয় যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীভুক্ত কিন্তু আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত ............... সে ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৭৪। অসংজ্ঞাভব যে ধর্মসমূহে, একবোকারভব যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীভুক্ত কিন্তু আয়তন শ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত...............সে ধর্মসমূহ চার স্কন্ধে, তিন আয়তনে এবং নয় ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৭৫। পরিদেব বা বিলাপ যে ধর্মসমূহে, সনিদর্শন-সপ্রতিঘ ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীভুক্ত কিন্তু আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত ............... সে ধর্মসমূহ চার স্কন্ধে, ৫৫ আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৭৬। অনিদর্শন-সপ্রতিঘ-ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীভুক্ত কিন্তু আয়তন-শ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত .......... সে ধর্মসমূহ চার স্কন্ধে, দশ আয়তনে এবং ষোল ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৭৭। সনিদর্শন ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীভুক্ত কিন্তু আয়তন শ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত .......... সে ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৭৮। সপ্রতিঘ ধর্ম যে ধর্মসমূহে, উপাত্তধর্ম সে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীভুক্ত কিন্তু আয়তন শ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সে ধর্মসমূহ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীবহির্ভূত? সে ধর্মসমূহ চার স্কন্ধে এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

## স্মারক গাথা

আয়তন দশ, ধাতু সতের,
ইন্দ্রিয় সাত, এক সংজ্ঞাভবের।
এক বোকারভব, এককরে পরিদেবন,
সনিদর্শন সপ্রতিঘ, অনিদর্শন।
অনিদর্শন সপ্রতিঘ, সপ্রতিঘ, উপাত্ত,
এই পরিচ্ছেদে সর্বমোট বিয়াল্লিশ ধর্ম।

২২। শ্রেণীভুক্ত এবং শ্রেণীবহির্ভূত পদনির্দেশ **

দ্বিতীয় পরিচ্ছেদ সমাপ্ত।

---

** এই পরিচ্ছেদে সর্বমোট ৪২টা আলোচ্য বিষয়। ১৭১ নম্বরে ২০টা, ১৭২ নম্বরে ৭টা, ১৭৩ নম্বরে ৭টা, ১৭৪ এবং ১৭৫ নম্বরে ২টা করে, ৪টা, ১৭৬ এবং ১৭৭ নম্বরে ১ করে ২টা এবং ১৭৮ নম্বরে ২টা মোট ৪২টা আলোচ্য বিষয়। তন্মধ্যে ৩৫টা রূপস্কন্ধের অংশ বিশেষ এবং "যে ধর্ম্ম" বা রূপস্কন্ধের অন্যান্য অংশে একই রূপস্কন্ধে শ্রেণীভুক্ত কিন্তু একই আয়তন-শ্রেণীতে এবং একই ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত। বাকী ৭টা বিজ্ঞানস্কন্ধের অংশ বিশেষ এবং "যে ধর্ম্ম" বা বিজ্ঞান স্কন্ধের অন্যান্য অংশে একই বিজ্ঞানস্কন্ধে শ্রেণীভুক্ত এবং একই মনায়তনে শ্রেণীভুক্ত কিন্তু একই ধাতুতে শ্রেণীবহির্ভূত। ধাতুকথার বাকী বিষয়গুলি নামরূপ নিয়ে গঠিত বলে উহাদের আলোচনা এখানে প্রযোজ্য নয়। ৪২টা আলোচ্য বিষয়ের মধ্যে ৩৭টা অভ্যন্তর মাতিকা এবং ৫টা বাহির মাতিকা।

# তৃতীয় পরিচ্ছেদ

## ৩। শ্রেণীবহির্ভূত এবং শ্রেণীভুক্ত পদনির্দেশ

### (১২টা প্রশ্ন ও উত্তর)

১৭৯। বেদনাস্কন্ধ যে ধর্মসমূহে, সংজ্ঞা স্কন্ধ যে ধর্মসমূহে, সংস্কার স্কন্ধ যে ধর্মসমূহে, সমুদয়সত্য যে ধর্মসমূহে, মার্গসত্য যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত কিন্তু আয়তনশ্রেণীতে শ্রেণীভুক্ত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীভুক্ত; সে ধর্মসমূহে কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত? সে ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত।

১৮০। নিরোধসত্য যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত কিন্তু আয়তনশ্রেণীতে শ্রেণীভুক্ত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীভুক্ত ...... ...... সে ধর্মসমূহ চার স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত।

১৮১। জীবিতেন্দ্রিয় যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত কিন্তু আয়তনশ্রেণীতে শ্রেণীভুক্ত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীভুক্ত ...... সে ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে দুই স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত।

১৮২। স্ত্রী ইন্দ্রিয় যে ধর্মসমূহে, পুরুষেন্দ্রিয় যে ধর্মসমূহে, সুখেন্দ্রিয় যে ধর্মসমূহে, দুঃখেন্দ্রিয় যে ধর্মসমূহে, সৌমনস্যেন্দ্রিয় যে ধর্মসমূহে, দৌর্মনস্যেন্দ্রিয় যে ধর্মসমূহে, উপেক্ষেন্দ্রিয় যে ধর্মসমূহে, শ্রদ্ধেন্দ্রিয় যে ধর্মসমূহে, বীর্যেন্দ্রিয় যে ধর্মসমূহে, স্মৃতীন্দ্রিয় যে ধর্মসমূহে, সমাধীন্দ্রিয় যে ধর্মসমূহে, প্রজ্ঞেন্দ্রিয় যে ধর্মসমূহে, অজ্ঞাত-জ্ঞাতার্থীন্দ্রিয় যে ধর্মসমূহে, লোকোত্তর জ্ঞানেন্দ্রিয় যে

ধর্মসমূহে, লোকোত্তর জ্ঞানীন্দ্রিয় যে ধর্মসমূহে, অবিদ্যা যে ধর্মসমূহে, অবিদ্যার প্রত্যয়ে সংস্কার যে ধর্মসমূহে, ষড়ায়তনের প্রত্যয়ে স্পর্শ যে ধর্মসমূহে, স্পর্শের প্রত্যয়ে বেদনা যে ধর্মসমূহে, বেদনার প্রত্যয়ে তৃষ্ণা যে ধর্মসমূহে, তৃষ্ণার প্রত্যয়ে উপাদান যে ধর্মসমূহে, কর্মভব যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণী-বহির্ভূত কিন্তু আয়তনশ্রেণীতে শ্রেণীভুক্ত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীভুক্ত …… সে ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত।

১৮৩। জাতি যে ধর্মসমূহে, জরা যে ধর্মসমূহে, মরণ যে ধর্মসমূহে, ধ্যান যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত কিন্তু আয়তনশ্রেণীতে শ্রেণীভুক্ত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীভুক্ত …… সে ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে দুই স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত।

১৮৪। শোক যে ধর্মসমূহে, দুঃখ যে ধর্মসমূহে, দৌর্মনস্য যে ধর্মসমূহে, উপায়াস বা হতাশা যে ধর্মসমূহে, স্মৃতি-প্রস্থান যে ধর্মসমূহে, সম্যক প্রধান যে ধর্মসমূহে, ঋদ্ধিপাদ যে ধর্মসমূহে, পঞ্চেন্দ্রিয় যে ধর্মসমূহে, পঞ্চ বল যে ধর্মসমূহে, সাত বোধ্যঙ্গ যে ধর্মসমূহে, আর্য অষ্টাঙ্গিক মার্গ যে ধর্মসমূহে, স্পর্শ যে ধর্মসমূহে, বেদনা যে ধর্মসমূহে, সংজ্ঞা যে ধর্মসমূহে, চেতনা যে ধর্মসমূহে, অধিমোক্ষ যে ধর্মসমূহে, মনস্কার যে ধর্মসমূহে, হেতুধর্ম যে ধর্মসমূহে, হেতু অথচ সহেতুক ধর্ম যে ধর্মসমূহে, হেতু অথচ হেতু সম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত কিন্তু আয়তনশ্রেণীতে শ্রেণীভুক্ত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীভুক্ত …… সে ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে, স্কন্ধ হতে বাদ দিলে তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত।

১৮৫। অপ্রত্যয় ধর্ম যে ধর্মসমূহে, অসংস্কৃত ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত কিন্তু আয়তনশ্রেণীতে শ্রেণীভুক্ত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীভুক্ত

............... সে ধর্মসমূহ চার স্কন্ধে এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত।

১৮৬। আস্রব ধর্ম যে ধর্মসমূহে, আস্রব অথচ সাস্রব ধর্ম যে ধর্মসমূহে, আস্রব অথচ আস্রবসম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত কিন্তু আয়তনশ্রেণীতে শ্রেণীভুক্ত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীভুক্ত ............ সে ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত।

১৮৭। সংযোজন, গ্রন্থি, ওঘ, যোগ, নীবরণ পরামাস বা বিকৃতমত, বিকৃতমত অথচ বিকৃতমতবিশিষ্ট ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত কিন্তু আয়তনশ্রেণীতে শ্রেণীভুক্ত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীভুক্ত ...... সে ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত।

১৮৮। চৈতসিক ধর্ম যে ধর্মসমূহে, চিত্তসম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, চিত্ত-সংশ্লিষ্ট ধর্ম যে ধর্মসমূহে, চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থান ধর্ম, চিত্তসংশ্লিষ্ট-সহ উৎপন্ন ধর্ম যে ধর্মসমূহে, চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থান-অনুপরিবর্তী ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধ-শ্রেণীতে শ্রেণীবহির্ভূত কিন্তু আয়তনশ্রেণীতে শ্রেণীভুক্ত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীভুক্ত .......... অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিলে এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত।

১৮৯। চিত্ত সহ-উৎপন্ন ধর্ম যে ধর্মসমূহে, চিত্ত-অনুপরিবর্তী ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত কিন্তু আয়তনশ্রেণীতে শ্রেণীভুক্ত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীভুক্ত .......... সে ধর্মসমূহ কোন স্কন্ধ ব্যতীত, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত।

১৯০। উপাদান ধর্ম যে ধর্মসমূহে, ক্লেশধর্ম যে ধর্মসমূহে, ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম যে ধর্মসমূহে, ক্লেশ অথচ সংক্লিষ্ট ধর্ম যে ধর্মসমূহে, ক্লেশ-

সম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহ স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত কিন্তু আয়তনশ্রেণীতে শ্রেণীভুক্ত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীভুক্ত সে ধর্মসমূহ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত? সে ধর্মসমূহ অসংস্কৃত বা নির্বাণকে স্কন্ধ হতে বাদ দিয়ে তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত।

## স্মারক গাথা

তিন স্কন্ধ, তিন সত্য ইন্দ্রিয় ষোল,
প্রত্যয়াকারে পদ চৌদ্দ, আরও চৌদ্দ ধরল।
দশ গুচ্ছ হতে ত্রিশ পদই
ক্ষুদ্র ছক দুই বৃহৎ ছক আট, মোট নব্বই।

৩। শ্রেণীবহির্ভূত এবং শ্রেণীভুক্ত পদনির্দেশ **

তৃতীয় পরিচ্ছেদ সমাপ্ত

---

** এই পরিচ্ছেদে (১৭৯ হতে ১৯০) = ১২টা প্রশ্নোত্তরের মাধ্যমে ৯০টা বিষয় সম্বন্ধে আলোচনা করা হয়েছে। এই বিষয়গুলি একই আয়তনশ্রেণীতে এবং একই ধাতুশ্রেণীতে অন্তর্ভুক্ত করে কিন্তু একই স্কন্ধশ্রেণী হতে বহির্ভূত করে আলোচনা করা হয়েছে। ধাতুকথা গ্রন্থে বিষয়গুলি স্থূলরূপ এবং চিত্ত হওয়াতে উহাদের আলোচনা এখানে অন্তর্ভুক্ত করার প্রয়োজন নেই। ৯০টা বিষয়ের মধ্যে ৫০টা অভ্যন্তর মাতিকা এবং ৪০টা বাহির মাতিকা।

# চতুর্থ পরিচ্ছেদ

## ৪। শ্রেণীভুক্ত এবং শ্রেণীভুক্ত পদনির্দেশ

### ( ২টা প্রশ্ন এবং উত্তর )

১৯১। সমুদয়সত্য, যে ধর্মসমূহ, মার্গসত্য যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে, আয়তনশ্রেণীতে এবং ধাতুশ্রেণীতে শ্রেণীভুক্ত, সেই ধর্মসমূহের সহিত যে ধর্মসমূহ সে ধর্মসমূহ স্কন্ধশ্রেণীতে, আয়তনশ্রেণীতে এবং ধাতুশ্রেণীতে শ্রেণীভুক্ত, সে ধর্মসমূহ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত? সে ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত।

১৯২। স্ত্রী ইন্দ্রিয় যে ধর্মসমূহে, পুরুষেন্দ্রিয় যে ধর্মসমূহে, সুখেন্দ্রিয় যে ধর্মসমূহে, দুঃখেন্দ্রিয় যে ধর্মসমূহে, সৌমনস্যেন্দ্রিয় যে ধর্মসমূহে, দৌর্মনস্যেন্দ্রিয় যে ধর্মসমূহে, উপেক্ষেন্দ্রিয় যে ধর্মসমূহে, শ্রদ্ধেন্দ্রিয় যে ধর্মসমূহে, বীর্যেন্দ্রিয় যে ধর্মসমূহে, স্মৃতীন্দ্রিয় যে ধর্মসমূহে, সমাধীন্দ্রিয় যে ধর্মসমূহে, প্রজ্ঞেন্দ্রিয় যে ধর্মসমূহে, অজ্ঞাত জ্ঞাতার্থীন্দ্রিয় যে ধর্মসমূহে, লোকোত্তর জ্ঞানেন্দ্রিয় যে ধর্মসমূহে, লোকোত্তর জ্ঞানীন্দ্রিয় যে ধর্মসমূহে;

অবিদ্যা যে ধর্মসমূহে, অবিদ্যাপ্রত্যয়ে সংস্কার যে ধর্মসমূহে, ষড়ায়তনের প্রত্যয়ে স্পর্শ যে ধর্মসমূহে, বেদনার প্রত্যয়ে তৃষ্ণা যে ধর্মসমূহে, তৃষ্ণার প্রত্যয়ে উপাদান যে ধর্মসমূহে, কর্মভব যে ধর্মসমূহে, শোক যে ধর্মসমূহে, পরিদেব যে ধর্মসমূহে, দুঃখ যে ধর্মসমূহে, দৌর্মনস্য যে ধর্মসমূহে, উপায়াস বা হতাশা যে ধর্মসমূহে।

স্মৃতি-প্রস্থান যে ধর্মসমূহে, সম্যক প্রধান যে ধর্মসমূহে, ঋদ্ধিপাদ যে ধর্মসমূহে, পঞ্চেন্দ্রিয় যে ধর্মসমূহে, পঞ্চবল যে ধর্মসমূহে, সপ্ত বোধ্যঙ্গ

যে ধর্মসমূহে, আর্য অষ্টাঙ্গিক মার্গ যে ধর্মসমূহে, স্পর্শ যে ধর্মসমূহে, চেতনা যে ধর্মসমূহে, অধিমোক্ষ যে ধর্মসমূহে, মনস্কার যে ধর্মসমূহে ;

হেতুধর্ম যে ধর্মসমূহে, হেতু অথচ সহেতুক ধর্ম যে ধর্মসমূহে, হেতু অথচ হেতুসম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, আস্রব, সংযোজন, গ্রন্থি, ওঘ, যোগ, নীবরণ, পরামাস বা মিথ্যামত, উপাদান, ক্লেশধর্ম, যে ধর্মসমূহে, ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম যে ধর্মসমূহে ক্লেশ অথচ সংক্লিষ্ট ধর্ম, যে ধর্মসমূহে, ক্লেশ অথচ ক্লেশ সম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে, আয়তনশ্রেণীতে এবং ধাতুশ্রেণীতে শ্রেণীভুক্ত, সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে, আয়তনশ্রেণীতে এবং ধাতুশ্রেণীতে শ্রেণীভুক্ত, যে শ্রেণীভুক্ত, যে ধর্মসমূহ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীভুক্ত ? যে ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীভুক্ত।

## স্মারক গাথা

বাইশটি পদের ইন্দ্রিয়, প্রতীত্যসমুৎপাদ এগার,
তৎপর আনে এগার, গুচ্ছ ত্রিশ, মোট উনসত্তর।

৪। শ্রেণীভুক্ত এবং শ্রেণীভুক্ত পদনির্দেশ **

চতুর্থ পরিচ্ছেদ সমাপ্ত

---

** এই পরিচ্ছেদে ৩টা প্রশ্নোত্তরের মাধ্যমে ৬৯টা বিষয় আলোচিত হয়েছে। প্রত্যেক বিষয় "যে ধম্মা" এর সহিত অন্যান্য বিষয়ে একই শ্রেণীভুক্ত হওয়াতে তাদের পরস্পর একই শ্রেণীভুক্ত হয়েছে। এই পরিচ্ছেদে ৬৯ বিষয়ে ৩৯টা অভিধর্ম মাতিকা এবং ৩০টা বাহির মাতিকা।

# ৫—পঞ্চম পরিচ্ছেদ

## ৫। শ্রেণীবহির্ভূত এবং শ্রেণীবহির্ভূত পদনির্দেশ

(৩৫টা প্রশ্ন ও উত্তর)

১৯৩। রূপস্কন্ধ যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত; সেই ধর্মসমূহে যে ধর্মসমূহ স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, সে ধর্মসমূহ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীবহির্ভূত? সে ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৯৪। বেদনাস্কন্ধ যে ধর্মসমূহে, সংজ্ঞাস্কন্ধ যে ধর্মসমূহে, সংস্কার স্কন্ধ যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ............ সে ধর্মসমূহ দুই স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৯৫। বিজ্ঞানস্কন্ধ যে ধর্মসমূহে, মনায়তন যে ধর্মসমূহে, চক্ষু-বিজ্ঞান ধাতু যে ধর্মসমূহে, মনেন্দ্রিয় যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ............ সে ধর্মসমূহ চার স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৯৬। চক্ষু-আয়তন যে ধর্মসমূহে ........ স্প্রষ্টব্যায়তন যে ধর্মসমূহে, চক্ষুধাতু যে ধর্মসমূহে ........ স্প্রষ্টব্যধাতু যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ............ সে ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৯৭। ধর্মায়তন যে ধর্মসমূহে, ধর্মধাতু যে ধর্মসমূহে, স্ত্রী-ইন্দ্রিয় যে ধর্মসমূহে, পুরুষেন্দ্রিয় যে ধর্মসমূহে, জীবিতেন্দ্রিয় যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ………… সে ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৯৮। সমুদয়সত্য যে ধর্মসমূহে, মার্গসত্য যে ধর্মসমূহে, নিরোধসত্য যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ………… সে ধর্মসমূহ দুই স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১৯৯। চক্ষু-ইন্দ্রিয় যে ধর্মসমূহে ………… কায়েন্দ্রিয় যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ………… সে ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২০০। সুখেন্দ্রিয় যে ধর্মসমূহে, দুঃখেন্দ্রিয় যে ধর্মসমূহে, সৌমনস্যেন্দ্রিয় যে ধর্মসমূহে, দৌর্মনস্যেন্দ্রিয় যে ধর্মসমূহে, উপেক্ষেন্দ্রিয় যে ধর্মসমূহে, শ্রদ্ধেন্দ্রিয় যে ধর্মসমূহে, বীর্যেন্দ্রিয় যে ধর্মসমূহে, স্মৃতীন্দ্রিয় যে ধর্মসমূহে, সমাধীন্দ্রিয় যে ধর্মসমূহে, প্রজ্ঞেন্দ্রিয় যে ধর্মসমূহে, অজ্ঞাত জ্ঞাতার্থীন্দ্রিয় যে ধর্মসমূহে, লোকোত্তর-জ্ঞানেন্দ্রিয় যে ধর্মসমূহে, লোকোত্তর জ্ঞানীন্দ্রিয় যে ধর্মসমূহে, অবিদ্যা যে ধর্মসমূহে, অবিদ্যার প্রত্যয়ে সংস্কার যে ধর্মসমূহে, স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ………… সে ধর্মসমূহ দুই স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২০১। সংস্কারের প্রত্যয়ে বিজ্ঞান যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্ম-

সমূহ যে ধর্মসমূহে ............সে ধর্মসমূহ চার স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২০২। বিজ্ঞানের প্রত্যয়ে নামরূপ যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে............সে ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২০৩। নামরূপের প্রত্যয়ে ষড়ায়তন যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে............সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২০৪। ষড়ায়তনের প্রত্যয়ে স্পর্শ যে ধর্মসমূহে, স্পর্শের প্রত্যয়ে বেদনা যে ধর্মসমূহে বেদনার প্রত্যয়ে তৃষ্ণা যে ধর্মসমূহে, তৃষ্ণার প্রত্যয়ে উপাদান যে ধর্মসমূহে, কর্মভব যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ............সে ধর্মসমূহ দুই স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২০৫। অরূপভব যে ধর্মসমূহে, নৈবসংজ্ঞা-নাসংজ্ঞাভব যে ধর্মসমূহে, চার বোকারভব যে ধর্মসমূহে, ঋদ্ধিপাদ যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে............ সে ধর্মসমূহ এক স্কন্ধে, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২০৬। অসংজ্ঞাভব যে ধর্মসমূহে, একবোকারভব যে ধর্মসমূহে, জাতি যে ধর্মসমূহে, জরা যে ধর্মসমূহে, মরণ যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে

শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে............সে ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১০৭। পরিদেব যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে.................সে ধর্মসমূহ চার স্কন্ধে দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১০৮। শোক যে ধর্মসমূহে, দুঃখ যে ধর্মসমূহে, দৌর্মনস্য যে ধর্মসমূহে, উপায়াস (নিরাশা) যে ধর্মসমূহে, স্মৃতি-প্রস্থান যে ধর্মসমূহে, সম্যক প্রধান যে ধর্মসমূহে, ধ্যান যে ধর্মসমূহে, অপ্রমেয় যে ধর্মসমূহে, পঞ্চেন্দ্রিয় যে ধর্ম-সমূহে, পঞ্চবল যে ধর্মসমূহে, সপ্ত বোধ্যঙ্গ যে ধর্মসমূহে, আর্য অষ্টাঙ্গিক মার্গ যে ধর্মসমূহে, স্পর্শ যে ধর্মসমূহে, বেদনা যে ধর্মসমূহে, সংজ্ঞা যে ধর্মসমূহে, চেতনা যে ধর্মসমূহে, অধিমোক্ষ যে ধর্মসমূহে, মনস্কার যে ধর্মসমূহে স্কন্ধ-শ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ..........সে ধর্মসমূহ দুই স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

১০৯। চিত্ত যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ...............সে ধর্মসমূহ চার স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীবহির্ভূত।

## ১। তিক

১১০। কুশল ধর্ম যে ধর্মসমূহে, অকুশল ধর্ম যে ধর্মসমূহে, সুখানুভব সম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, দুঃখানুভব সম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, অদুঃখাসুখানুভব সম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, বিপাক ধর্ম যে ধর্মসমূহে, বিপাকধর্ম ধর্ম যে ধর্মসমূহে,

অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম যে ধর্মসমূহে, সংক্লিষ্ট সংক্লেশিক ধর্ম যে ধর্মসমূহে, অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম যে ধর্মসমূহে, সবিতর্ক-সবিচার ধর্ম যে ধর্মসমূহে, অবিতর্ক কিন্তু বিচার্য ধর্ম যে ধর্মসমূহে, প্রীতিসহগত ধর্ম যে ধর্মসমূহে, সুখসহগত ধর্ম যে ধর্মসমূহে, উপেক্ষাসহগত ধর্ম যে ধর্মসমূহে, দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম যে ধর্মসমূহে, ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম যে ধর্মসমূহে, দর্শনের দ্বারা পরিত্যাজ্য হেতুক ধর্ম যে ধর্মসমূহে, ভাবনার দ্বারা পরিত্যাজ্য হেতুক ধর্ম যে ধর্মসমূহে, আচয়গামী অর্থাৎ জন্ম মৃত্যু পথে আবর্তনশীল ধর্ম যে ধর্মসমূহে, অপচয়গামী অর্থাৎ নির্বাণপথে প্রবর্তনকারী ধর্ম যে ধর্মসমূহে, শৈক্ষ্য ধর্ম যে ধর্মসমূহে, অশৈক্ষ্য ধর্ম যে ধর্মসমূহে, মহদ্গত ধর্ম যে ধর্মসমূহে, অপ্রমাণ ধর্ম যে ধর্মসমূহে, পরিত্তারম্মণ ধর্ম যে ধর্মসমূহে, মহদ্গতারম্মণ ধর্ম যে ধর্মসমূহে, অপ্রমাণারম্মণ ধর্ম যে ধর্মসমূহে, হীনধর্ম যে ধর্মসমূহে, প্রণীত ধর্ম যে ধর্মসমূহে, মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম যে ধর্মসমূহে, সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম যে ধর্মসমূহে, মার্গারম্মণ ধর্ম যে ধর্মসমূহে, মার্গহেতু ধর্ম যে ধর্ম যে ধর্মসমূহে, মার্গাধিপতি ধর্ম যে ধর্মসমূহে, অতীতারম্মণ ধর্ম যে ধর্মসমূহে, অনাগতারম্মণ ধর্ম যে ধর্মসমূহে, বর্তমানারম্মণ ধর্ম যে ধর্মসমূহে, অন্তঃস্থিতারম্মণ ধর্ম যে ধর্মসমূহে, বহিঃস্থিতারম্মণ ধর্ম যে ধর্মসমূহে, অন্তঃস্থিত-বহিঃস্থিতারম্মণ ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণী শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ········ যে ধর্মসমূহ এক স্কন্ধে, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২১১। সনিদর্শন-সপ্রতিঘ ধর্ম যে ধর্মসমূহে, অনিদর্শন-সপ্রতিঘ ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ········ সে ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীবহির্ভূত।

## ২। মূল

২১২। হেতুধর্ম যে ধর্মসমূহে, হেতু অথচ সহেতুক ধর্ম যে ধর্মসমূহে, হেতু

অথচ হেতুসম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তন-শ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ............ সে ধর্মসমূহ দুই স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২১৩। সহেতুক ধর্ম যে ধর্মসমূহে, হেতুসম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, সহেতুক অথচ হেতুহীন ধর্ম যে ধর্মসমূহে, হেতুসম্প্রযুক্ত অথচ হেতুহীন ধর্ম যে ধর্মসমূহে, হেতুহীন সহেতুক ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তন-শ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্ম-সমূহে ............ সে ধর্মসমূহ এক স্কন্ধে, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২১৪। অপ্রত্যয় ধর্ম যে ধর্মসমূহে, অসংস্কৃত ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ............ সে ধর্মসমূহ দুই স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২১৫। সনিদর্শন ধর্ম যে ধর্মসমূহে, সপ্রতিঘ ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণী-বহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ............ সে ধর্মসমূহ চার স্কন্ধে, দুই আয়তনে এবং আট ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২১৬। রূপী ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ............ সে ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২১৭। অরূপী ধর্ম যে ধর্মসমূহে, লোকোত্তর ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে

শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ............ সে ধর্মসমূহ এক স্কন্ধে, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২১৮। আস্রব ধর্ম যে ধর্মসমূহে, আস্রব অথচ সাস্রব ধর্ম যে ধর্মসমূহে, আস্রব অথচ আস্রব সম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ............ সে ধর্মসমূহ দুই স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২১৯। অনাস্রব ধর্ম যে ধর্মসমূহে আস্রবসম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, আস্রবসম্প্রযুক্ত অথচ আস্রবহীন ধর্ম যে ধর্মসমূহে, আস্রববিপ্রযুক্ত অনাস্রব ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ............ সে ধর্মসমূহ এক স্কন্ধে, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২২০। সংযোজন ধর্ম যে ধর্মসমূহে, গ্রন্থি ধর্ম যে ধর্মসমূহে, ওঘ ধর্ম যে ধর্মসমূহে, যোগধর্ম যে ধর্মসমূহে, নীবরণ ধর্ম যে ধর্মসমূহে, পরামাস বা বিকৃতমত ধর্ম যে ধর্মসমূহে, বিকৃতমত অথচ বিকৃতমতালম্বন ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ ............ সে ধর্মসমূহ দুই স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২২১। অবিকৃতমতাবলম্বন ধর্ম যে ধর্মসমূহে, বিকৃতমত সম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, বিকৃতমত বিপ্রযুক্ত অবিকৃতমতাবলম্বন ধর্ম যে ধর্মসমূহে, সারম্মণ ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ............ সে ধর্মসমূহ এক স্কন্ধে, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২২২। অনারম্মণ ধর্ম যে ধর্মসমূহে, চিত্তহীন ধর্ম যে ধর্মসমূহে, চিত্তবিপ্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, চিত্তের সহিত অসংযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, চিত্ত-সমুত্থান ধর্ম যে ধর্মসমূহে, চিত্তের সহিত এক সাথে উৎপন্ন ধর্ম যে ধর্মসমূহে, চিত্তানুপরিবর্তী ধর্ম যে ধর্মসমূহে, নতিংশ্রিত ধর্ম যে ধর্মসমূহে, উপাত্ত ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধ-শ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ……… সে ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২২৩। চিত্ত ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ……… সে ধর্মসমূহ চার স্কন্ধে, এগার আয়তনে এবং এগার ধাতুতে শ্রেণীবহির্ভূত

২২৪। চৈতসিক ধর্ম যে ধর্মসমূহে, চিত্তসম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, চিত্তের সহিত সংযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, চিত্তের সহিত সংযুক্ত এবং সমুত্থিত ধর্ম যে ধর্মসমূহে, চিত্তের সহিত সংযুক্ত-সমুত্থিত-এক সাথে উৎপন্ন ধর্ম যে ধর্মসমূহে, চিত্তের সহিত সংযুক্ত,-সমুত্থিত-অনুপরিবর্তী ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণী-বহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ……… সে ধর্মসমূহ দুই স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২২৫। অভ্যন্তরস্থিত ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তন-শ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ……… সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২২৬। উপাদান ধর্ম যে ধর্মসমূহে, ক্লেশ ধর্ম যে ধর্মসমূহে, ক্লেশ অথচ

সংক্লিষ্ট ধর্ম যে ধর্মসমূহে, ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম যে ধর্মসমূহে, ক্লেশ অথচ ক্লেশসম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে ……………… সে ধর্মসমূহ দুই স্কন্ধে, এগার আয়তনে এবং সতের ধাতুতে শ্রেণীবহির্ভূত।

২২৭। অসংক্লেশিক ধর্ম যে ধর্মসমূহে, সংক্লিষ্ট ধর্ম যে ধর্মসমূহে, ক্লেশসম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, সংক্লিষ্ট অথচ ক্লেশহীন ধর্ম যে ধর্মসমূহে, ক্লেশসম্প্রযুক্ত অথচ ক্লেশহীন ধর্ম যে ধর্মসমূহে, ক্লেশবিপ্রযুক্ত অসংক্লেশিক ধর্ম যে ধর্মসমূহে দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম যে ধর্মসমূহে, ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম যে ধর্মসমূহে, দর্শনের দ্বারা পরিত্যাজ্য হেতুক ধর্ম যে ধর্মসমূহে, ভাবনার দ্বারা পরিত্যাজ্য হেতুক ধর্ম যে ধর্মসমূহে, সবিতর্ক ধর্ম যে ধর্মসমূহে, সবিচার ধর্ম যে ধর্মসমূহে, সপ্রীতি ধর্ম যে ধর্মসমূহে, প্রীতিসহগত ধর্ম যে ধর্মসমূহে, সুখসহগত ধর্ম যে ধর্মসমূহে, উপেক্ষাসহগত ধর্ম যে ধর্মসমূহে, কামাচার অতীত ধর্ম যে ধর্মসমূহে, অরূপাবচর ধর্ম যে ধর্মসমূহে, অপর্যাপন্ন অর্থাৎ জীবন পর্যায়ব্যাপী নহে ধর্ম যে ধর্মসমূহে, নিয্যানিক বা জীবনব্যাপী প্রবর্তনশীল ধর্ম যে ধর্মসমূহে, নিয়ত ধর্ম যে ধর্মসমূহে, অনুত্তর ধর্ম যে ধর্মসমূহে, রণযুক্ত বা বিলাপযুক্ত ধর্ম যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে স্কন্ধশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, আয়তনশ্রেণীতে শ্রেণীবহির্ভূত এবং ধাতুশ্রেণীতে শ্রেণীবহির্ভূত, যে ধর্মসমূহ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে শ্রেণীবহির্ভূত? সে ধর্মসমূহ এক স্কন্ধে, দশ আয়তনে এবং দশ ধাতুতে শ্রেণীবহির্ভূত।

### স্মারক গাথা

রূপ এবং ধর্মায়তন, ধর্মধাতু, স্ত্রী পুরুষ, জীবিত, নামরূপ,
দুই ভব, জাতিজরা মৃত্যু, অনারম্মণ, অচিত্ত, বিপ্রযুক্ত, রূপ।

বিসংযুক্ত, সনিদান, সহ-উৎপন্ন, অপরিবর্তী,
বহির্ভূত, উপাদ, এই বিষয়, জানবার এই পদ্ধতি। *

শ্রেণীবহির্ভূত এবং শ্রেণীবহির্ভূত পদনির্দেশ **
পঞ্চম পরিচ্ছেদ সমাপ্ত।

---

* ত্রয়োদশ পরিচ্ছেদের শেষে এই উদ্দান গাথা অবিকল উদ্ধৃত আছে। পাঠকগণ প্রকরণ সংক্ষেপ মতে এই পরিচ্ছেদের উদ্দান দিয়ে বঙ্গানুবাদ করা হল :—

"খন্ধ আয়তন-ধাতুয়ো সচ্চতো তয়ো,
ইন্দ্রিয়ানি চ সব্বানি তেবীসতি পকাসিতা।
ততো সোলসপদা তে-চত্তালীস কতিকে,
গোচ্ছকে সত্ততি চ এব সত্ত চূলন্তরে পদা।
মহন্তরে পদা বুত্তা অট্‌ঠারস ততো পরং
পিট্‌ঠারসেব এতকদা সেসা ইধ ন ভাসিতাতি।"

"সত্য হতে তিন স্কন্ধ, আয়তন ধাতু সকল,
তেইশ প্রতীত্যসমুৎপাদ, ইন্দ্রিয় ও সকল।
তৎপর ষোল, তেতাল্লিশ ত্রিক,
বাহাত্তর দুক, সাত ক্ষুদ্র দুক।
আঠার মহৎ দুক, পৃষ্ঠদুক আঠার,
ব্যাখ্যাত ধর্ম—দুই শত সাতান্ন প্রকার।"

** এখানে স্কন্ধ, আয়তন এবং ধাতুর শ্রেণীবহির্ভূত ধর্মসমূহ দুই প্রকারে আলোচিত হয়েছে। যথা :—(১) পার্থক্য ধর্মের সহিত আলোচ্য ধর্ম এবং (২) পার্থক্য ধর্মের সহিত অন্যান্য সকল সম্ভাব্য ধর্মসমূহ। সুতরাং এখানে আলোচ্য ধর্ম হল স্কন্ধের কয়েকটা বিষয় এবং নির্বাণ। স্কন্ধের মধ্যে সূক্ষ্ম রূপ এবং বিজ্ঞানস্কন্ধ। বিজ্ঞানস্কন্ধে ৮৯ প্রকার চিত্ত, ৫২ চৈতসিক, সূক্ষ্মরূপ এবং নির্বাণ অন্তর্ভুক্ত।

আলোচ্য বিষয়গুলিতে ২৫৭টা ধর্ম আছে। বাকী ১১৬টা এখানে আলোচনার বিষয় নহে। ২৫৭টা আলোচ্য ধর্মের মধ্যে ৯১টা অভ্যন্তর মাতিকা এবং ১৬৬টা বাহির মাতিকা।

# ষষ্ঠ পরিচ্ছেদ

## ৬। সম্প্রযোগ এবং বিপ্রযোগ পদনির্দেশ

## (৭৮টা প্রশ্ন ও উত্তর)

### ১। স্কন্ধ

২২৮। রূপস্কন্ধ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে সম্প্রযুক্ত? (উহা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহা) চার স্কন্ধ, এক আয়তন এবং সাত ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তনে এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২২৯। বেদনাস্কন্ধ, সংজ্ঞাস্কন্ধ, সংস্কারস্কন্ধ তিন স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা প্রত্যেকটা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা প্রত্যেকটা) এক স্কন্ধ, দশ আয়তন এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৩০। বিজ্ঞানস্কন্ধ তিন স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহা) এক স্কন্ধ, দশ আয়তন এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

### ২। আয়তন

২৩১। চক্ষু-আয়তন............স্প্রষ্টব্যায়তন............সম্প্রযুক্ত? (উহারা প্রত্যেকে কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত?

(উহারা প্রত্যেকে) চার স্কন্ধ, এক আয়তন এবং সাত ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

১৩২। মনায়তন তিন স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহা) এক স্কন্ধ, দশ আয়তন এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

## ৩। ধাতু

১৩৩। চক্ষুধাতু ··········· স্প্রষ্টব্যধাতু ··············· সম্প্রযুক্ত? (উহারা প্রত্যেকে কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা প্রত্যেকে) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা প্রত্যেকে) চার স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

১৩৪। চক্ষুবিজ্ঞান ধাতু ········ মনোধাতু, মনোবিজ্ঞান-ধাতু তিন স্কন্ধে, সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা প্রত্যেকে) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা প্রত্যেকে) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

## ৪। সত্য এবং অন্যান্য

১৩৫। সমুদয় সত্য, মার্গ সত্য তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা প্রত্যেকে) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা প্রত্যেকে) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৩৬। নিরোধসত্য, চক্ষু-ইন্দ্রিয় ...... কায়েন্দ্রিয়, স্ত্রী-ইন্দ্রিয়, পুরুষেন্দ্রিয় ...... সম্প্রযুক্ত? (উহারা কোনটাতেও সম্প্রযুক্ত) নহে। (উহাদের প্রত্যেকটা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহাদের প্রত্যেকটা) চার স্কন্ধ, এক আয়তন এবং সাত ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৩৭। মনেন্দ্রিয় তিন স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহা) এক স্কন্ধ, দশ আয়তন এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও একধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৩৮। সুখেন্দ্রিয়, দুঃখেন্দ্রিয়, সৌমনস্যেন্দ্রিয়, দৌর্মনস্যেন্দ্রিয় তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহাদের প্রত্যেকটা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহাদের প্রত্যেকটা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৩৯। উপেক্ষেন্দ্রিয় তিন স্কন্ধে, এক আয়তনে এবং ছয় ধাতুতে সম্প্রযুক্ত এবং এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহা) এক স্কন্ধ, দশ আয়তন এবং এগার ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৪০। শ্রদ্ধেন্দ্রিয়, বীর্যেন্দ্রিয়, স্মৃতীন্দ্রিয়, সমাধীন্দ্রিয়, প্রজ্ঞেন্দ্রিয়, অজ্ঞাত-জ্ঞাতার্থীন্দ্রিয়, লোকোত্তর জ্ঞানেন্দ্রিয়, লোকোত্তর জ্ঞানীন্দ্রিয় অবিদ্যা, অবিদ্যার প্রত্যয়ে সংস্কার তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। ( উহাদের প্রত্যেকটা ) কত প্রকারে বিপ্রযুক্ত? ( উহাদের প্রত্যেকটা ) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৪১। সংস্কারের প্রত্যয়ে বিজ্ঞান তিন স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহা) এক স্কন্ধ, দশ আয়তন এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৪২। ষড়ায়তনের প্রত্যয়ে স্পর্শ তিন স্কন্ধে, এক আয়তনে সাত ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহা) এক স্কন্ধ, দশ আয়তন এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৪৩। স্পর্শের প্রত্যয়ে বেদনা তিন স্কন্ধে, এক আয়তনে সাত ধাতুতে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহা) এক স্কন্ধ, দশ আয়তন এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৪৪। বেদনার প্রত্যয়ে তৃষ্ণা, তৃষ্ণার প্রত্যয়ে উপাদান, কর্মভব তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। ( উহাদের প্রত্যেকটা ) কত প্রকারে বিপ্রযুক্ত? ( উহাদের প্রত্যেকটা ) এক স্কন্ধ, দশ আয়তন, ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৪৫। রূপভব ··········সম্প্রযুক্ত? ( উহা কোনটাতে সম্প্রযুক্ত ) নহে। (উহা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহা) কোন স্কন্ধ হতে এবং কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে, কিন্তু তিন ধাতু হতে বিপ্রযুক্ত।

২৪৬। অরূপভব, নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তনভব, চারবোকারভব··········

সম্প্রযুক্ত ? ( উহাদের কোনটা কোনটাতে সম্প্রযুক্ত ) নহে। ( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত ? ( উহাদের প্রত্যেকটা ) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

১৪৭। অসংজ্ঞাভব, একবোকারভব, পরিদেব ................ সম্প্রযুক্ত ? ( উহাদের কোনটা কোনটাতে সম্প্রযুক্ত ) নহে। ( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত ? ( উহাদের প্রত্যেকটা ) চার স্কন্ধ, এক আয়তন এবং সাত ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

১৪৮। শোক, দুঃখ, দৌর্মনস্য তিন স্কন্ধে এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। ( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত ? ( উহাদের প্রত্যেকটা ) এক স্কন্ধ, দশ আয়তন ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

১৪৯। উপায়াস ( হতাশা ), স্মৃতি-প্রস্থান, সম্যক প্রধান তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। ( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত ? ( উহাদের প্রত্যেকটা ) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

১৫০। ঋদ্ধিপাদ দুই স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। ( উহা ) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৫১। ধ্যান দুই স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৫২ অপ্রমেয়, পঞ্চেন্দ্রিয়, পঞ্চবল, সপ্ত বোধ্যঙ্গ, আর্য অষ্টাঙ্গিক মার্গ তিন স্কন্ধে এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহাদের প্রত্যেকটা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৫৩। স্পর্শ, চেতনা, মনস্কার তিন স্কন্ধে, এক আয়তনে সাত ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহাদের প্রত্যেকটা) এক স্কন্ধ, দশ আয়তন এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৫৪। বেদনা, সংজ্ঞা তিন স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহাদের প্রত্যেকটা এক স্কন্ধ, দশ আয়তন এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত

২৫৫। চিত্ত তিন স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহা) এক স্কন্ধ; দশ আয়তন এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৫৬। অধিমোক্ষ তিন স্কন্ধে, এক আয়তনে এবং দুই ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

## ৫। তিক

২৫৭। কুশল ধর্মসমূহ, অকুশল ধর্মসমূহ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে সম্প্রযুক্ত? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৫৮। সুখাবেদন সম্প্রযুক্ত ধর্মসমূহ, দুঃখাবেদন সম্প্রযুক্ত ধর্মসমূহ, এক স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং পনের ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৫৯। অদুঃখাসুখাবেদন সম্প্রযুক্ত ধর্মসমূহ এক স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং এগার ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৬০। বিপাক ধর্মসমূহ ········ সম্প্রযুক্ত? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৬১। বিপাকধর্ম ধর্মসমূহ, সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মসমূহ ·········· সম্প্রযুক্ত? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত?

( উহারা এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৬২। নৈববিপাক-নাবিপাক ধর্মসমূহ, অনুপাদিন্ন—পাদানীয় ধর্মসমূহ··· ···· সম্প্রযুক্ত ? ( উহারা কোনটাতে সম্প্রযুক্ত ) নহে। ( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত ? ( উহারা ) কোন স্কন্ধ এবং কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু পাঁচ ধাতু হতে বিপ্রযুক্ত।

২৬৩। অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ, অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মসমূহ ···········সম্প্রযুক্ত ? ( উহারা কোনটাতে সম্প্রযুক্ত ) নহে। ( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত ? ( উহারা ) কোন স্কন্ধ এবং কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে এবং ছয় ধাতু হতে বিপ্রযুক্ত।

২৬৪। সবিতর্ক-সবিচার ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। ( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত ? ( উহারা ) এক স্কন্ধ, দশ আয়তন এবং পনের ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৬৫। অবিতর্ক কিন্তু বিচারযোগ্য ধর্মসমূহ, প্রীতিসহগত ধর্মসমূহ, এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত ? ( উহারা ) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৬৬। অবিতর্ক-অবিচার ধর্মসমূহ······· ······সম্প্রযুক্ত ? ( উহারা কোনটাতে সম্প্রযুক্ত ) নহে। ( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত ? ( উহারা ) কোন স্কন্ধ এবং কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু এক ধাতু হতে বিপ্রযুক্ত।

২৬৭। সুখসহগত ধর্মসমূহ এক স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। ( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা)

এক স্কন্ধ, দশ আয়তন এবং পনের ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৬৮। উপেক্ষাসহগত ধর্মসমূহ এক স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। ( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত? ( উহারা ) এক স্কন্ধ, দশ আয়তন এবং এগার ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৬৯। দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ, ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ, দর্শনের দ্বারা পরিত্যাজ্য হেতুক ধর্মসমূহ, ভাবনার দ্বারা পরিত্যাজ্য হেতুক ধর্মসমূহ, আচয়গামী অর্থাৎ জন্ম মৃত্যুর পথে প্রবর্তনকারী ধর্মসমূহ, অপচয়গামী অর্থাৎ নির্বাণের পথ-প্রবর্তনকারী ধর্মসমূহ, শৈক্ষ ধর্মসমূহ, অশৈক্ষ ধর্মসমূহ, মহদ্গত ধর্মসমূহ ............ সম্প্রযুক্ত? ( উহারা কোনটাতে সম্প্রযুক্ত ) নহে। ( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৭০। অপ্রমাণ ধর্মসমূহ, প্রণীত ধর্মসমূহ ........ সম্প্রযুক্ত? ( উহারা কোনটাতে সম্প্রযুক্ত ) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) কোন স্কন্ধ এবং কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু ছয় ধাতু হতে বিপ্রযুক্ত।

২৭১। পরিত্তারম্মণ ধর্মসমূহ ............ সম্প্রযুক্ত? ( উহারা কোনটাতে সম্প্রযুক্ত ) নহে। ( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত? ( উহারা ) এক স্কন্ধ, দশ আয়তন এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৭২। মহদ্গতারম্মণ ধর্মসমূহ, অপ্রমাণারম্মণ ধর্মসমূহ, হীন ধর্মসমূহ, মিথ্যা দৃষ্টিতে নিয়ত ধর্মসমূহ, সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মসমূহ, মার্গারম্মণ ধর্মসমূহ,

মার্গহেতুক ধর্মসমূহ, মার্গাধিপতি ধর্মসমূহ .......... সম্প্রযুক্ত? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৭৩। অপ্রমাণ ধর্মসমূহ .......... সম্প্রযুক্ত? (উহারা) কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) কোন স্কন্ধ এবং কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু পাঁচ ধাতু হতে বিপ্রযুক্ত।

২৭৪। অতীতারম্মণ ধর্মসমূহ, অনাগতারম্মণ ধর্মসমূহ .......... সম্প্রযুক্ত? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৭৫। বর্তমানারম্মণ ধর্মসমূহ, অধ্যাত্মস্থিতারম্মণ ধর্মসমূহ, বহিঃস্থিতারম্মণ ধর্মসমূহ, অধ্যাত্মস্থিত-বহিঃস্থিতারম্মণ ধর্মসমূহ .......... সম্প্রযুক্ত? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৭৬। সনিদর্শন সপ্রতিঘ ধর্মসমূহ, অনিদর্শন-সপ্রতিঘ ধর্মসমূহ.......... সম্প্রযুক্ত? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) চার স্কন্ধ, এক আয়তন এবং সাত ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

## ৬—দুক

২৭৭। হেতু ধর্মসমূহ, হেতু অথচ সহেতুক ধর্মসমূহ, হেতু অথচ হেতুসম্প্রযুক্ত ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে,

এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৭৮। সহেতুক ধর্মসমূহ, হেতুসম্প্রযুক্ত ধর্মসমূহ............ সম্প্রযুক্ত? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৭৯। সহেতুক অথচ হেতুহীন ধর্মসমূহ, হেতু-সম্প্রযুক্ত অথচ হেতুহীন ধর্মসমূহ, হেতুহীন সহেতুক ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৮০। অপ্রত্যয় ধর্মসমূহ, অসংস্কৃত ধর্মসমূহ, সনিদর্শন ধর্মসমূহ, সপ্রতিঘ ধর্মসমূহ, রূপনীয় ধর্মসমূহ ............সম্প্রযুক্ত? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) চার স্কন্ধ, এক আয়তন এবং সাত ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৮১। লোকোত্তর ধর্মসমূহ............ সম্প্রযুক্ত? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) কোন স্কন্ধ এবং কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু ছয় ধাতু হতে বিপ্রযুক্ত।

২৮২। আস্রব ধর্মসমূহ, আস্রব অথচ সাস্রব ধর্মসমূহ, আস্রব অথচ আস্রব-সম্প্রযুক্ত ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা)

কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

১৮৩। অনাস্রব ধর্মসমূহ, আস্রব বিপ্রযুক্ত ধর্মসমূহ ............ সম্প্রযুক্ত ? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা) কোন স্কন্ধ এবং কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু ছয় ধাতু হতে বিপ্রযুক্ত।

১৮৪। আস্রব সম্প্রযুক্ত ধর্মসমূহ ............ সম্প্রযুক্ত ? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

১৮৫। আস্রব সম্প্রযুক্ত অথচ আস্রবহীন ধর্মসমূহ, এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

১৮৬। সংযোজন ধর্মসমূহ, গ্রন্থি ধর্মসমূহ, ওঘ ধর্মসমূহ, যোগ ধর্মসমূহ, নীবরণ ধর্মসমূহ, পরামাস অথবা বিকৃতমত ধর্মসমূহ, বিকৃতমত অথচ বিকৃতমত বিশিষ্ট ধর্মসমূহ তিন স্কন্ধে এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

১৮৭। অবিকৃতমত বিশিষ্ট ধর্মসমূহ, বিকৃতমত বিপ্রযুক্ত অবিকৃতমত বিশিষ্ট ধর্মসমূহ ............ সম্প্রযুক্ত ? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে।

( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত ? ( উহারা ) কোন স্কন্ধ ও কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু ছয় ধাতু হতে বিপ্রযুক্ত।

২৮৮। বিতর্কমাত্র সম্প্রযুক্ত ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। ( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত ? ( উহারা ) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৮৯। সারম্মণ ধর্মসমূহ ······· সম্প্রযুক্ত। ( উহারা কোনটাতে সম্প্রযুক্ত ) নহে। ( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৯০। অনারম্মণ ধর্মসমূহ, চিত্ত বিপ্রযুক্ত ধর্মসমূহ, চিত্ত সংযুক্ত ধর্মসমূহ উপাদা ধর্মসমূহ ······ সম্প্রযুক্ত ? ( উহারা কোনটাতে সম্প্রযুক্ত ) নহে। ( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা) চার স্কন্ধ, এক আয়তন এবং সাত ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৯১। চিত্ত ধর্মসমূহ তিন স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৯২। চৈতসিক ধর্মসমূহ, চিত্তসম্প্রযুক্ত ধর্মসমূহ, চিত্তসংযুক্ত ধর্মসমূহ, চিত্তসংযুক্ত-সমুত্থিত ধর্মসমূহ, চিত্ত-সংযুক্ত-সমুত্থিত-সহউৎপন্ন ধর্মসমূহ, চিত্তসংযুক্ত সমুত্থিত-অনুপরিবর্তী ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে সম্প্রযুক্ত। ( উহারা ) কত প্রকারে বিপ্রযুক্ত ? ( উহারা ) এক স্কন্ধ, দশ আয়তন এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৯৩। অনুৎপাদিত ধর্মসমূহ ……………… সম্প্রযুক্ত? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) কোন স্কন্ধ ও কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু পাঁচ ধাতু হতে বিপ্রযুক্ত।

২৯৪। উপাদান ধর্মসমূহ, ক্লেশ ধর্মসমূহ, ক্লেশ অথচ সংক্লেশিক ধর্মসমূহ, ক্লেশ অথচ সংক্লিষ্ট ধর্মসমূহ, ক্লেশ অথচ ক্লেশসম্প্রযুক্ত ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন ও ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৯৫। অসংক্লেশিক ধর্মসমূহ, ক্লেশবিপ্রযুক্ত অসংক্লেশিক ধর্মসমূহ ……………… সম্প্রযুক্ত? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) কোন স্কন্ধ এবং কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু ছয় ধাতু হতে বিপ্রযুক্ত।

২৯৬। সংক্লিষ্ট ধর্মসমূহ, ক্লেশসম্প্রযুক্ত ধর্মসমূহ ……………… সম্প্রযুক্ত? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৯৭। সংক্লিষ্ট অথচ ক্লেশহীন ধর্মসমূহ, ক্লেশ-সম্প্রযুক্ত অথচ ক্লেশহীন ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৯৮। দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ, ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মসমূহ, দর্শনের দ্বারা পরিত্যাজ্য হেতুক ধর্মসমূহ, ভাবনার দ্বারা পরিত্যাজ্য হেতুক

ধর্মসমূহ.......... ....সম্প্রযুক্ত ? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত ) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

২৯৯। সবিতর্ক ধর্মসমূহ, সবিচার ধর্মসমূহ, এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন ও পনের ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩০০। অবিতর্ক ধর্মসমূহ, অবিচার ধর্মসমূহ .......... সম্প্রযুক্ত ? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত ) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা) কোন স্কন্ধ এবং কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু এক ধাতু হতে বিপ্রযুক্ত।

৩০১। সপ্রীতি ধর্মসমূহ, প্রীতিসহগত ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩০২। সুখসহগত ধর্মসমূহ এক স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং পনের ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩০৩। উপেক্ষা সহগত ধর্মসমূহ এক স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং এগার ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩০৪। কামাবচর নহে ধর্মসমূহ, অপর্য্যাপন্ন ধর্মসমূহ, অনুত্তর ধর্মসমূহ ............সম্প্রযুক্ত ? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা) কোন স্কন্ধ এবং কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু ছয় ধাতু হতে বিপ্রযুক্ত।

৩০৫। রূপাবচর ধর্মসমূহ, অরূপাবচর ধর্মসমূহ নির্য্যানিক ধর্মসমূহ, নিয়ত ধর্মসমূহ, অনুত্তর ধর্মসমূহ কত স্কন্ধে, কত আয়তনে এবং ধাতুতে সম্প্রযুক্ত ? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে। (উহারা) কত প্রকারে বিপ্রযুক্ত ? (উহারা) এক স্কন্ধ, দশ আয়তন এবং ষোল ধাতুতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

## *স্মারক গাথা*

ধর্মায়তন, ধর্মধাতু, দুঃখসত্য, জীবিতেন্দ্রিয়,
ষড়ায়তন, নামরূপ, চার মহাভব ধরা হয়।
জাতি ও জরামরণ একোন বিশ ত্রিক,
পঞ্চাশ গুচ্ছক, আট ক্ষুদ্র-অন্তর্গত দ্বিক।
পনের মহান্তর অন্তর্গত, আঠার পৃষ্ঠ দ্বিক হতে,
একশত তেইশ ধর্ম বাদ গেল এ গণনাতে।

৬। সম্প্রযোগ এবং বিপ্রযোগ পদনির্দ্দেশ *
৬ষ্ঠ পরিচ্ছেদ সমাপ্ত

---

* ধাতুকথা প্রকরণ অর্থকথায় উল্লেখ আছে—
"একুপ্পাদ-একনিরোধ-একবত্থুক-একারম্মণ বসেন সম্পযোগো, তপ্পটিপক্খতো বিপ্পযোগ।"

"(১) একই সাথে উৎপত্তি, (২) একই সাথে নিরোধ, (৩) এক বিষয় ভিত্তি এবং (৪) একই আলম্বন বশতঃ সম্প্রযোগ এবং উহাদের প্রতিপক্ষ

বিপ্রযোগ।" ধাতুকথা গ্রন্থে স্কন্ধ, আয়তন এবং ধাতুর সহিত সম্প্রযুক্ত, এবং বিপ্রযুক্ত বিষয়গুলি আলোচিত হয়েছে। এই আলোচনায় মোট ১২৫টি বিষয় আছে, তন্মধ্যে ২২টি অভিধর্ম মাতিকার অন্তর্গত এবং ১০৩টি বাহ্যিক মাতিকার অন্তর্গত।

পট্ঠান গ্রন্থে সম্প্রযোগ প্রত্যয় মতে কেবলমাত্র বেদনা, সংজ্ঞা, সংস্কার এবং বিজ্ঞান প্রভৃতি চার অরূপ স্কন্ধ একই আবর্তনে একই সময়ে পরস্পর সম্প্রযুক্ত। ধাতুকথা গ্রন্থে রূপস্কন্ধ চার অরূপস্কন্ধ হতে বিপ্রযুক্ত এবং নির্বাণ ও চার অরূপস্কন্ধ হতে বিপ্রযুক্ত। সুতরাং চার অরূপস্কন্ধ রূপস্কন্ধ ও নির্বাণ হতে বিপ্রযুক্ত। কিন্তু পট্ঠান মতে রূপস্কন্ধ অরূপস্কন্ধ হতে বিপ্রযুক্ত এবং অরূপস্কন্ধ রূপস্কন্ধ হতে বিপ্রযুক্ত। এই ভিত্তিতে এখানে ২৫০টা বিষয় আলোচিত হয়েছে।

আংশিক সম্প্রযোগ ও আংশিক বিপ্রযোগ—যখন কোন অরূপস্কন্ধ আলোচনায় আসে তখন সম্প্রযুক্ত বিষয়সমূহ ধর্মায়তনের চৈতসিক ধর্মে পড়ে। সুতরাং অরূপস্কন্ধটি এই আয়তনের সহিত আংশিকভাবে সম্প্রযুক্ত হয়। অন্য দিকে, বিপ্রযুক্ত বিষয়সমূহ ধর্মায়তনের রূপস্কন্ধ এবং নির্বাণে পড়ে এবং উহারা এই আয়তন হতে আংশিকভাবে বিপ্রযুক্ত হয়। যদি আলোচ্য বিষয় সংস্কার স্কন্ধের অংশ হয়, উহা ধর্মায়তনের সংস্কার স্কন্ধের সহিত সম্প্রযুক্ত হয়। সুতরাং উহা এই আয়তনে আংশিকভাবে সম্প্রযুক্ত হয়। যদি রূপস্কন্ধ এবং নির্বাণ আলোচ্য বিষয় হয়, তবে উহারা সম্প্রযুক্ত হয়না কিন্তু উহারা ধর্মায়তনের চৈতসিক হতে বিপ্রযোগ হয়। সুতরাং উহারা এই আয়তন হতে আংশিকভাবে বিপ্রযুক্ত। বিস্তারিত আলোচনার জন্য পরিশিষ্টে ধাতু প্রকরণ অর্থকথা দ্রষ্টব্য।

# সপ্তম পরিচ্ছেদ

## ৭। সম্প্রযুক্ত এবং বিপ্রযুক্ত পদনির্দেশ

( ১১টা প্রশ্ন ও উত্তর )

৩০৬। বেদনাস্কন্ধ যে ধর্মসমূহে, সংজ্ঞাস্কন্ধ যে ধর্মসমূহে, সংস্কারস্কন্ধ যে ধর্মসমূহে, বিজ্ঞানস্কন্ধ যে ধর্মসমূহে, মনায়তন যে ধর্মসমূহে, মনায়তন যে ধর্মসমূহে সম্প্রযুক্ত, সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত, সে ধর্মসমূহ কত স্কন্ধ, কত আয়তন এবং কত ধাতু হতে বিপ্রযুক্ত? সে ধর্মসমূহ চার স্কন্ধ, এক আয়তন এবং সাত ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩০৭। চক্ষুবিজ্ঞান ধাতু যে ধর্মসমূহে '' '' মনোধাতু, মনোবিজ্ঞান ধাতু যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সে ধর্মসমূহ কোন স্কন্ধ ও কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু এক ধাতু হতে বিপ্রযুক্ত।

৩০৮। মনেন্দ্রিয় যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সে ধর্মসমূহ চার স্কন্ধ, এক আয়তন এবং সাত ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩০৯। উপেক্ষেন্দ্রিয় যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত, সে ধর্মসমূহ কোন স্কন্ধ ও কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে, কিন্তু পাঁচ ধাতু হতে বিপ্রযুক্ত।

৩১০। সংস্কারের প্রত্যয়ে বিজ্ঞান, ষড়ায়তনের প্রত্যয়ে স্পর্শ, স্পর্শের প্রত্যয়ে বেদনা, স্পর্শ, বেদনা, সংজ্ঞা, চেতনা, চিত্ত, মনস্কার, যে ধর্মসমূহে সম্প্রযুক্ত, সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সে ধর্মসমূহ চার স্কন্ধ, এক

আয়তন এবং সাত ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩১১। অধিমোক্ষ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সে ধর্মসমূহ কোন স্কন্ধ ও কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে, কিন্তু এক ধাতু হতে বিপ্রযুক্ত।

৩১২। অদুঃখাসুখানুভব সম্প্রযুক্ত ধর্মসমূহ যে ধর্মসমূহে উপেক্ষাসহগত ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সে ধর্মসমূহ কোন স্কন্ধ ও কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে, কিন্তু পাঁচ ধাতু হতে বিপ্রযুক্ত।

৩১৩। সবিতর্ক সবিচার ধর্মসমূহ যে ধর্মসমূহে, সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে হতে বিপ্রযুক্ত সে ধর্মসমূহ কোন স্কন্ধ ও কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে, কিন্তু এক ধাতু হতে বিপ্রযুক্ত।

৩১৪। চিত্ত ধর্মসমূহ যে ধর্মসমূহে, চৈতসিক ধর্মসমূহ যে ধর্মসমূহে, চিত্ত-সম্প্রযুক্ত ধর্মসমূহ যে ধর্মসমূহে, চিত্তসংযুক্ত ধর্মসমূহ যে ধর্মসমূহে, চিত্তসংযুক্ত-সমুত্থিত ধর্মসমূহ যে ধর্মসমূহে, চিত্তসংযুক্ত-সমুত্থিত-সহ-উৎপন্ন ধর্মসমূহ যে ধর্মসমূহে, চিত্তসংযুক্ত সমুত্থিত-অনুপরিবর্তী ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সে ধর্মসমূহ চার স্কন্ধ, এক আয়তন এবং সাত ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিক-ভাবে বিপ্রযুক্ত।

৩১৫। সবিতর্ক ধর্মসমূহ যে ধর্মসমূহে, সবিচার ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সে ধর্মসমূহ কোন স্কন্ধ ও কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে, কিন্তু এক ধাতু হতে বিপ্রযুক্ত।

৩১৬। উপেক্ষাসংগত ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সে ধর্মসমূহ কত স্কন্ধ, কত আয়তন এবং কত ধাতু হতে বিপ্রযুক্ত ; সে ধর্মসমূহ কোন স্কন্ধ ও কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে, কিন্তু পাঁচ ধাতু হতে বিপ্রযুক্ত।

## স্মারক গাথা

স্কন্ধ চার, এক আয়তন নিয়ে,
ধাতু সাত এবং দুই ইন্দ্রিয়ে ;
তিন প্রতীত্য আরও পাঁচ স্পর্শ,
তিন ত্রিক, মন আর অধিমোক্ষ।
সাত বৃহতের অন্তর্গত গুচ্ছক,
সবিতর্ক-সবিচার সম্প্রযুক্ত ;
মনোধাতু সম্প্রযুক্ত, উপেক্ষা তিন,
এই পরিচ্ছেদে সাইত্রিশ ধরে নিন।

৭। সম্প্রযুক্ত এবং বিপ্রযুক্ত পদনির্দেশ **
সপ্তম পরিচ্ছেদ সমাপ্ত।

---

** এখানে যে ধর্মসমূহ আলোচ্য ধর্মের সহিত সম্প্রযুক্ত, সেই ধর্মসমূহের বিপ্রযোগ সম্বন্ধে আলোচনা হয়েছে। আলোচ্য বিষয়ের বিষয়বস্তু হল চৈতসিক ধর্মসমূহের মধ্যে (১) যেগুলি সাত বিজ্ঞান ধাতুর সহিত সম্প্রযুক্ত এবং (২) উভয় মনোধাতু ও মনোবিজ্ঞান ধাতুর সহিত সম্প্রযুক্ত অথবা শুদ্ধ বিজ্ঞানস্কন্ধ। আলোচ্য ধর্মসমূহের সংখ্যা ৩৭টা, তন্মধ্যে ২৪টা অভ্যন্তর মাতিকা এবং ১৩টা বাহির মাতিকা। বাকী ৩৩৪টি বিষয় আলোচ্য বিষয় হতে বাদ গেছে। কারণ আলোচ্য বিষয়ের উহাদের কোন সম্পর্ক নেই—যেমন রূপস্কন্ধের সহিত আলোচ্য বিষয়ে সম্পর্ক নেই।

# অষ্টম পরিচ্ছেদ

## ৮। বিপ্রযুক্ত এবং সম্প্রযুক্ত পদনির্দেশ

### (২টা প্রশ্ন ও উত্তর)

৩১৭। রূপস্কন্ধ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সে ধর্মসমূহ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে সম্প্রযুক্ত? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে।

৩১৮। বেদনাস্কন্ধ যে ধর্মসমূহ হতে, সংজ্ঞাস্কন্ধ যে ধর্মসমূহ হতে, সংস্কার-স্কন্ধ যে ধর্মসমূহ হতে, বিজ্ঞানস্কন্ধ যে ধর্মসমূহ হতে ............... রণযুক্ত ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে, রণহীন ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সে ধর্মসমূহ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে সম্প্রযুক্ত? (উহারা কোনটাতে সম্প্রযুক্ত) নহে।

### স্মারক গাথা

ধর্মায়তন, ধর্মধাতু, তৎপর নামরূপ জীবিতেন্দ্রিয়,
ষড়ায়তন, জাতিজরামরণ, এই তিক বাদ দিতে হয়।
ক্ষুদ্র সাত, দশ গুচ্ছ বৃহৎ চৌদ্দ ও সাতচল্লিশ বাদ;
এই নঞর্থক পরিচ্ছেদের মত চৌদ্দ পরিচ্ছেদ।

৮। বিপ্রযুক্ত ও সম্প্রযুক্ত পদনির্দেশ **

অষ্টম পরিচ্ছেদ সমাপ্ত।

---

** এখানে যে ধর্মসমূহ আলোচ্য ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত, সেই ধর্মসমূহের সম্প্রযোগ আলোচিত হয়েছে। আলোচ্য বিষয়গুলি হল

স্কন্ধরূপ, নির্বাণ এবং অরূপস্কন্ধ এবং যে ধর্মসমূহের সহিত রূপারূপ জড়িত কিন্তু বিপ্রযুক্ত, সে ধর্মসমূহ। ধাতুকথার মোট আলোচ্য বিষয়ের ৩২৪টা বিষয়ে উপরিউক্ত বিষয়ে প্রযোজ্য এবং ৪৭টা বিষয়ে প্রযোজ্য নহে। ৩২৪টা বিষয়ের মধ্যে ৯৭টা বিষয় অভ্যন্তর মাতিকার এবং ২২৭টা বিষয় বাহির মাতিকার অন্তর্গত। এখানে একটা লক্ষণীয় বিষয় এই সকল বিষয়ের প্রশ্নোত্তর নাস্তিসূচক। তাই যেহেতু বিপ্রযুক্ত বিষয় অন্য বিষয়ের সহিত সম্প্রযুক্ত নহে সেহেতু সম্প্রযুক্ত বিষয়ের দ্বিত্ব নেই।

## নবম পরিচ্ছেদ

### ৯। সম্প্রযুক্ত এবং সম্প্রযুক্ত পদনির্দেশ

(৩৪টা প্রশ্ন ও উত্তর)

৩১৯। বেদনাস্কন্ধ যে ধর্মসমূহে, সংজ্ঞাস্কন্ধ যে ধর্মসমূহে, সংস্কারস্কন্ধ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত, সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত, সে ধর্মসমূহ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে সম্প্রযুক্ত? সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে সম্প্রযুক্ত এবং এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩২০। বিজ্ঞানস্কন্ধ যে ধর্মসমূহে, মনায়তন যে ধর্মসমূহে, চক্ষুবিজ্ঞান যে ধর্মসমূহে ........... মনোধাতু যে ধর্মসমূহে, মনোবিজ্ঞান ধাতু যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ........... সে ধর্মসমূহ তিন স্কন্ধে, সম্প্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩২১। সমুদয়সত্য যে ধর্মসমূহে, মার্গসত্য যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ..... সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধ, এক আয়তন ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩২২। মনেন্দ্রিয় যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ........... সে ধর্মসমূহ তিন স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩২৩। সুখেন্দ্রিয় যে ধর্মসমূহে, দুঃখেন্দ্রিয় যে ধর্মসমূহে, সৌমনস্যেন্দ্রিয় যে ধর্মসমূহে, দৌর্মনস্যেন্দ্রিয় যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ............... সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক আয়তন এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩২৪। উপেক্ষেন্দ্রিয় যে ধর্মসমূহে সম্প্রযুক্ত, সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ........ সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এবং ছয় ধাতুতে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩২৫। শ্রদ্ধেন্দ্রিয় যে ধর্মসমূহে বীর্যেন্দ্রিয় যে ধর্মসমূহে, স্মৃতীন্দ্রিয় যে ধর্মসমূহে, সমাধীন্দ্রিয় যে ধর্মসমূহে, প্রজ্ঞেন্দ্রিয় যে ধর্মসমূহে, অজ্ঞাত-জ্ঞাতার্থীন্দ্রিয় যে ধর্মসমূহে, লোকোত্তর জ্ঞানেন্দ্রিয় যে ধর্মসমূহে, লোকোত্তর জ্ঞানীন্দ্রিয় যে ধর্মসমূহে, অবিদ্যা যে ধর্মসমূহে, অবিদ্যার প্রত্যয়ে সংস্কার যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত .......... সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩২৬। সংস্কারের প্রত্যয়েবিজ্ঞান যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ........ সে ধর্মসমূহ তিন স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩২৭। ষড়ায়তনের প্রত্যয়ে স্পর্শ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ........ সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩২৮। স্পর্শের প্রত্যয়ে বেদনা যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ........ সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে সম্প্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩২৯। বেদনার প্রত্যয়ে তৃষ্ণা, তৃষ্ণার প্রত্যয়ে উপাদান, কর্মভব যে ধর্ম-সমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ..........সে ধর্ম-

সমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং আংশিক-ভাবে এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত।

৩৩০। শোক যে ধর্মসমূহে, দুঃখ যে ধর্মসমূহে, দৌর্মনস্য যে ধর্মসমূহে, সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত.........সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৩১। উপায়াস যে ধর্মসমূহে, স্মৃতি-প্রস্থান যে ধর্মসমূহে, সম্যক প্রধান যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত.........সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৩২। ঋদ্ধিপাদ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত.........সে ধর্মসমূহ দুই স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৩৩। ধ্যান যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত.........সে ধর্মসমূহ দুই স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৩৪। অপ্রমেয় যে ধর্মসমূহে, পঞ্চেন্দ্রিয় যে ধর্মসমূহে, পঞ্চবল যে ধর্মসমূহে, সাত বোধ্যঙ্গ যে ধর্মসমূহে, আর্য অষ্টাঙ্গিক মার্গ যে ধর্মসমূহে, সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত.........সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৩৫। স্পর্শ যে ধর্মসমূহে, চেতনা যে ধর্মসমূহে, মনস্কার যে ধর্মসমূহে

সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ·········· সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৩৬। বেদনা যে ধর্মসমূহে, সংজ্ঞা যে ধর্মসমূহে, সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ·········· সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে ও সাত ধাতুতে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৩৭। চিত্ত যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ·········· সে ধর্মসমূহ তিন স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৩৮। অধিমোক্ষ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ·········· সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এবং দুই ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

## ১। তিক

৩৩৯। সুখানুভব সম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, দুঃখানুভব সম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, অদুঃখাসুখানুভব সম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ·········· সে ধর্মসমূহ এক স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৪০। সবিতর্ক-সবিচার ধর্ম যে ধর্মসমূহে, অবিতর্ক বিচারযোগ্য ধর্ম যে ধর্মসমূহে, প্রীতিসহগত ধর্ম যে ধর্মসমূহে, সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ·········· সে ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৪১। সুখসহগত ধর্ম যে ধর্মসমূহে, উপেক্ষাসহগত ধর্ম যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত.........সে ধর্মসমূহ এক স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

## ২। দুক

৩৪২। হেতু ধর্ম যে ধর্মসমূহে, হেতু অথচ সহেতুক ধর্ম যে ধর্মসমূহে, হে অথচ হেতুসম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত.........সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে সপ্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৪৩। সহেতুক অথচ হেতুহীন ধর্ম যে ধর্মসমূহে, হেতুসম্প্রযুক্ত অথচ হেতুহীন ধর্ম যে ধর্মসমূহে, হেতুহীন সহেতুক ধর্ম যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত.........সে ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৪৪। আস্রব ধর্ম যে ধর্মসমূহে, আস্রব অথচ সাস্রবধর্ম যে ধর্মসমূহে, আস্রব অথচ আস্রব সম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত.........সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে সম্পযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৪৫। আস্রবসম্প্রযুক্ত অথচ আস্রবহীন ধর্ম যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত.........সে ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৪৬। সংযোজন ধর্ম, গ্রন্থি ধর্ম, ওঘ ধর্ম, যোগধর্ম, নীবরণ ধর্ম এবং বিকৃতমত ধর্ম যে ধর্মসমূহে ও বিকৃতমত অথচ বিকৃতমতাবলম্বন ধর্ম যে

ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ………… সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৪৭। বিকৃতমতসম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ………… সে ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৪৮। চিত্ত ধর্ম যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ………… সে ধর্মসমূহ তিন স্কন্ধে সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৪৯। চৈতসিক ধর্ম যে ধর্মসমূহে, চিত্তসম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, চিত্ত-সংযুক্ত ধর্ম যে ধর্মসমূহে, চিত্তসংযুক্ত-সমুত্থিত ধর্ম যে ধর্মসমূহে, চিত্তসংযুক্ত-সমুত্থিত-সহ উৎপন্ন ধর্ম যে ধর্মসমূহে, চিত্তসংযুক্ত-সমুত্থিত-অনুপরিবর্তী ধর্ম যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ………… সে ধর্ম-সমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং সাত ধাতুতে সম্প্রযুক্ত।

৩৫০। উপাদান ধর্ম যে ধর্মসমূহে, ক্লেশ ধর্ম যে ধর্মসমূহে, ক্লেশ অথচ সংক্লেশিক ধর্ম যে ধর্মসমূহে, ক্লেশ অথচ সংক্লিষ্ট ধর্ম যে ধর্মসমূহে, ক্লেশ অথচ ক্লেশসম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত ………… সে ধর্মসমূহ তিন স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে সম্প্রযুক্ত এবং এক স্কন্ধে, এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩৫১। সাংক্লেশিক অথচ ক্লেশবিহীন ধর্ম যে ধর্মসমূহে, ক্লেশসম্প্রযুক্ত অথচ ক্লেশহীন ধর্ম যে ধর্মসমূহে, সবিতর্ক ধর্ম যে ধর্মসমূহে, সবিচার ধর্ম যে ধর্ম-সমূহে, সপ্রীতি ধর্ম যে ধর্মসমূহে, প্রীতিসহগত ধর্ম যে ধর্মসমূহে, সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে, সম্প্রযুক্ত ………… সে ধর্ম ধর্মসমূহ এক স্কন্ধে, এক আয়তনে এবং এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

৩১২। সুখসহগত ধর্ম যে ধর্মসমূহে, উপেক্ষাসহগত ধর্ম যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহে সম্প্রযুক্ত সে ধর্মসমূহ কত স্কন্ধে, কত আয়তনে এবং কত ধাতুতে সম্প্রযুক্ত? সে ধর্মসমূহ এক স্কন্ধে, সম্প্রযুক্ত এবং এক আয়তনে ও এক ধাতুতে আংশিকভাবে সম্প্রযুক্ত।

## স্মারক গাথা

অরূপস্কন্ধ চার, এক মনায়তনের,
সাত বিজ্ঞানধাতু, দুই সত্য, চৌদ্দ ইন্দ্রিয়।
বার প্রতীত্যসমুৎপাদ, তারপর ষোল,
আট ত্রিক এবং তেতাল্লিশ গুচ্ছ ধরল।
এইরূপ এক সাত, ছয় গুচ্ছ পূর্ণ,
নয় পরিচ্ছেদে, মোট ধর্ম সাতবিংশ।

৯। সম্প্রযুক্ত ও সম্প্রযুক্ত পদনির্দেশ **

নবম পরিচ্ছেদ সমাপ্ত

---

** এই পরিচ্ছেদে একই সাথে উৎপত্তি, একই সাথে বিলয়, একই বিষয় ভিত্তিক এবং এক বস্তুসংযুক্ত চার সম্প্রযুক্ত বিষয়ের আলোচনা হয়েছে। যেহেতু নির্বাণ ও রূপরূপ অরূপ স্কন্ধ এবং নির্বাণের সহিত সম্পর্কযুক্ত সেহেতু ২৫১টা বিষয় এই আলোচনা হতে বাদ দেওয়া হয়েছে।

এই পরিচ্ছেদের আলোচ্য বিষয় ১২০টা, তৎমধ্যে ৫৬টা অভিধর্ম মাতিকা এবং ৬৪টা বাহির মাতিকা। অরূপস্কন্ধের অংশ বিষয় এসেছে। সম্প্রযুক্ত বিষয়ের দুই দিক আলোচিত হয়েছে—

(১) জ্ঞাতব্য বিষয় এবং তুলনার বিষয় আলোচনা এবং (২) যখন উহাদের মধ্যে পরস্পর পরিবর্তিত হয়েছে, উহাদের আলোচনা।

# দশম পরিচ্ছেদ

## ১০। বিপ্রযুক্ত এবং বিপ্রযুক্ত পদনির্দ্দেশ

### (৫৬টা প্রশ্ন ও উত্তর)

৩৫৩। রূপস্কন্ধ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত, সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সে ধর্মসমূহ কত স্কন্ধ হতে, কত আয়তন হতে এবং কত ধাতু হতে বিপ্রযুক্ত? সে ধর্মসমূহ চার স্কন্ধ হতে, এক আয়তন হতে এবং সাত ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৫৪। বেদনাস্কন্ধ যে ধর্মসমূহ হতে, সংজ্ঞাস্কন্ধ যে ধর্মসমূহ হতে, সংস্কারস্কন্ধ যে ধর্মসমূহ হতে, বিজ্ঞানস্কন্ধ যে ধর্মসমূহ হতে, মনায়তন যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ............ সে ধর্মসমূহ একস্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৫৫। চক্ষু-আয়তন যে ধর্মসমূহ হতে ............ স্প্রষ্টব্যায়তন যে ধর্মসমূহ হতে, চক্ষুধাতু যে ধর্মসমূহ হতে ............ স্প্রষ্টব্যধাতু যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ............ সে ধর্মসমূহ চার স্কন্ধ হতে, এক আয়তন হতে এবং সাত ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৫৬। চক্ষুবিজ্ঞান ধাতু যে ধর্মসমূহ হতে ............ মনোবিজ্ঞান ধাতু যে ধর্মসমূহ হতে, সমুদয়সত্য যে ধর্মসমূহ হতে, মার্গসত্য যে ধর্মসমূহ হতে, বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ............ সে ধর্মসমূহ এক

স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৫৭। নিরোধসত্য যে ধর্মসমূহ হতে, চক্ষু-ইন্দ্রিয় যে ধর্মসমূহ ......... কায়েন্দ্রিয় যে ধর্মসমূহ স্ত্রী-ইন্দ্রিয় যে ধর্মসমূহ হতে পুরুষেন্দ্রিয় যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ............ সে ধর্মসমূহ চার স্কন্ধ হতে, এক আয়তন হতে এবং সাত ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৫৮। মনেন্দ্রিয় যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত............ সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৫৯। সুখেন্দ্রিয় যে ধর্মসমূহ হতে দুঃখেন্দ্রিয় যে ধর্মসমূহ, সৌমনস্যেন্দ্রিয় সে ধর্মসমূহ হতে, দৌর্মনস্যেন্দ্রিয় যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ...... সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৬০। উপেক্ষেন্দ্রিয় যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত............ সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং এগার ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৬১। শ্রদ্ধেন্দ্রিয় যে ধর্মসমূহ হতে, বীর্যেন্দ্রিয় যে ধর্মসমূহ হতে, স্মৃতীন্দ্রিয় যে ধর্মসমূহ হতে, সমাধীন্দ্রিয় যে ধর্মসমূহ হতে, প্রজ্ঞেন্দ্রিয় যে ধর্মসমূহ হতে, অজ্ঞাত-জ্ঞাতার্থীন্দ্রিয় যে ধর্মসমূহ হতে, লোকোত্তর জ্ঞানেন্দ্রিয় যে

ধর্মসমূহ হতে, অবিদ্যা যে ধর্মসমূহ হতে, অবিদ্যার প্রত্যয়ে সংস্কার যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ………… যে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৬২। সংস্কারের প্রত্যয়ে বিজ্ঞান যে ধর্মসমূহ হতে, ষড়ায়তনের প্রত্যয়ে স্পর্শ যে ধর্মসমূহ হতে, স্পর্শের প্রত্যয়ে বেদনা যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ………… সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৬৩। বেদনার প্রত্যয়ে তৃষ্ণা যে ধর্মসমূহ হতে তৃষ্ণার প্রত্যয়ে উপাদান যে ধর্মসমূহ হতে, কর্মভব যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ………… সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৬৪। রূপভব যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত………… সে ধর্মসমূহ কোন স্কন্ধ হতে এবং কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু তিন ধাতু হতে বিপ্রযুক্ত।

৩৬৫। অসংজ্ঞাভব যে ধর্মসমূহ হতে, একবোকারভব যে ধর্মসমূহ হতে, পরিদেবন যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ………… সে ধর্মসমূহ চার স্কন্ধ হতে, এক আয়তন হতে এবং সাত ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে এবং এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৬৬। অরূপভব যে ধর্মসমূহ হতে, নৈবসংজ্ঞা নাসংজ্ঞাভব যে ধর্মসমূহ হতে, চারবোকারভব যে ধর্মসমূহ হতে, শোক যে ধর্মসমূহ হতে, দুঃখ যে ধর্মসমূহ হতে

দৌর্মনস্য যে ধর্মসমূহ হতে, উপায়াস যে ধর্মসমূহ হতে, স্মৃতি-প্রস্থান যে ধর্মসমূহ হতে, সম্যক প্রধান যে ধর্মসমূহ হতে, ঋদ্ধিপাদ যে ধর্মসমূহ হতে, ধ্যান যে ধর্মসমূহ হতে, অপ্রমেয় যে ধর্মসমূহ হতে, পঞ্চেন্দ্রিয় যে ধর্মসমূহ হতে, পঞ্চবল যে ধর্মসমূহ হতে, সাত বোধ্যঙ্গ যে ধর্মসমূহ হতে, আর্য অষ্টাঙ্গিক মার্গ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত............সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৬৭। স্পর্শ যে ধর্মসমূহ, বেদনা যে ধর্মসমূহ হতে, সংজ্ঞা যে ধর্মসমূহ হতে, চেতনা যে ধর্মসমূহ হতে, চিত্ত যে ধর্মসমূহ হতে, মনস্কার যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত............সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৬৮। অধিমোক্ষ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত............সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং পনের ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

## ১। ত্রিক

৩৬৯। কুশল ধর্ম যে ধর্মসমূহ হতে, অকুশল ধর্ম যে ধর্মসমূহ হতে, বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত............সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৭০। সুখানুভব সম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহ হতে, দুঃখানুভব সম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহ হতে, বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত............

সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং পনের ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৭১। অদুঃখাসুখানুভব সম্প্রযুক্ত ধর্ম যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ..........সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন এবং এগার ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৭২। বিপাক ধর্ম যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত .......... সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৭৩। বিপাকধর্ম ধর্ম যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ..........সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৭৪। নৈববিপাক-নাবিপাকধর্ম ধর্ম যে ধর্মসমূহ হতে, অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ..........সে ধর্মসমূহ কোন স্কন্ধ হতে ও কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু পাঁচ ধাতু হতে বিপ্রযুক্ত।

৩৭৫। অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম যে ধর্মসমূহ হতে, অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ..........সে ধর্মসমূহ কোন স্কন্ধ হতে এবং কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু ছয় ধাতু হতে বিপ্রযুক্ত।

৩৭৬। সবিতর্ক-সবিচার ধর্ম যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ..........সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং পনের হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৭৭। অবিতর্ক বিচারযোগ্য ধর্ম যে ধর্মসমূহ হতে, প্রীতিসহগত ধর্ম যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ·········· সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৭৮। অবিতর্ক-অবিচার ধর্ম যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ·········· সে ধর্মসমূহ কোন স্কন্ধ হতে এবং কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু এক ধাতু হতে বিপ্রযুক্ত।

৩৭৯। সুখসহগত ধর্ম যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ·········· সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং পনের ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৮০। উপেক্ষাসহগত ধর্ম যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ·········· সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং এগার ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৮১। দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম যে ধর্মসমূহ হতে,ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম যে ধর্মসমূহ হতে, দর্শনের দ্বারা পরিত্যাজ্য হেতুক ধর্ম যে ধর্মসমূহ হতে, ভাবনার দ্বারা পরিত্যাজ্য হেতুক ধর্ম যে ধর্মসমূহ হতে, আচয়গামী অর্থাৎ জন্ম মৃত্যু পথে আয়তনশীল ধর্ম যে ধর্মসমূহ হতে, অপচয়গামী অর্থাৎ নির্বাণ পথে প্রবর্তনশীল ধর্ম যে ধর্মসমূহ হতে, শৈক্ষ্য ধর্ম যে ধর্মসমূহ হতে, অশৈক্ষ্যধর্ম যে ধর্মসমূহ হতে, মহদগত ধর্ম যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ·········· সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৮২। অপ্রমাণ ধর্ম যে ধর্মসমূহ হতে, প্রণীত ধর্ম যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ...... ...... সে ধর্মসমূহ কোন স্কন্ধ হতে ও কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু ছয় ধাতু হতে বিপ্রযুক্ত।

৩৮৩। পরিত্তারম্মণ ধর্ম যে ধর্মসমূহ হতে, বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ...... সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৮৪। মহদ্গতারম্মণ ধর্ম যে ধর্মসমূহ হতে, অপ্রমাণারম্মণ ধর্ম যে ধর্মসমূহ হতে, হীনধর্ম যে ধর্মসমূহ হতে, মিথ্যা দৃষ্টিতে নিয়তধর্ম যে ধর্মসমূহ হতে, সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম যে ধর্মসমূহ হতে, মার্গারম্মণ ধর্ম যে ধর্মসমূহ হতে, মার্গহেতুক ধর্ম যে ধর্মসমূহ হতে, মার্গাধিপতি ধর্ম যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ...... সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৮৫। অনুৎপন্নধর্ম যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ...... সে ধর্মসমূহ কোন স্কন্ধ হতে এবং কোন আয়তন হতে বিপ্রযুক্ত নহে কিন্তু পাঁচ ধাতু হতে বিপ্রযুক্ত।

৩৮৬। অতীতারম্মণ ধর্ম যে ধর্মসমূহ হতে, অনাগতারম্মণ ধর্ম যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত ...... সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং ষোল ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

৩৮৭। বর্তমানারম্মণ ধর্ম যে ধর্মসমূহ হতে, অন্তঃস্থিতারম্মণ ধর্ম যে ধর্মসমূহ হতে, বহিঃস্থিতারম্মণ ধর্ম যে ধর্মসমূহ হতে, অন্তঃস্থিতবহিঃস্থিত-

আরম্মণ ধর্ম যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত সেই ধর্মসমূহ যে ধর্মসমূহ হতে বিপ্রযুক্ত............সে ধর্মসমূহ এক স্কন্ধ হতে, দশ আয়তন হতে এবং দশ ধাতু হতে বিপ্রযুক্ত এবং এক আয়তন হতে ও এক ধাতু হতে আংশিকভাবে বিপ্রযুক্ত।

